Visit Our Website: all.talukdaracademy.com.bd

প্রশ্নের ধরন অনুযায়ী অধ্যায়ভিত্তিক অনুশীলন

# বহুনির্বাচনি প্রশ্নোত্তর

এ অংশের শুরুতেই সকল অধ্যায় থেকে বাছাইকৃত সবচেয়ে গুরুত্বপূর্ণ তথ্যগুলো বিষয়বস্তুর ধারাক্রমে দেওয়া হয়েছে। এরপরেই রয়েছে বিগত সময়ে পরীক্ষায় আসা প্রশ্ন বিশ্লেষণ করে সকল অধ্যায় থেকে নির্বাচিত ১০০০টি বহুনির্বাচনি প্রশ্নোত্তর। সাজেশন হিসেবে প্রদত্ত এ প্রশ্নগুলো ভালোভাবে অনুশীলন করলে তোমার বৃত্তি পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন হবে। স্টার চিহ্নিত প্রশ্নগুলো সর্বাধিক গুরুত্বপূর্ণ।

## প্রথম অধ্যায় — ঔপনিবেশিক যুগ ও বাংলার স্বাধীনতা সংগ্রাম

### তথ্যকণিকা

- ঔপনিবেশিক শাসনের বৈশিষ্ট্য হলো— ধনসম্পদ পাচার ও অলাভজনক মনে হলে নিজ দেশে ফিরে যাওয়া। *[JSC দি. বো. '১৭]*
- বাংলায় ঔপনিবেশিক শাসন শুরু হয়— ১৭৫৭ সালে। *[JSC চ. বো. '১৭]*
- বাংলায় আগমন করা ইউরোপীয় বণিকদের মধ্যে প্রতিযোগিতায় এগিয়ে গিয়েছিল— ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি।
- ইংরেজরা ভারতবর্ষে ঔপনিবেশিক শাসন চালায়— প্রায় দুইশত বছর।
- আর্যরা বাংলায় প্রবেশ করেছিল— খ্রিষ্টপূর্ব যুগে।
- শশাঙ্ক ছিলেন— গুপ্ত রাজা মহাসেনগুপ্তের একজন 'মহাসামন্ত'।
- শশাঙ্কের মৃত্যুর আনুমানিক সময়— ৬৩৭ খ্রিষ্টাব্দ।
- পাল রাজারা বাংলা শাসন করেন— প্রায় চারশ বছর। *[JSC ম. বো. '১৯]*
- পাল রাজাদের পতনের পর বাংলার সিংহাসন দখল করে— সেন রাজারা।
- কর্ণাটকের অবস্থান— দক্ষিণ ভারতে। *[JSC রা. বো. '১৭]*
- বাংলায় স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠিত হয়— ১৩৩৮ সালে।
- বাংলায় স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠা করেন— ফখরুদ্দিন মুবারক শাহ। *[বোর্ড বইয়ের নমুনা বহুনির্বাচনি-১]*
- ফখরুদ্দিন মোবারক শাহ ছিলেন— সোনারগাঁওয়ের শাসনকর্তা।
- বাংলায় স্বাধীন সুলতানি আমল স্থায়ী ছিল— প্রায় দুইশত বছর।
- বাংলার স্বাধীন সুলতানি শাসনের অবসান ঘটে— ১৫৩৮ সালে।
- ১৫৩৮ সালে লখনৌতি দখল করেন— মোগল সম্রাট হুমায়ুন। *[JSC চ. বো. '১৯]*
- বারোভূঁইয়ারা চূড়ান্তভাবে পরাজিত হন— মুঘল সম্রাট জাহাঙ্গীরের আমলে।
- ভাস্কো-দা-গামার ভারতে পৌঁছানোর মূল কারণ ছিলো— সমুদ্র পথে বাণিজ্য বিস্তারের অন্বেষণ।
- পর্তুগিজ নাবিক ভাস্কো-দা-গামা ভারতে প্রথম আসেন— কালিকট বন্দরে। *[JSC কু. বো. '১৯]*
- সর্বপ্রথম বাংলা তথা ভারতবর্ষে আগমন করেন— পর্তুগিজরা। *[JSC সি. বো., য. বো. '১৭]*
- জব চার্নক কলকাতা, সুতানটি ও গোবিন্দপুর গ্রাম কেনেন— ১৬৯০ সালে।
- সিরাজউদ্দৌলার বিরুদ্ধে ষড়যন্ত্রকারী তৃতীয় পক্ষ ছিল— মারওয়াড়ি বণিক।
- বক্সারের যুদ্ধ সংঘটিত হয়— ১৭৬৪ সালে।
- আনুষ্ঠানিকভাবে বাংলার শাসনক্ষমতা ইংরেজদের হস্তগত হয়— বক্সারের যুদ্ধে জয়লাভের মাধ্যমে।
- বাংলায় দ্বৈতশাসনব্যবস্থা চালু করেন— রবার্ট ক্লাইভ। *[JSC য. বো., ব. বো., '১৭]*
- মোগল সম্রাট দ্বিতীয় শাহ আলম ও রবার্ট ক্লাইভের মধ্যে চুক্তি হয়— ১৭৬৫ সালে।
- রবার্ট ক্লাইভ ছিলেন— ভারতবর্ষে ঔপনিবেশিকতার সূত্রপাতকারী ও দ্বৈতশাসনের প্রবর্তক। *[JSC কু. বো. '১৯]*
- দ্বৈতশাসন চালুর সময় দিল্লির সম্রাট ছিলেন— দ্বিতীয় শাহ আলম।
- বাংলায় ইংরেজদের আধিপত্য ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ার কারণ ছিল— দ্বৈতশাসন প্রবর্তন। *[JSC দি. বো. '১৯]*
- দ্বৈতশাসনের প্রত্যক্ষ ফল— ১৭৭০ সালের ভয়াবহ দুর্ভিক্ষ।
- ছিয়াত্তরের মন্বন্তর সংঘটিত হয়— ১৭৭০ সালে (বাংলা ১১৭৬ সন)। *[JSC কু. বো. '১৯]*
- চিরস্থায়ী বন্দোবস্ত চালু হয়— ১৭৯৩ সালে। *[JSC য. বো. '১৯]*
- চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে ব্রিটিশরা সৃষ্টি করেছিল— অনুগত জমিদার শ্রেণি।
- কোম্পানি শাসন শুরুর একশ বছর পর— সিপাহি বিদ্রোহ সংঘটিত হয়। *[JSC সি. বো. '১৯]*
- ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে— ভারত শাসন আইন জারির ফলে। *[JSC কু. বো. '১৭]*
- শাসন পাকাপোক্ত করার জন্য ইংরেজরা মনোযোগ দেয়— ইংরেজি শিক্ষায় শিক্ষিত অনুগত শ্রেণি তৈরিতে।
- অবাধে মুক্তমনে জ্ঞানচর্চার ধারা তৈরি করেন— ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। *[JSC চ. বো. '১৮]*
- বঙ্গভঙ্গ কার্যকর করা হয়— ১৯০৫ সালে। *[JSC ম. বো., রা. বো. '১৮]*
- ব্রিটিশ বিরোধী আন্দোলনের চূড়ান্ত বীজ বপিত হয়েছিল— ১৯০৫ সালের বঙ্গভঙ্গের ফলে।
- বঙ্গভঙ্গ কার্যকর হলে স্পষ্ট হয়ে ওঠে— হিন্দু-মুসলমানদের দ্বন্দ্ব। *[JSC ম. বো. '১৮]*
- উপমহাদেশে ব্রিটিশদের 'ভাগ করো, শাসন করো' নীতির অন্যতম বহিঃপ্রকাশ ছিল— ১৯০৫ সালের বঙ্গভঙ্গ।
- বঙ্গভঙ্গ রদ হয়— ১৯১১ সালে।
- তিতুমীরের নেতৃত্বে সংঘটিত হয়— কৃষক বিদ্রোহ।
- ফরায়েজি আন্দোলনের নেতৃত্ব দেন— হাজী শরীয়তুল্লাহ।
- ব্রিটিশবিরোধী প্রথম স্বাধীনতা সংগ্রাম— সিপাহি বিদ্রোহ।
- ব্রিটিশবিরোধী আন্দোলনের প্রথম নারী শহিদ— প্রীতিলতা ওয়াদ্দেদার।
- লাহোর প্রস্তাব উত্থাপন করেন— শেরেবাংলা একে ফজলুল হক।
- লাহোর প্রস্তাব সংশোধন করে গ্রহণ করা হয়— পাকিস্তান প্রস্তাব।

### বহুনির্বাচনি প্রশ্নোত্তর

[প্রতিটি প্রশ্নের মান-১]

■ **পাঠ ১: বাংলায় ঔপনিবেশিক শাসন** ▸ *বোর্ড বই পৃষ্ঠা-১*

১. **বাংলায় ঔপনিবেশিক শাসন শুরু হয় কত সালে?** (জ্ঞান) ★ *[নিবাস করজুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]*
ক ১৭৫৭ খ ১৭৬৫
গ ১৭৭০ ঘ ১৭৮১ — উত্তর: ক

২. **খ্রিষ্টপূর্ব যুগে কারা বাংলায় প্রবেশ করেছিল?** (জ্ঞান) *[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস]*
ক আর্যরা খ অনার্যরা
গ ইউরোপীয়রা ঘ ইংরেজরা — উত্তর: ক

৩. **সম্রাট অশোক বাংলার উত্তরাংশ দখল করেন কখন?** (জ্ঞান) *[JSC দি. বো. '১৭]*
ক খ্রিষ্টপূর্ব দ্বিতীয় শতকে খ খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকে
গ খ্রিষ্টপূর্ব পঞ্চম শতকে ঘ খ্রিষ্টপূর্ব সপ্তম শতকে — উত্তর: খ

৪. **মৌর্যদের পর ভারতে কোন সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়?** (জ্ঞান) ★ *[জামালপুর জিলা স্কুল]*
ক মুঘল খ পাল
গ সেন ঘ গুপ্ত — উত্তর: ঘ

৫. **প্রথম বাঙালি শাসক কে ছিলেন?** (জ্ঞান) *[শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*
ক সম্রাট অশোক খ দ্বিতীয় চন্দ্রগুপ্ত
গ শশাঙ্ক ঘ লক্ষণ সেন — উত্তর: গ

৬. **শশাঙ্কের মৃত্যু পরবর্তী একশ বছরকে ইতিহাসে কী হিসেবে আখ্যা দেওয়া হয়?** (অনুধাবন) ★
ক অরাজকতার যুগ খ মাৎস্যন্যায়ের যুগ
গ স্বর্ণ যুগ ঘ বিশৃঙ্খলার যুগ — উত্তর: খ

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

Talukdar Academy

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৭. 'মাৎস্যন্যায়' কোন ভাষার শব্দ? (জ্ঞান) [ময়মনসিংহ জিলা স্কুল; কুমিল্লা জিলা স্কুল]
ক) বাংলা খ) ফারসি
গ) হিন্দি ঘ) সংস্কৃত — ঘ

৮. পাল রাজারা প্রায় কত বছর এদেশ শাসন করেন? (জ্ঞান) [JSC দি. বো. ১৯]
ক) তিনশ বছর খ) চারশ বছর
গ) পাঁচশ বছর ঘ) ছয়শ বছর — খ

৯. কোন বংশের শাসকরা অপেক্ষাকৃত দীর্ঘ সময় বাংলা শাসন করেছেন? (অনুধাবন) [নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা]
ক) পাল খ) সেন
গ) তুর্কি ঘ) মুঘল — ক

১০. বাংলায় স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠা করেন কে? [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-১]
ক) সুলতান শামসুদ্দিন ইলিয়াস শাহ খ) ফখরুদ্দিন মোবারক শাহ
গ) সুলতান আলাউদ্দিন হুসেন শাহ ঘ) ইসলাম খান চিশতি — খ

১১. ফখরুদ্দিন মোবারক শাহ কখন বাংলায় স্বাধীন সুলতানি শাসন শুরু করেন? (জ্ঞান) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক) ১২৩৮ সালে খ) ১৩৩৮ সালে
গ) ১৪৩৮ সালে ঘ) ১৫৩৮ সালে — খ

১২. 'শাহ-ই-বাঙ্গালা' ও 'শাহ-ই-বাঙ্গালিয়ান' উপাধি ধারণ করেন কে? (জ্ঞান)
ক) ফখরুদ্দিন মোবারক শাহ খ) শামসুদ্দিন ইলিয়াস শাহ
গ) গিয়াসউদ্দীন আজম শাহ ঘ) নুসরত শাহ — খ

১৩. কত সালে স্বাধীন সুলতানি শাসনের অবসান ঘটে? (জ্ঞান) [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক) ১২৩৮ খ) ১৪৩৮
গ) ১৫৩৮ ঘ) ১৬৩৮ — গ

১৪. ১৫৩৮ সালে লখনৌতি দখল করেছিলেন কে? (জ্ঞান) [JSC ঢা. বো. ১৯]
ক) সম্রাট আকবর খ) সম্রাট হুমায়ুন
গ) বখতিয়ার খলজি ঘ) ফখরুদ্দিন মোবারক শাহ — খ

১৫. বাংলার কোন অংশে মুঘলরা সহজে দখল করতে পারেনি? (জ্ঞান) [আইডিয়াল স্কুল, হাই স্কুল, ঢাকা]
ক) উত্তরাংশ খ) দক্ষিণাংশ
গ) পূর্বাংশ ঘ) পশ্চিমাংশ — গ

১৬. বারোভূঁইয়া বলতে কাদের বোঝায়? (অনুধাবন)
ক) পূর্ব বাংলার জমিদার খ) উত্তর বাংলার জমিদার
গ) উত্তর-পূর্ব বাংলার জমিদার ঘ) পশ্চিম বাংলার জমিদার — ক

১৭. কে বারোভূঁইয়াদের নেতা ছিলেন? (জ্ঞান) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক) মানসিংহ খ) ঈশা খাঁ
গ) ইসলাম খান ঘ) বখতিয়ার খলজি — খ

১৮. কোন শাসকের আমলে বারোভূঁইয়ারা চূড়ান্তভাবে পরাজিত হন? (জ্ঞান)
ক) সম্রাট বাবর খ) সম্রাট আকবর
গ) সম্রাট জাহাঙ্গীর ঘ) সম্রাট শাহজাহান — গ

১৯. কে ঢাকার নাম 'জাহাঙ্গীরনগর' করেন? (জ্ঞান) [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক) সুবেদার ইসলাম খান চিশতি খ) সম্রাট জাহাঙ্গীর
গ) শামসুদ্দিন ইলিয়াস শাহ ঘ) ফখরুদ্দিন মোবারক শাহ — ক

২০. কার পতনের মধ্য দিয়ে মুঘল শাসনের চূড়ান্ত অবসান হয়? (জ্ঞান) [JSC ব. বো. ১৮]
ক) সুবেদার ইসলাম খান খ) ঈশা খাঁ
গ) নবাব সিরাজউদ্দৌলা ঘ) শের খান — গ

২১. মুঘল শাসনের চূড়ান্ত অবসান হয় কত সালে? (জ্ঞান) [মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা]
ক) ১৮৫৭ খ) ১৭৫৭
গ) ১৭৫৬ ঘ) ১৮৫৬ — খ

২২. ঔপনিবেশিক শাসনের বৈশিষ্ট্য হলো— (অনুধাবন) [JSC দি. বো. ১৭]
i. চিরস্থায়ী শাসন প্রতিষ্ঠা করতে না আসা
ii. নিজ দেশে ধন-সম্পদ পাচার করা
iii. অলাভজনক মনে হলে নিজ দেশে ফিরে যাওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — গ

২৩. শশাঙ্কের মৃত্যুর পর একশত বছরকে মাৎস্যন্যায়ের যুগ বলা হয়। কারণ তখন— [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-২]
i. দেশে সর্বত্র বিশৃঙ্খলা বিরাজ করত
ii. বড়োমাছ ছোটো ছোটো মাছকে ধরে খেয়ে ফেলত
iii. শাসকবর্গ সুশাসনে অক্ষম ছিল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — ঘ

২৪. বখতিয়ার খলজি তার শাসন প্রতিষ্ঠা করেন— (অনুধাবন) [বরিশাল ক্যাডেট কলেজ]
i. নদীয়া অঞ্চলে
ii. উত্তর বাংলার কিছু অংশে
iii. দক্ষিণ বাংলায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — ক

নিচের উদ্দীপকটি পড়ে ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
জনাব জেমস 'ক' এলাকার বিশাল অংশের শাসক। তিনি এটির বাকি অংশটুকুও দখল করতে চেয়েছেন কিন্তু পারেননি। পরবর্তী শাসক জনাব হোসেন এটি সফলতার সঙ্গে দখল করেন। [ঢা. বো., রা. বো. ১৯]

২৫. তোমার বোর্ড বইয়ের কোন শাসকের সাথে জনাব জেমস-এর মিল আছে? (প্রয়োগ)
ক) লর্ড ক্লাইভ খ) বখতিয়ার খলজি
গ) সম্রাট আকবর ঘ) সম্রাট জাহাঙ্গীর — গ

## পাঠ ২ ও ৩: বাংলায় ইউরোপীয়দের আগমন ও বাণিজ্য বিস্তার; বাংলায় ঔপনিবেশিক শক্তির বিজয় ▸ বোর্ড বই, পৃষ্ঠা-৩ ও ৫

২৬. ভাস্কো-দা-গামা কোন দেশের নাগরিক ছিলেন? (জ্ঞান) [JSC ব. বো. ১৭; দি. বো. ১৬]
ক) ফ্রান্স খ) পর্তুগাল
গ) ভারত ঘ) ইংল্যান্ড — খ

২৭. ভারতবর্ষকে বিশ্ব বাণিজ্য বিস্তারের প্রতিযোগিতার মধ্যে নিয়ে আসেন কে? (জ্ঞান) [ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস]
ক) ভাস্কো-দা-গামা খ) ইবনে বতুতা
গ) লর্ড ক্লাইভ ঘ) লর্ড কর্নওয়ালিস — ক

২৮. ভাস্কো-দা-গামা ভারতে প্রথম কোন বন্দরে আসেন? (জ্ঞান) [JSC কু. বো. ১৯]
ক) চট্টগ্রাম খ) মংলা
গ) কলকাতা ঘ) কালিকট — ঘ

২৯. কারা সর্বপ্রথম বাংলা তথা ভারতবর্ষে আগমন করেন? (জ্ঞান) [JSC সি. বো., ব. বো. ১৭]
ক) ইংরেজরা খ) ওলন্দাজরা
গ) ফরাসিরা ঘ) পর্তুগিজরা — ঘ

৩০. ওলন্দাজরা কোথায় সিল্ক ফ্যাক্টরি স্থাপন করেছিল? (জ্ঞান)
ক) কাশিমবাজারে খ) চন্দননগরে
গ) কলকাতায় ঘ) চুঁচুড়ায় — ক

৩১. 'ক' একজন ইংরেজ প্রতিনিধি। তিনি মাত্র ১২০০ টাকার বিনিময়ে কলকাতা, সুতানটি ও গোবিন্দপুর গ্রাম কিনে নেন। এই 'ক' ব্যক্তিটি কে? (প্রয়োগ)
ক) লর্ড ক্লাইভ খ) মাইক ডুয়েল
গ) জব চার্নক ঘ) উইলিয়াম হেজেজ — গ

৩২. সিরাজউদ্দৌলা কত বছর বয়সে সিংহাসনে বসেন? (জ্ঞান) [মণিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা]
ক) ২২ খ) ২৩
গ) ২৪ ঘ) ২৫ — ক

৩৩. পলাশির যুদ্ধ সংঘটিত হয় কত সালে? (জ্ঞান) [অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া]
ক) ১৭৫৭ খ) ১৭৬৫
গ) ১৭৯৩ ঘ) ১৮৫৭ — ক

৩৪. পলাশির যুদ্ধে সিরাজউদ্দৌলার পরাজয়ের জন্য মূলত দায়ী কে? (অনুধাবন) [JSC ব. বো. ১৭]
ক) লর্ড ক্লাইভ খ) মীর জাফর
গ) মীর কাশিম ঘ) ঘসেটি বেগম — খ

৩৫. মীর কাশিম কোন যুদ্ধে পরাজয়ের ফলে সিংহাসনচ্যুত হন? (জ্ঞান) [শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমী]
ক) পলাশির যুদ্ধ খ) গিরিয়ার যুদ্ধ
গ) রাজমহলের যুদ্ধ ঘ) বক্সারের যুদ্ধ — ঘ

৩৬. কত সালে বক্সারের যুদ্ধ হয়? (জ্ঞান) [ময়মনসিংহ জিলা স্কুল]
ক) ১৭৬৪ খ) ১৭৬৫
গ) ১৭৬৬ ঘ) ১৭৬৭ — ক

৩৭. বাংলার শাসন ক্ষমতা আনুষ্ঠানিকভাবে ইংরেজদের হস্তগত হয় কীভাবে? (অনুধাবন)
ক) পলাশির যুদ্ধে বিজয়ের মাধ্যমে
খ) বক্সারের যুদ্ধে মীর কাশিমের পরাজয়ের ফলে
গ) মীর জাফরের মৃত্যুর পর
ঘ) সিরাজউদ্দৌলার মৃত্যুর পর — খ



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৩৮. ক্ষমতা গ্রহণের কিছুদিন পরই সিরাজউদ্দৌলা সম্মুখীন হন— (অনুধাবন) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
i. উদীয়মান ইংরেজ শক্তি ও বণিকদের ষড়যন্ত্রের
ii. ঘনিষ্ঠ আত্মীয়দের ষড়যন্ত্রের
iii. মারওয়াড়ি ব্যবসায়ীদের ষড়যন্ত্রের
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii **ঘ**

৩৯. বাংলায় ঔপনিবেশিক শাসন প্রতিষ্ঠার কারণ হলো— (অনুধাবন)
i. ইংরেজদের উন্নত সামরিক শক্তি ও রণকৌশল
ii. শাসকদের অভ্যন্তরীণ কোন্দল
iii. প্রজাদের সাথে শাসকদের দূরত্ব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪০ ও ৪১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মীনা বাবার সাথে বসে টিভিতে যুদ্ধের ভিত্তিতে তৈরি একটি নাটক দেখছিল। টিভি দেখতে দেখতে ওর বাবা বললেন, "এই যুদ্ধের মাধ্যমেই বাংলার স্বাধীনতার সূর্য প্রায় দুইশ বছরের জন্য অস্তমিত হয়।" [JSC ঢা. বো. ১৮]

৪০. উদ্দীপকে কোন যুদ্ধের কথা বলা হয়েছে? (প্রয়োগ)
ক বক্সারের যুদ্ধ খ পলাশির যুদ্ধ
গ ইঙ্গ-ফরাসি যুদ্ধ ঘ পাক-ভারতের যুদ্ধ **খ**

৪১. উল্লিখিত যুদ্ধের ফলে হয়— (উচ্চতর দক্ষতা)
i. শাসন ক্ষমতার পরিবর্তন
ii. ইংরেজদের শক্তি বৃদ্ধি
iii. ঔপনিবেশিক শাসন প্রতিষ্ঠা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

## ■ পাঠ ৪ ও ৫: ঔপনিবেশিক শাসন ও শোষণ ▶বোর্ড বই, পৃষ্ঠা-৬

৪২. কে বাংলায় দ্বৈতশাসনব্যবস্থা চালু করেন? (জ্ঞান) [JSC য. বো., ব. বো. ১৭]
ক লর্ড উইলিয়াম বেন্টিংক খ লর্ড হার্ডিঞ্জ
গ লর্ড ক্লাইভ ঘ লর্ড ক্যানিং **গ**

৪৩. দ্বৈতশাসন ব্যবস্থায় বাংলার নবাবের ওপর কোন কোন বিভাগের দায়িত্ব অর্পিত হয়? (জ্ঞান) ☐
ক অর্থ ও প্রতিরক্ষা খ শাসন ও বিচার
গ রাজস্ব ও প্রতিরক্ষা ঘ রাজস্ব ও বিচার **খ**

৪৪. ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনামলে এদেশের মানুষের জন্য চরম অভিশাপ ছিল কোনটি? (জ্ঞান)
ক দ্বৈতশাসন খ চিরস্থায়ী বন্দোবস্ত
গ দেওয়ানি লাভ ঘ পাঁচসালা বন্দোবস্ত **ক**

৪৫. ছিয়াত্তরের মন্বন্তর ঘটে ইংরেজি কত সালে? (জ্ঞান) ☐ [JSC কু. বো. ১৮]
ক ১৭৫৬ খ ১৭৬৫
গ ১৭৭০ ঘ ১৭৯৩ **গ**

৪৬. ছিয়াত্তরের মন্বন্তর বাংলা কত সালে হয়েছিল? (জ্ঞান) [JSC ঢা. বো. ১৮; কু. বো. ১৭; ব. বো. ১৬]
ক ১১৭৬ খ ১২৭৬ গ ১৩৭০ ঘ ১৪২০ **ক**

৪৭. ছিয়াত্তরের মন্বন্তরে বাংলায় কী পরিমাণ মানুষের মৃত্যু হয়? (জ্ঞান) ☐
ক প্রায় এক-তৃতীয়াংশ খ প্রায় তিন-চতুর্থাংশ
গ প্রায় এক শতাংশ ঘ প্রায় দুই-তৃতীয়াংশ **ক**

৪৮. ১৮৫৮ সালে ব্রিটিশ পার্লামেন্টে কোন আইন গৃহীত হয়? [নিওগী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক ম্যাগনাকার্টা খ ভারত শাসন আইন
গ মর্লে-মিন্টো আইন ঘ মন্টেগু-চেমসফোর্ড আইন **খ**

৪৯. চিরস্থায়ী বন্দোবস্ত চালু হয় কত সালে? (জ্ঞান) ☐ [JSC য. বো. ১৮]
ক ১৬১০ খ ১৬৪৮
গ ১৭৬৫ ঘ ১৭৯৩ **ঘ**

৫০. ব্রিটিশ শাসনকালে বাংলায় নারী সমাজ ব্যাপকভাবে পিছিয়ে পড়ার কারণ কী ছিল? (অনুধাবন) [JSC চ. বো. ১৮]
ক ব্রিটিশ অনুশাসন খ ভারতীয় অনুশাসন
গ সামাজিক অনুশাসন ঘ জমিদার শ্রেণির অনুশাসন **গ**

৫১. দ্বৈতশাসন ব্যবস্থার ফলে— (উচ্চতর দক্ষতা) [JSC চ. বো. ১৮]
i. এদেশের সম্পদ পাচার হয়
ii. প্রজারা অত্যাচারিত হতে থাকে
iii. দেশে দুর্ভিক্ষ দেখা দেয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫২. ছিয়াত্তরের মন্বন্তরের কারণ ছিল— (অনুধাবন) [বিএএফ শাহীন কলেজ, ঢাকা]
i. তিন বছরের অনাবৃষ্টি
ii. প্রজাদের ওপর অতিরিক্ত করের বোঝা
iii. ক্লাইভের দ্বৈতশাসন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫৩. ব্রিটিশ শাসনে ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছায়— (অনুধাবন) ☐
i. অর্থনীতির মেরুদণ্ড কৃষি
ii. সমৃদ্ধ তাঁতশিল্প
iii. পোশাক শিল্প
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

নিচের উদ্দীপকটি পড়ে ৫৪ ও ৫৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মাহিমের দাদু তাকে একটি ঐতিহাসিক ঘটনা প্রসঙ্গে বললেন যে, বাংলার নবাবকে শাসন কাজের জন্য অন্যকে জবাবদিহি করতে হতো। তাঁকে এ কাজে অর্থের জন্য অন্য একটি কর্তৃপক্ষের মুখাপেক্ষী থাকতে হতো। ☐ [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-৩ ও ৪]

৫৪. মাহিমের দাদুর বর্ণিত ঘটনায় কোন শাসনের চিত্র প্রতিফলিত হয়েছে?
ক নবাব শাসন খ সুবাদার শাসন
গ দ্বৈতশাসন ঘ ইংরেজ শাসন **গ**

৫৫. বর্ণিত ঘটনার ফলে—
i. রাজস্ব আদায়ের ক্ষমতা অন্যের হাতে চলে যায়
ii. জনগণ দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়
iii. জনগণের মধ্যে বিদ্রোহী মনোভাব জেগে ওঠে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

## ■ পাঠ ৬ ও ৭: ঔপনিবেশিক শাসনের প্রতিক্রিয়া: বাংলার নবজাগরণ ও ব্রিটিশ বিরোধী আন্দোলন ▶বোর্ড বই, পৃষ্ঠা-৮

৫৬. কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা করেন কে? (জ্ঞান) ☐ [পীরজঙ্গী নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা; ইসলামিক এডুকেশনাল ট্রাস্ট (আই.ই.টি) সরকারি উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ]
ক লর্ড ক্লাইভ খ ওয়ারেন হেস্টিংস
গ লর্ড কর্নওয়ালিস ঘ লর্ড ডালহৌসি **খ**

৫৭. হিন্দুদের জন্য সংস্কৃত কলেজ প্রতিষ্ঠা করা হয় কত সালে? (জ্ঞান) [ব্রাহ্মন্দী কামিনী কিশোর মৌলিক সরকারি উচ্চ বিদ্যালয়, নরসিংদী]
ক ১৭৮১ খ ১৭৯১ গ ১৮৬১ ঘ ১৮৭১ **খ**

৫৮. ইংরেজ আমলে মানুষের মধ্যে নতুন চেতনার স্ফুরণ ঘটতে থাকে কেন? (অনুধাবন) [সেন্ট যোসেফ হায়ার সেকেন্ডারি স্কুল, ঢাকা]
ক আধুনিক শিক্ষার সংস্পর্শে খ অর্থনৈতিক উন্নয়নে
গ সামাজিক উন্নয়নে ঘ শাসকদের উদারতার জন্য **ক**

৫৯. মুদ্রণযন্ত্র ও স্কুল টেক্সট বোর্ড প্রতিষ্ঠা করেন কে? (জ্ঞান) [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক রাজা রামমোহন রায় খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ লর্ড উইলিয়াম বেন্টিংক ঘ স্যার উইলিয়াম কেরি **ঘ**

৬০. নিচের কোনটি সর্বপ্রথম প্রতিষ্ঠিত হয়েছিল? (অনুধাবন) [JSC ঢা. বো. ১৭]
ক কলকাতা বিশ্ববিদ্যালয় খ সংস্কৃত কলেজ
গ কলকাতা মাদ্রাসা ঘ শ্রীরামপুর মুদ্রণযন্ত্র **গ**

৬১. অবাধে মুক্তমনে জ্ঞানচর্চার ধারা তৈরি করেন কে? (জ্ঞান) ☐ [JSC চ. বো. ১৮]
ক রাজা রামমোহন রায় খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় **ক**

৬২. কোন নগরীতে বাংলার নবজাগরণ সংঘটিত হয়? (জ্ঞান) ☐ [কুমিল্লা জিলা স্কুল]
ক মুর্শিদাবাদ খ কলকাতা
গ ঢাকা ঘ আসাম **খ**

৬৩. লর্ড কার্জন কত সালে বাংলা প্রদেশকে দ্বিখণ্ডিত করার প্রস্তাব দেন? (জ্ঞান)
ক ১৯০১ খ ১৯০২ গ ১৯০৩ ঘ ১৯০৫ **গ**

৬৪. ১৯০৫ সালের বঙ্গভঙ্গ অনুযায়ী নতুন প্রদেশের রাজধানী করা হয় কোনটিকে? (জ্ঞান) [JSC সি. বো. ১৮; চ. বো. ১৭]
ক উড়িষ্যা খ আসাম
গ বিহার ঘ ঢাকা **ঘ**

৬৫. বঙ্গভঙ্গ কার্যকর করা হয় কোন সালে? (জ্ঞান) [JSC ঢা. বো., রা. বো. ১৮]
ক ১৯০৩ খ ১৯০৪
গ ১৯০৫ ঘ ১৯০৬ **গ**



Talukdar Academy

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৬৬. বঙ্গভঙ্গ ব্রিটিশদের কোন নীতির বহিঃপ্রকাশ ছিল? (জ্ঞান)
ক দ্বৈতশাসন নীতির খ ভাগ করো, শাসন করো নীতির
গ সুশাসন নীতির ঘ বিরোধ নিষ্পত্তি নীতির খ

৬৭. নিচের কোন রাজনৈতিক সংগঠন ব্রিটিশদের 'ভাগ করো, শাসন করো' নীতির বহিঃপ্রকাশ? (অনুধাবন)
[ব্রাহ্মন্দী কামিনী কিশোর মৌলিক সরকারি উচ্চ বিদ্যালয়, নরসিংদী]
ক ভারতীয় জাতীয় কংগ্রেস খ মুসলিম লীগ
গ আওয়ামী মুসলিম লীগ ঘ কৃষক-প্রজা পার্টি খ

৬৮. তিতুমীরের নেতৃত্বে সংঘটিত হয় কোন আন্দোলন? (জ্ঞান)
ক ফরায়েজি আন্দোলন খ কৃষক বিদ্রোহ
গ স্বদেশী আন্দোলন ঘ সিপাহি বিদ্রোহ খ

৬৯. ফরায়েজি আন্দোলনে নেতৃত্ব দেন কে? (জ্ঞান)
ক তিতুমীর খ রাজা রামমোহন রায়
গ হাজী শরীয়তুল্লাহ ঘ নওয়াব আবদুল লতিফ গ

৭০. সিপাহি বিদ্রোহ কত সালে হয়? (জ্ঞান) [JSC চ. বো. ১৮]
ক ১৭৫৬ খ ১৭৫৭ গ ১৮৫৭ ঘ ১৮৫৮ গ

৭১. ব্রিটিশবিরোধী প্রথম স্বাধীনতা সংগ্রাম হিসেবে আখ্যায়িত করা হয় কোনটিকে? (জ্ঞান) [ব্রাহ্মন্দী কামিনী কিশোর মৌলিক সরকারি উচ্চ বিদ্যালয়, নরসিংদী]
ক নীল বিদ্রোহ খ ফরায়েজি আন্দোলন
গ সিপাহি বিদ্রোহ ঘ ফকির-সন্ন্যাসী বিদ্রোহ গ

৭২. বঙ্গভঙ্গ রদ হয় কত সালে? (জ্ঞান)
ক ১৯১০ খ ১৯১১ গ ১৯১২ ঘ ১৯১৩ খ

৭৩. ব্রিটিশ বিরোধী আন্দোলনের প্রথম নারী শহিদ কে ছিলেন? (জ্ঞান)
[নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক সুভা দেবী খ প্রীতিলতা ওয়াদ্দেদার
গ ইলা মিত্র ঘ রমিলা গায়েন খ

৭৪. বাংলার সমাজ সংস্কারে হাত দেন— (অনুধাবন)
[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
i. রাজা রামমোহন রায়
ii. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
iii. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii খ

৭৫. বাংলায় সিপাহি বিদ্রোহের নেতৃত্ব দেন— (অনুধাবন)
[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
i. তাঁতিয়া টোপি
ii. সিপাহি মঙ্গল পান্ডে
iii. হাবিলদার রজব আলী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii গ

৭৬. সশস্ত্র বিপ্লবীদের মধ্যে ছিলেন— (অনুধাবন)
i. বাঘা যতীন
ii. ক্ষুদিরাম
iii. মাস্টারদা সূর্যসেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

অনুচ্ছেদটি পড়ে ৭৭ ও ৭৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
বাগমারা একটি সুবৃহৎ থানা। প্রশাসনিক সুবিধাসহ কতিপয় যৌক্তিক কারণে সরকার উক্ত থানাকে দুই ভাগে ভাগ করার সিদ্ধান্ত নেয়।
[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

৭৭. উক্ত ঘটনার সাথে ভারত উপমহাদেশের ঔপনিবেশিক শাসনের ইতিহাসের কোন ঘটনার মিল পাওয়া যায়? (প্রয়োগ)
ক কাশ্মীর বিভাজনের খ বঙ্গভঙ্গের
গ আসাম ভঙ্গের ঘ পাকিস্তান ভাঙনের খ

৭৮. উক্ত ঘটনার প্রেক্ষাপটে— (উচ্চতর দক্ষতা)
i. হিন্দু-মুসলমান দূরত্ব বাড়ে
ii. মুসলমানদের জন্য আলাদা রাজনৈতিক সংগঠন প্রতিষ্ঠিত হয়
iii. হিন্দু-মুসলমান সম্প্রীতি বাড়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ক

■ পাঠ ৮: লাহোর প্রস্তাব ও পাকিস্তান প্রতিষ্ঠা ▸ বোর্ড বই, পৃষ্ঠা-১০

৭৯. লাহোর প্রস্তাব উত্থাপন করেন কে? (জ্ঞান)
[ইনাজিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক শেরেবাংলা এ. কে. ফজলুল হক খ শরৎ বসু
গ হোসেন শহীদ সোহরাওয়ার্দী ঘ মাওলানা ভাসানী ক

৮০. অখণ্ড বাংলা রাষ্ট্র প্রতিষ্ঠার চেষ্টা করেছিলেন— (অনুধাবন)
[নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
i. শরৎ বসু
ii. শেরে বাংলা এ. কে. ফজলুল হক
iii. হোসেন শহীদ সোহরাওয়ার্দী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii খ

# দ্বিতীয় অধ্যায় ঔপনিবেশিক যুগের প্রত্নতাত্ত্বিক ঐতিহ্য

## তথ্যকণিকা

- ১৭৫৭-১৯৪৭ সময়কালে বাংলাদেশে ছিল— ঔপনিবেশিক যুগ। [বোর্ড বইয়ের নমুনা বহুনির্বাচনি-১]
- পুরনো স্থাপত্য ও শিল্পকর্ম, মূর্তি বা ভাস্কর্য, অলঙ্কার, প্রাচীন আমলের মুদ্রা ইত্যাদিকে বলে— প্রত্নসম্পদ। [JSC দি. বো. ১৭; ব. বো. ১৬]
- ঔপনিবেশিক যুগের ঢাকার মসজিদগুলো তৈরি করা হয়েছে— মোগল স্থাপত্য রীতিতে।
- আর্মেনিয়ান গির্জা নির্মাণ করা হয়— ১৭৮১ সালে। [JSC য. বো. ১৮; কু. বো. ১৭]
- ভিক্টোরিয়া পার্ক অবস্থিত— ঢাকার সদরঘাট এলাকায়। [JSC ব. বো. ১৭]
- আহসান মঞ্জিল অবস্থিত— বুড়িগঙ্গা নদীর তীরে। [JSC রা. বো. ১৯; ব. বো. ১৯; কু. বো. ১৭]
- ঢাকার নওয়াবদের তৈরি প্রাসাদ— আহসান মঞ্জিল। [JSC দি. বো. ১৯]
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের চত্বরে গ্রিক সমাধিসৌধ নির্মিত হয়— ১৯১৫ সালে। [JSC দি. বো. ১৭]
- গ্রিক সমাধিসৌধে অনুসৃত হয়েছে— ডরিক রীতি। [JSC কু. বো. ১৯]
- সুলতানি আমলে বাংলার রাজধানী ছিল— সোনারগাঁও। [JSC য. বো. ১৯; দি. বো. ১৮]
- সোনারগাঁওয়ের গুরুত্ব কমে যায়— মোগল যুগে।
- ধনী ব্যবসায়ীরা পানাম নগর বসবাসের জন্য বেছে নিয়েছিলেন— উনিশ শতকে। [JSC চ. বো. ১৭]
- পানাম নগর প্রতিষ্ঠিত হয়— উনিশ শতকে।
- পানাম নগরে ইমারত রয়েছে— ৫২টি। [JSC ব. বো. ১৯]
- লোকশিল্প জাদুঘর স্থাপিত হয়েছে— সোনারগাঁওয়ের সরদারবাড়িতে।
- লোকশিল্প জাদুঘরে রয়েছে— ৭০টি কক্ষ। [JSC দি. বো. ১৯]
- ময়মনসিংহের মুক্তাগাছার জমিদার বাড়ির নাম— শশীলজ। [JSC চ. বো. ১৯]
- সাটুরিয়ার বালিয়াটির জমিদারবাড়ি অবস্থিত— মানিকগঞ্জে। [JSC ব. বো. ১৮]
- 'উত্তরা গণভবন' নামে পরিচিত— দিঘাপতিয়ার জমিদারের প্রাসাদ। [JSC কু. বো. ১৯]
- বাংলাদেশ জাতীয় জাদুঘর অবস্থিত— ঢাকার শাহবাগে।
- ঢাকার নবাবদের পোশাক, খাট-পালঙ্ক, চেয়ার, সোফা, অলঙ্কার ও আলোকচিত্র স্থান পেয়েছে— আহসান মঞ্জিলে।
- বলধার জমিদার ছিলেন— নরেন্দ্র নারায়ণ রায় চৌধুরী। [JSC রা. বো. ১৭]
- ময়মনসিংহ শহরে জাদুঘর প্রতিষ্ঠিত হয়— ১৯৬৯ সালে। [JSC রা. বো. ১৭]
- সরস্বতী ও বিষ্ণুমূর্তি, বাঘ ও ড্রাগনের মাথা ইত্যাদি স্থান পেয়েছে— ময়মনসিংহ জাদুঘরে। [JSC চ. বো. ১৮]
- রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত স্থান— কুষ্টিয়ার শিলাইদহ। [JSC ব. বো. ১৯; দি. বো. ১৭]

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

[প্রতিটি প্রশ্নের মান-১]

### ■ পাঠ-১: ঢাকা শহরের প্রত্নিনিদর্শন

▶ বোর্ড বই, পৃষ্ঠা-১৩

৮১. বাংলাদেশে ইংরেজ শাসনামলের ব্যাপ্তি ছিল প্রায় কত দিন? (জ্ঞান)
ক) একশত বছর খ) দুইশত বছর
গ) তিনশত বছর ঘ) চারশত বছর **খ**

৮২. কত সাল থেকে কত সাল পর্যন্ত বাংলায় ঔপনিবেশিক যুগের বিস্তৃতি ছিল?
ক) ১৭৫৭-১৮৫৭ খ) ১৭৮১-১৮৫৭
গ) ১৭৫৭-১৯৪৭ ঘ) ১৮৫৭-১৯৫৭ **গ**

৮৩. 'প্রত্ন' শব্দের অর্থ কী? (জ্ঞান) [বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]
ক) পুরানো খ) ধ্বংসাবশেষ
গ) মাটি ঘ) নিদর্শন **ক**

৮৪. ঢাকার মসজিদগুলো কোন স্থাপত্য রীতিতে তৈরি? (জ্ঞান)
ক) গ্রিক খ) ব্রিটিশ গ) মোগল ঘ) ডরিক **গ**

৮৫. চিনি টিকরি মসজিদ ঢাকার কোন এলাকায় অবস্থিত? (জ্ঞান)
ক) লালবাগ খ) নারিন্দা
গ) সূত্রাপুর ঘ) লক্ষ্মীবাজার **খ**

৮৬. নিচের কোনটি ঢাকার সবচেয়ে পুরানো গির্জা? (জ্ঞান) [শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক) সেন্ট থমাস গির্জা খ) আর্মেনিয়ান গির্জা
গ) হোলি রোজারিও গির্জা ঘ) হলিক্রস গির্জা **খ**

৮৭. আর্মেনিয়ান গির্জা নির্মিত হয়েছে কত সালে? (জ্ঞান) [JSC য. বো. '১৮; কু. বো. '১৭; নবাবপুর পাবলিক স্কুল, শেরপুর]
ক) ১৭৫৭ খ) ১৭৮১ গ) ১৮৫৭ ঘ) ১৯৫৭ **খ**

৮৮. ভিক্টোরিয়া পার্কের অন্য নাম কী ছিল? (জ্ঞান) [JSC য. বো. '১৭]
ক) সোহরাওয়ার্দী উদ্যান খ) আন্টাঘর ময়দান
গ) রমনা পার্ক ঘ) পল্টন ময়দান **খ**

৮৯. কোন ময়দানের সাথে প্রথম ভারতীয় স্বাধীনতা যুদ্ধের ইতিহাস জড়িয়ে আছে? (জ্ঞান) [নরসিংদী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক) আন্টাঘর খ) রেসকোর্স
গ) পলাশি ঘ) ভিক্টোরিয়া **ক**

৯০. আহসান মঞ্জিল কোন নদীর তীরে অবস্থিত? (জ্ঞান) [ব. বো. '১৯; কু. বো. '১৭; অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া]
ক) মেঘনা খ) বুড়িগঙ্গা
গ) করতোয়া ঘ) যমুনা **খ**

৯১. কোনটি ঢাকার নওয়াবদের তৈরি প্রাসাদ? (জ্ঞান) [JSC দি. বো. '১৯]
ক) শশীলজ খ) আহসান মঞ্জিল
গ) বলধা গার্ডেন ঘ) কুঠিবাড়ি **খ**

৯২. পুরানো স্থাপত্যকর্ম 'রোজ গার্ডেন' কোথায় অবস্থিত? (জ্ঞান) [JSC য. বো. '১৮]
ক) নারায়ণগঞ্জে খ) ঢাকায়
গ) মুন্সীগঞ্জে ঘ) নরসিংদীতে **খ**

৯৩. কার্জন হল নির্মাণ করা হয়েছিল কেন? (অনুধাবন) [ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস]
ক) বিচারকার্য পরিচালনার জন্য
খ) বসবাসের জন্য
গ) অফিস বাড়ি হিসেবে ব্যবহারের জন্য
ঘ) সৌন্দর্যের জন্য **গ**

৯৪. গ্রিক সমাধিসৌধটি কত সালে নির্মিত? (জ্ঞান) [বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]
ক) ১৮৯৫ সালে খ) ১৯১৫ সালে
গ) ১৯২৫ সালে ঘ) ১৯৩৫ সালে **খ**

৯৫. কোন স্থাপত্যটিতে প্রাচীন গ্রিসের 'ডরিক রীতি' অনুসৃত হয়েছে? (জ্ঞান) [JSC কু. বো. '১৯]
ক) হলিক্রস গির্জায় খ) ঢাকেশ্বরী মন্দিরে
গ) গ্রিক সমাধিসৌধে ঘ) আর্মেনিয়ান গির্জায় **গ**

৯৬. ব্রিটিশ আমলে নির্মিত ভবনগুলোতে যে ধরনের স্থাপত্যরীতি অনুসরণ করা হয়— (অনুধাবন) [সেন্ট যোসেফ হায়ার সেকেন্ডারি স্কুল, ঢাকা]
i. ইউরোপীয় রীতি
ii. গ্রিক রীতি
iii. মোগল রীতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **খ**

৯৭. বাহাদুর শাহ পার্কের সাথে জড়িয়ে আছে— (অনুধাবন) [JSC কু. বো. '১৮]
i. ভারতবর্ষের প্রথম স্বাধীনতা সংগ্রামের ইতিহাস
ii. ব্রিটেনের রানি ভিক্টোরিয়ার নাম
iii. ঢাকার নওয়াব আবদুল গণির নাম
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯৮-১০০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
রিয়া ও দিয়া দুই বোন। রিয়া তার বাবার সাথে বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত একটি প্রাচীন প্রাসাদে গিয়ে খাট, পালঙ্ক, চেয়ার ও সোফা ইত্যাদি প্রাচীন নিদর্শন দেখতে পেল। অন্যদিকে দিয়া তার মায়ের সাথে শাহবাগে একটি ভবনে গিয়ে বইয়ে পড়া প্রাচীন নিদর্শনগুলো দেখে অভিভূত হলো। [JSC য. বো. '১৯]

৯৮. রিয়া তার বাবার সাথে কোথায় গিয়েছিল? (প্রয়োগ)
ক) কার্জন হলে খ) আহসান মঞ্জিলে
গ) পানাম নগরে ঘ) জাতীয় গ্রন্থাগারে **খ**

৯৯. দিয়াকে তার মা কোন ভবন পরিদর্শনে নিয়ে যান? (প্রয়োগ)
ক) ললিতকলা একাডেমি খ) বাংলা একাডেমি
গ) জাতীয় জাদুঘর ঘ) জাতীয় গ্রন্থাগার **গ**

১০০. রিয়া ও দিয়াকে এ ধরনের ভবন পরিদর্শনে নিয়ে যাওয়ার কারণ হলো— (উচ্চতর দক্ষতা)
i. বিখ্যাত ব্যক্তিদের ব্যবহার্য দ্রব্যাদি প্রদর্শন
ii. ইতিহাস ঐতিহ্যের সাথে পরিচয় করানো
iii. পূর্ববর্তী আমলের ঐতিহ্যকে পরবর্তী প্রজন্মে পৌঁছে দেওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

### ■ পাঠ-২ ও ৩: ঢাকার বাইরের প্রত্নিনিদর্শন; জাদুঘরে সংরক্ষিত প্রত্নসম্পদ

▶ বোর্ড বই, পৃষ্ঠা-১৫ ও ১৬

১০১. কোন আমলে সোনারগাঁও বাংলার রাজধানী ছিল? (জ্ঞান) [JSC য. বো. '১৯; দি. বো. '১৮]
ক) সুলতানি খ) পাল
গ) মোগল ঘ) ইংরেজ **ক**

১০২. কোন শতকে পানাম নগর প্রতিষ্ঠিত হয়? (জ্ঞান) [নিশুলী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক) সপ্তদশ খ) আঠারো
গ) উনিশ ঘ) বিশ **গ**

১০৩. পানাম নগরে ইমারত কতটি? (জ্ঞান) [JSC য. বো. '১৯]
ক) ২১ খ) ৩১
গ) ৫২ ঘ) ৭০ **গ**

১০৪. স্থানীয় জমিদার ও ব্যবসায়ীরা সম্মিলিতভাবে তৈরি করেছিলেন— (জ্ঞান) [JSC দি. বো. '১৭]
ক) পানাম নগর খ) জাহাঙ্গীরাবাদ
গ) ঢাকা ঘ) পুণ্ড্রনগর **ক**

১০৫. নিচের কোনটি 'সরদার বাড়ির' নির্মাণকাল? (জ্ঞান) [জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫]
ক) ১৯০১ সাল খ) ১৯১৫ সাল
গ) ১৯৫৭ সাল ঘ) ১৯৬৯ সাল **ক**

১০৬. লোকশিল্প জাদুঘরে কয়টি কক্ষ আছে? (জ্ঞান) [JSC দি. বো. '১৯]
ক) ৪০ খ) ৫০
গ) ৬০ ঘ) ৭০ **ঘ**

১০৭. লাবিব বাংলাদেশের একটি লোকশিল্প জাদুঘরে বেড়াতে গিয়ে সেখানে ৭০টি কক্ষ দেখতে পায়। লাবিবের দেখা জাদুঘরটির নাম কী? (প্রয়োগ) [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক) বালিয়াটির জমিদার বাড়ি খ) সরদারবাড়ি
গ) দিঘাপতিয়ার জমিদার বাড়ি ঘ) তাজহাট জমিদার বাড়ি **খ**

১০৮. 'শশীলজ' কোথায় অবস্থিত? (জ্ঞান) [JSC য. বো. '১৯]
ক) ময়মনসিংহে খ) মানিকগঞ্জ
গ) নাটোর ঘ) রংপুর **ক**

১০৯. নিচের কোন প্রত্নসম্পদটি ময়মনসিংহ জাদুঘরে সংরক্ষণ ও প্রদর্শন করা হয়? [জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫]
ক) পোশাক খ) খাট-পালঙ্ক
গ) পাণ্ডুলিপি ঘ) কাপড় বোনার যন্ত্র **ঘ**

১১০. সাটুরিয়া বালিয়াটির জমিদার বাড়ি কোথায় অবস্থিত? (জ্ঞান) [JSC য. বো. '১৮]
ক) মানিকগঞ্জে খ) রংপুরে
গ) ময়মনসিংহে ঘ) নাটোরে **ক**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



১১১. কোন প্রত্ননিদর্শনটি বাংলাদেশের উত্তরাঞ্চলে অবস্থিত? (জ্ঞান) [JSC ব. বো. '১৭]
ক সরদারবাড়ি খ তাজহাট জমিদার বাড়ি
গ বালিয়াটির জমিদার বাড়ি ঘ হাসিময় সেনের বাড়ি **খ**

১১২. তাজহাট জমিদার বাড়ি কোন জেলায় অবস্থিত? (জ্ঞান) [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক নাটোর খ রংপুর
গ ময়মনসিংহ ঘ মানিকগঞ্জ **খ**

১১৩. 'উত্তরা গণভবন' কোন জেলায় অবস্থিত? (জ্ঞান) [JSC কু. বো. '১৮]
ক নাটোর খ রংপুর
গ ময়মনসিংহ ঘ মানিকগঞ্জ **ক**

১১৪. কোনটি 'উত্তরা গণভবন' নামে পরিচিত? (জ্ঞান) [JSC কু. বো. '১৯]
ক ময়মনসিংহের শশীলজ খ বালিয়াটির জমিদার বাড়ি
গ তাজহাট জমিদার প্রাসাদ ঘ দিঘাপতিয়ার জমিদার প্রাসাদ **ঘ**

১১৫. বলধার জমিদার কে ছিলেন? (জ্ঞান) [JSC রা. বো. '১৭]
ক কুমার গৌরব চৌধুরী খ আশীষ ভদ্র চৌধুরী
গ নরেন্দ্র নারায়ণ রায় চৌধুরী ঘ অজিত রায় চৌধুরী **গ**

১১৬. রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত স্থান কোনটি? (জ্ঞান) [শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমী]
ক ময়মনসিংহ শহর খ ঢাকার আহসান মঞ্জিল
গ সোনারগাঁও ঘ কুষ্টিয়ার শিলাইদহ **ঘ**

১১৭. সোনারগাঁও-এর পানাম নগরটি ছিল— [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-২]
i. সুলতানি আমলে বাংলার কেন্দ্রস্থল
ii. ইউরোপীয় স্থাপত্য রীতিতে তৈরি ইমারতের সারিবদ্ধ রূপ
iii. নিরাপত্তার জন্য পরিখাসমৃদ্ধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১১৮. পানাম নগরের সুদৃশ্য ইমারতগুলো তৈরি হয়েছে— (অনুধাবন) [JSC ঢা. বো. '১৯]
i. ইউরোপীয় প্রকৌশল রীতিতে
ii. মুঘল স্থাপত্য কৌশলে
iii. ডরিক রীতি অনুসরণে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i, ii ও iii **গ**

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১১৯ ও ১২০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
রিতার বাবা রিতাকে নিয়ে ঢাকায় তার মামার বাসায় বেড়াতে যান। রিতা ঢাকার ঐতিহাসিক স্থানগুলো দেখতে চাইলে, বাবা তাকে শাহবাগে একটি ভবনে নিয়ে যান। ভবনটিতে প্রবেশ করে রিতা বইয়ে পড়া প্রাচীন নিদর্শনগুলো দেখে অভিভূত হয়। [JSC রা. বো. '১৮]

১১৯. রিতার বাবা রিতাকে কোন ভবনে নিয়ে যান? (প্রয়োগ)
ক শিল্পকলা একাডেমি খ বাংলাদেশ জাতীয় জাদুঘর
গ বাংলা একাডেমি ঘ জাতীয় গ্রন্থাগার **খ**

১২০. রিতাকে এই ভবনে নেওয়ার কারণ— (উচ্চতর দক্ষতা)
i. জমিদারদের ব্যবহার্য দ্রব্যাদি দেখানো
ii. ইতিহাসের চরিত্রের সাথে পরিচিতি করানো
iii. বিভিন্ন আমলের ইতিহাসকে পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দেওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

# তৃতীয় অধ্যায় — বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক সংগ্রাম

## তথ্যকণিকা

- ভারত ও পাকিস্তান নামে দুটি রাষ্ট্রের জন্ম হয়— ১৯৪৭ সালে।
- পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে ভৌগোলিক দূরত্ব ছিল— প্রায় ১০০০ মাইল।
- সব বিষয়ে অমিল থাকা সত্ত্বেও পূর্ব বাংলাকে পাকিস্তানের প্রদেশ করা হয়েছিল— কেবল ধর্মীয় মিলের কারণে।
- স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়— ১৯৭১ সালের ২রা মার্চ। [JSC ব. বো. '১৮]
- ১৯৭১ সালের ২রা মার্চ স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলন করেন— ডাকসু নেতৃবৃন্দ। [JSC চ. বো. '১৭]
- 'স্বাধীনতার ইশতেহার' পাঠ করেন— ছাত্রনেতা শাজাহান সিরাজ।
- জাতীয় পরিষদের অধিবেশনে যোগদানের ব্যাপারে শেখ মুজিবুর রহমানের পূর্বশর্ত ছিল— চারটি।
- বাঙালি নিধনের নির্দেশনা দিয়ে ইয়াহিয়া খান ঢাকা ত্যাগ করেন— ২৫শে মার্চ রাতে।
- 'অপারেশন সার্চলাইট' সংঘটিত হয়— ১৯৭১ সালের ২৫শে মার্চ। [JSC ব. বো. '১৮]
- ঢাকার বাইরে অপারেশন সার্চলাইট পরিচালনা করেন— মেজর জেনারেল খাদিম হোসেন রাজা।
- শহিদ প্রেসিডেন্ট (তৎকালীন মেজর) জিয়াউর রহমান সর্বপ্রথম বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন— ২৬শে মার্চ, ১৯৭১।
- মেজর জিয়াউর রহমান পুনরায় শেখ মুজিবুর রহমানের পক্ষে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন— ২৭শে মার্চ, ১৯৭১।
- মুজিবনগর সরকার গঠিত হয়— ১৯৭১ সালের ১০ই এপ্রিল। [বোর্ড বইয়ের নমুনা বহুনির্বাচনি-১; জেএসসি ব. বো. '১৯; সি. বো., ব. বো. '১৭]
- মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে— ১৭ই এপ্রিল, ১৯৭১।
- মুজিবনগর সরকারের সদস্যদের শপথ বাক্য পাঠ করান— অধ্যাপক ইউসুফ আলী।
- মুজিবনগর সরকারের আরেক নাম— প্রবাসী বাংলাদেশ সরকার।
- মুক্তিযুদ্ধ সংগঠিত ও পরিচালিত হয়— মুজিবনগর সরকারের নেতৃত্বে।
- মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী ছিলেন— এম. মনসুর আলী। [JSC ঢা. বো. '১৮; ব. বো. '১৭]
- মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী ছিলেন— তাজউদ্দীন আহমদ।
- মুজিবনগর সরকার গঠনের ফলে— মুক্তিযুদ্ধ সঠিকভাবে পরিচালিত হয়। [JSC ব. বো. '১৮]
- মুজিবনগর সরকার বাংলাদেশকে বিভক্ত করে— ১১টি প্রশাসনিক অঞ্চলে।
- মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি ছিলেন— কর্নেল এম.এ.জি. ওসমানী। [JSC কু. বো. '১৯, কু. বো. '১৮]
- মুক্তিবাহিনীর চিফ অব স্টাফ ছিলেন— কর্নেল (অব.) আবদুর রব। [JSC চ. বো. '১৯]
- মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে বিভক্ত করা হয়— ১১টি সেক্টরে।
- নৌপথ কেন্দ্র করে গড়া হয়েছিল— ১০ নম্বর সেক্টর। [JSC কু. বো. '১৯; রা. বো. '১৭]
- মুক্তিযুদ্ধের সময় রণাঙ্গনে ব্রিগেড ফোর্স ছিল— তিনটি।
- জেড ফোর্সের অধিনায়ক ছিলেন— মেজর জিয়াউর রহমান।
- মুক্তিযুদ্ধে অনিয়মিত বাহিনী হিসেবে গঠিত হয়— গণবাহিনী। [JSC রা. বো. '১৭]
- ময়মনসিংহের ভালুকায় গড়ে ওঠে— আফসার ব্যাটালিয়ন। [JSC দি. বো. '১৭]
- হেমায়েত বাহিনী গঠিত হয়েছিল— গোপালগঞ্জ ও বরিশালে। [JSC ব. বো. '১৯]
- বহির্বিশ্বে মুজিবনগর সরকারের বিশেষ দূত ছিলেন— বিচারপতি আবু সাঈদ চৌধুরী।
- মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের প্রথম মিশন স্থাপিত হয়— কলকাতায়। [JSC দি. বো., রা. বো., ব. বো. '১৯]
- বাংলাদেশের মুক্তিযুদ্ধের বিরোধিতা করেছিল— যুক্তরাষ্ট্র ও চীন।
- 'কনসার্ট ফর বাংলাদেশ' অনুষ্ঠিত হয়— নিউইয়র্কে।
- 'কনসার্ট ফর বাংলাদেশ'-এর অন্যতম উদ্যোক্তা ছিলেন— ভারতের সেতারশিল্পী পণ্ডিত রবি শঙ্কর।
- বাংলাদেশ ও ভারত যৌথবাহিনী গঠন করে— ২১শে নভেম্বর।
- দখলদার পাকিস্তানি বাহিনী বাঙালিদের ওপর হত্যাযজ্ঞ শুরু করে— ২৫শে মার্চ মধ্যরাত থেকে।



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



- মুক্তিযুদ্ধের শুরুতে ও শেষে বুদ্ধিজীবীদের হত্যা করা হয়— বাংলাদেশকে মেধাশূন্য করার পরিকল্পনা থেকে। *[JSC ব. বো. '১৯]*
- যৌথবাহিনী বন্দি করে — প্রায় ৯৩ হাজার পাকিস্তানি সৈন্য।
- স্বৈরশাসক হুসেইন মুহম্মদ এরশাদের বিরুদ্ধে সংঘটিত হয়— নব্বইয়ের গণঅভ্যুত্থান।
- এরশাদ অবৈধভাবে সামরিক অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা দখল করেন— ১৯৮২ সালে।
- এরশাদ বিরোধী আন্দোলনে নূর হোসেন শহিদ হন— ১০ই নভেম্বর, ১৯৮৭।
- ডা. শামসুল আলম খান মিলন শহিদ হন— ১৯৯০ সালের ২৭শে নভেম্বর।
- এরশাদ বিরোধী 'সর্বদলীয় ছাত্র ঐক্য'-এর মধ্যে সংগঠন ছিল— ২৪টি।
- হুসেইন মুহম্মদ এরশাদ পদত্যাগ করেন— ৬ই ডিসেম্বর, ১৯৯০।
- জুলাই গণঅভ্যুত্থান সংঘটিত হয়— ২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে।
- শেখ হাসিনা পদত্যাগ করেন— ৫ই আগস্ট, ২০২৪।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

[প্রতিটি প্রশ্নের মান-১]

### ■ পাঠ-১ ও ২: সশস্ত্র মুক্তিযুদ্ধের পটভূমি; ৭ই মার্চের ভাষণ

*▶ বোর্ড বই, পৃষ্ঠা-২০ ও ২১*

১২১. ভারত ও পাকিস্তান নামে দুটি ভিন্ন রাষ্ট্রের জন্ম হয় কত সালে? (জ্ঞান)
ক ১৯৪৫ খ ১৯৪৬
গ ১৯৪৭ ঘ ১৯৪৮ **গ**

১২২. পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় কত সালে? (জ্ঞান) *[ময়মনসিংহ জিলা স্কুল]*
ক ১৯৭০ খ ১৯৭১
গ ১৯৫৪ ঘ ১৯৫৮ **ক**

১২৩. জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত করার পেছনে ইয়াহিয়া খানের উদ্দেশ্য কী ছিল? (অনুধাবন)
ক জরুরি অবস্থা মোকাবিলা করা
খ শারীরিক অসুস্থতা
গ আওয়ামী লীগকে ক্ষমতা হস্তান্তর না করা
ঘ রাজনৈতিক স্থিতিশীলতা সৃষ্টি **গ**

১২৪. বাংলাদেশের মানচিত্রখচিত জাতীয় পতাকা প্রথম উত্তোলন করা হয় ১৯৭১ সালের কত তারিখে? (জ্ঞান) *[JSC ব. বো. '১৮]*
ক ২রা মার্চ খ ৭ই মার্চ
গ ২৫শে মার্চ ঘ ১৬ই ডিসেম্বর **ক**

১২৫. ২রা মার্চ, ১৯৭১ স্বাধীন বাংলার পতাকা উত্তোলন করেন কারা? (জ্ঞান) *[JSC চ. বো. '১৭]*
ক মুসলিম লীগের নেতৃবৃন্দ খ আওয়ামী লীগের নেতৃবৃন্দ
গ বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা ঘ ডাকসু নেতৃবৃন্দ **ঘ**

১২৬. কার নেতৃত্বে সর্বপ্রথম 'স্বাধীন বাংলার' প্রথম পতাকা উত্তোলন করা হয়? (জ্ঞান)
ক শেখ মুজিবুর রহমান খ আ স ম আবদুর রব
গ শাজাহান সিরাজ ঘ সৈয়দ নজরুল ইসলাম **খ**

১২৭. ১৯৭১ সালের কত তারিখ থেকে সর্বাত্মক অসহযোগ আন্দোলন শুরু হয়? (জ্ঞান) *[বিরশ্রেষ্ঠ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা]*
ক ১লা মার্চ খ ২রা মার্চ
গ ৩রা মার্চ ঘ ৪ঠা মার্চ **গ**

১২৮. 'ছাত্র সংগ্রাম পরিষদ' গঠিত হয় কবে? (জ্ঞান) *[ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]*
ক ২রা মার্চ, ১৯৭১ খ ৩রা মার্চ, ১৯৭১
গ ৪ঠা মার্চ, ১৯৭১ ঘ ৭ই মার্চ, ১৯৭১ **খ**

১২৯. কত তারিখে স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়? (জ্ঞান)
ক ২রা মার্চ, ১৯৭১ খ ৩রা মার্চ, ১৯৭১
গ ৭ই মার্চ, ১৯৭১ ঘ ২৬শে মার্চ, ১৯৭১ **খ**

১৩০. স্বাধীনতার ইশতেহার পাঠ করেন কে? (জ্ঞান) *[সিরাজগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*
ক আ স ম আবদুর রব খ শাজাহান সিরাজ
গ শেখ মুজিবুর রহমান ঘ জিয়াউর রহমান **খ**

১৩১. ১৯৭১ সালের ৩রা মার্চ বাংলাদেশের ইতিহাসে গুরুত্বপূর্ণ হওয়ার কারণ— (অনুধাবন)
i. ছাত্র সংগ্রাম পরিষদ গঠিত হওয়া
ii. স্বাধীনতার ইশতেহার পাঠ
iii. স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৩২. শেখ মুজিবুর রহমান রেসকোর্স ময়দানে কত তারিখে ভাষণ দেন? (জ্ঞান) *[রাজশাহী ক্যাডেট কলেজ]*
ক ৪ঠা মার্চ, ১৯৭১ খ ৫ই মার্চ, ১৯৭১
গ ৬ই মার্চ, ১৯৭১ ঘ ৭ই মার্চ, ১৯৭১ **ঘ**

### ■ পাঠ-৩: ২৫শে মার্চের নারকীয় হত্যাযজ্ঞ

*▶ বোর্ড বই, পৃষ্ঠা-২২*

১৩৩. ১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে পাকিস্তানি সেনাবাহিনীর বর্বরোচিত গণহত্যার অভিযানের নাম কী ছিল? (জ্ঞান)
ক অপারেশন জ্যাকপট খ অপারেশন সার্চলাইট
গ অপারেশন ক্লিনহার্ট ঘ অপারেশন রেবেল হান্ট **খ**

১৩৪. অপারেশন সার্চলাইট অনুযায়ী ঢাকা শহরে গণহত্যার মূল দায়িত্ব দেওয়া হয় কাকে? (জ্ঞান) *[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*
ক জেনারেল টিক্কা খানকে
খ জেনারেল নিয়াজিকে
গ মেজর জেনারেল খাদিম হোসেন রাজাকে
ঘ মেজর জেনারেল রাও ফরমান আলীকে **ঘ**

১৩৫. অপারেশন সার্চলাইটে ঢাকার বাইরে গণহত্যার প্রধান দায়িত্ব দেওয়া হয় কাকে? (জ্ঞান)
ক জেনারেল টিক্কা খানকে
খ জেনারেল নিয়াজিকে
গ মেজর জেনারেল খাদিম হোসেন রাজাকে
ঘ মেজর জেনারেল রাও ফরমান আলীকে **গ**

১৩৬. অপারেশন সার্চলাইটের সার্বিক তত্ত্বাবধানে কে ছিলেন? (জ্ঞান)
ক মেজর জেনারেল রাও ফরমান আলী
খ মেজর জেনারেল খাদিম হোসেন রাজা
গ লে. জেনারেল টিক্কা খান
ঘ লে. জেনারেল নিয়াজি **গ**

১৩৭. অপারেশন সার্চলাইটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কতজন শিক্ষক নিহত হন? *[শেরপুর সরকারি ভিক্টোরিয়া উচ্চ একাডেমি]*
ক ৫ জন খ ১০ জন
গ ১৫ জন ঘ ২০ জন **খ**

১৩৮. ১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে পাকিস্তানি সেনাবাহিনী আক্রমণ চালায়— (অনুধাবন)
i. ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ সার্জেন্ট জহুরুল হক হলে
ii. ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে
iii. প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী হলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৯ ও ১৪০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
অরিজিৎ তার বাবার সাথে দুর্গা পূজা দেখার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি হলে গেল। সেখানে যাওয়ার পর অরিজিৎয়ের বাবা তাকে বললেন, "১৯৭১ সালের ২৫শে মার্চ পাকিস্তানি সেনাবাহিনী এ হলে পাশবিক নির্যাতন ও হত্যাকাণ্ড চালিয়েছিল।"

১৩৯. অনুচ্ছেদ দ্বারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন হলকে ইঙ্গিত করা হয়েছে? (প্রয়োগ)
ক জগন্নাথ হল খ জহুরুল হক হল
গ রোকেয়া হল ঘ সূর্যসেন হল **ক**

১৪০. অনুচ্ছেদে উল্লেখিত রাতে পাকিস্তানি বাহিনী গণহত্যা চালায়— (উচ্চতর দক্ষতা)
i. শহীদ সার্জেন্ট জহুরুল হক হলে
ii. সোহরাওয়ার্দী হলে
iii. রোকেয়া হলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## ■ পাঠ-৪: স্বাধীনতার ঘোষণা ▸বোর্ড বই, পৃষ্ঠা-২৪

১৪১. মেজর জিয়াউর রহমান সর্বপ্রথম কত তারিখে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন? (জ্ঞান)
ক ২৫শে মার্চ, ১৯৭১ খ ২৬শে মার্চ, ১৯৭১
গ ২৭শে মার্চ, ১৯৭১ ঘ ১০ই এপ্রিল, ১৯৭১ **খ**

১৪২. মেজর জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষণা প্রদান করেন— (অনুধাবন)
i. ২৫শে মার্চ, ১৯৭১
ii. ২৬শে মার্চ, ১৯৭১
iii. ২৭শে মার্চ, ১৯৭১
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

## ■ পাঠ-৫: মুক্তিযুদ্ধের প্রস্তুতি ও অস্থায়ী সরকার গঠন ▸বোর্ড বই, পৃষ্ঠা-২৫

১৪৩. ১৯৭১ সালের কোন তারিখে মুজিবনগরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠিত হয়? [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-১]
ক ২৬শে মার্চ খ ১০ই এপ্রিল
গ ২৭শে মার্চ ঘ ১৭ই এপ্রিল **খ**

১৪৪. মুজিবনগর সরকার কবে শপথ গ্রহণ করে? (জ্ঞান) [ঝিনাইদহ ক্যাডেট কলেজ]
ক ১৭ই এপ্রিল, ১৯৭১ খ ১০ই মার্চ, ১৯৭১
গ ৪ঠা নভেম্বর, ১৯৭২ ঘ ১২ই অক্টোবর, ১৯৭২ **ক**

১৪৫. মুজিবনগর সরকারের সদস্যদের শপথবাক্য পাঠ করান কে? (জ্ঞান) [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল]
ক আবদুল হান্নান খ তাজউদ্দীন আহমদ
গ অধ্যাপক ইউসুফ আলী ঘ সৈয়দ নজরুল ইসলাম **গ**

১৪৬. মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন? (জ্ঞান) [আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোণা]
ক তাজউদ্দীন আহমদ খ এম. মনসুর আলী
গ এ এইচ এম. কামারুজ্জামান ঘ খন্দকার মোশতাক আহমেদ **ক**

১৪৭. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন? (জ্ঞান) [JSC দি. বো. '১৮; ব. বো. '১৭]
ক এএইচএম কামারুজ্জামান খ এম. মনসুর আলী
গ তাজউদ্দীন আহমদ ঘ খন্দকার মোশতাক আহমেদ **খ**

১৪৮. মুজিবনগর সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য ছিলেন— (অনুধাবন)
i. মণি সিংহ
ii. মোজাফফর আহমদ
iii. মনোরঞ্জন ধর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

উদ্দীপকটি পড়ে ১৪৯ ও ১৫০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
ইহুদি, খ্রিস্টান ও মুসলিম এ তিন সম্প্রদায়ের কাছে অতি পবিত্র এবং গুরুত্বপূর্ণ স্থান জেরুজালেমের দখল নিয়ে বহু রক্তক্ষয়ী যুদ্ধ সংঘটিত হয়েছে। ইহুদিদের হাত থেকে এ অঞ্চলকে মুক্ত করার জন্য ফিলিস্তিনিরা লেবাননের রাজধানী বৈরুতে একটি প্রবাসী সরকার গঠন করে তাদের স্বাধীনতা সংগ্রাম চালিয়ে যাচ্ছে।

১৪৯. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ বাংলাদেশের সরকার কত তারিখে গঠিত হয়? (প্রয়োগ)
ক ২৬শে মার্চ, ১৯৭১ খ ১০ই এপ্রিল, ১৯৭১
গ ১৭ই এপ্রিল, ১৯৭১ ঘ ১৮ই এপ্রিল, ১৯৭১ **খ**

১৫০. উক্ত প্রবাসী সরকারের অন্যতম কার্যক্রম হচ্ছে— (উচ্চতর দক্ষতা)
i. বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর প্রতিষ্ঠা
ii. বাংলাদেশকে প্রশাসনিক অঞ্চলে বিভক্ত করা
iii. পরিকল্পনা কমিশন গঠন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

## ■ পাঠ-৬: মুক্তিবাহিনী গঠন ও কার্যক্রম ▸বোর্ড বই, পৃষ্ঠা-২৫

১৫১. মুজিবনগর সরকার গঠনের ফলে— (অনুধাবন) [JSC ব. বো. '১৮]
ক মুক্তিযুদ্ধ সঠিকভাবে পরিচালিত হয়
খ সুশাসন প্রতিষ্ঠিত হয়
গ অর্থনৈতিক অগ্রগতি সাধিত হয়
ঘ গণতন্ত্রের বিকাশ ঘটে **ক**

১৫২. কে মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি ছিলেন? (জ্ঞান) [JSC কু. বো. '১৯, কু. বো. '১৮]
ক অধ্যাপক ইউসুফ আলী খ কর্নেল এম.এ.জি. ওসমানী
গ কর্নেল (অব.) আবদুর রব ঘ গ্রুপ ক্যাপ্টেন এ. কে. খন্দকার **খ**

১৫৩. মুক্তিবাহিনীর চিফ অব স্টাফ কে ছিলেন? (জ্ঞান) [JSC ব. বো. '১৯]
ক কর্নেল এম.এ.জি. ওসমানী খ কর্নেল (অব.) আব্দুর রব
গ গ্রুপ ক্যাপ্টেন এ. কে. খন্দকার ঘ মেজর কে. এম. শফিউল্লাহ **খ**

১৫৪. মুক্তিবাহিনীর ডেপুটি চিফ অব স্টাফ ছিলেন কে? (জ্ঞান) [ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক মেজর জিয়াউর রহমান খ কর্নেল ওসমানী
গ গ্রুপ ক্যাপ্টেন এ. কে. খন্দকার ঘ কর্নেল (অব.) আবদুর রব **গ**

১৫৫. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল? (জ্ঞান)
ক ৮ খ ৯
গ ১০ ঘ ১১ **ঘ**

১৫৬. মুক্তিযুদ্ধের সময় ঢাকা কত নং সেক্টরের অধীনে ছিল? (জ্ঞান) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক ২নং খ ৩নং
গ ৪নং ঘ ৫নং **ক**

১৫৭. রহিমের দাদু পাবনা জেলায় মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। তিনি কত নম্বর সেক্টরে যুদ্ধ করেছিলেন? (প্রয়োগ) [JSC কু. বো. '১৭]
ক ২ খ ৪
গ ৭ ঘ ৯ **গ**

১৫৮. মুক্তিযুদ্ধে কত নম্বর সেক্টরটি জলসীমার নিরাপত্তা নিয়ে কাজ করেছিল? (জ্ঞান) [JSC কু. বো. '১৯; রা. বো. '১৭]
ক ৭ খ ৮
গ ১০ ঘ ১১ **গ**

১৫৯. মুক্তিযুদ্ধের সময় রণাঙ্গনকে কয়টি ব্রিগেড ফোর্সে ভাগ করা হয়? (জ্ঞান)
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি **খ**

১৬০. 'জেড ফোর্সের' অধিনায়ক কে ছিলেন? (জ্ঞান)
ক মেজর জিয়াউর রহমান খ মেজর খালেদ মোশাররফ
গ মেজর কে. এম. শফিউল্লাহ ঘ আতাউল গনি ওসমানী **ক**

১৬১. মুক্তিযুদ্ধে কোনটি অনিয়মিত বাহিনী হিসেবে গঠিত হয়? (জ্ঞান) [JSC রা. বো. '১৭]
ক গণবাহিনী খ কাদেরিয়া বাহিনী
গ হেমায়েত বাহিনী ঘ ক্র্যাক প্লাটুন **ক**

১৬২. যুদ্ধের সময় আফসার ব্যাটালিয়ন কোন এলাকায় গড়ে ওঠে? (জ্ঞান) [JSC দি. বো. '১৭]
ক সিরাজগঞ্জ ও পাবনা খ ভালুকা ও ময়মনসিংহ
গ গোপালগঞ্জ ও বরিশাল ঘ মানিকগঞ্জ ও মাগুরা **খ**

১৬৩. সিরাজগঞ্জ, পাবনার আঞ্চলিক গেরিলা বাহিনী কোনটি ছিল? (জ্ঞান) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক জিয়া বাহিনী খ লতিফ মির্জা বাহিনী
গ আকবর বাহিনী ঘ হালিম বাহিনী **খ**

১৬৪. 'অপারেশন জ্যাকপট' নামে পরিচালিত অভিযানে বিভিন্ন দেশ থেকে আসা অস্ত্র, খাদ্য ও তেলবাহী কতটি জাহাজ ধ্বংস করা হয়? (জ্ঞান)
ক ২৬টি খ ২৭টি
গ ৩০টি ঘ ২০টি **ক**

১৬৫. দশ নম্বর সেক্টরের অধীনে ছিল— (অনুধাবন) [নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
i. নৌ-কমান্ডো
ii. সমুদ্র উপকূলীয় অঞ্চল
iii. অভ্যন্তরীণ নৌপথ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৬৬. অপারেশন জ্যাকপট একই সময়ে পরিচালিত হয়— (অনুধাবন)
i. চট্টগ্রাম সমুদ্রবন্দরে
ii. মোংলা সমুদ্রবন্দরে
iii. চাঁদপুর ও নারায়ণগঞ্জ নদীবন্দরে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



১৬৭. মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের জন্য 'বীরপ্রতীক' খেতাবে ভূষিত হয়েছেন— (অনুধাবন)
i. তারামন বিবি
ii. ডা. সিতারা বেগম
iii. ক্যাপ্টেন জাহেদা খাতুন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii — ক

## ■ পাঠ-৭ ও ৮: মুক্তিযুদ্ধে বিরোধী শক্তি; মুক্তিযুদ্ধে দেশি ও বিদেশি সহযোগিতা ▸বোর্ড বই, পৃষ্ঠা-২৮

১৬৮. মুক্তিযুদ্ধ চলাকালীন জাতিসংঘে কতটি দেশের প্রতিনিধি বাংলাদেশের সমস্যা নিয়ে আলোচনা করে? (জ্ঞান) [JSC দি. বো. ১৭]
ⓚ ৪৭টি ⓛ ৪৯টি
ⓜ ৫৭টি ⓝ ৬৩টি — ক

১৬৯. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের প্রথম মিশন কোথায় স্থাপিত হয়? (জ্ঞান) [JSC দি. বো., রা. বো., ব. বো. ১৯]
ⓚ নিউইয়র্কে ⓛ দিল্লিতে
ⓜ লন্ডনে ⓝ কলকাতায় — ঘ

১৭০. মুক্তিযুদ্ধের সময় ভারতে আশ্রয় নেওয়া শরণার্থীর সংখ্যা কত ছিল? (জ্ঞান) [আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয়, নেত্রকোণা]
ⓚ প্রায় দশ লক্ষ ⓛ প্রায় পনেরো লক্ষ
ⓜ প্রায় এক কোটি ⓝ প্রায় দুই কোটি — গ

১৭১. কার উদ্যোগে মুক্তিযুদ্ধে সহায়তার জন্য 'কনসার্ট ফর বাংলাদেশ'-এর আয়োজন করা হয়? (জ্ঞান)
ⓚ রবি শঙ্কর ⓛ আলী আকবর খান
ⓜ বেলায়েত খান ⓝ জর্জ হ্যারিসন — ক

১৭২. মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি বাহিনী কর্তৃক গণহত্যা ও ধ্বংসযজ্ঞের চাঞ্চল্যকর তথ্য কে প্রকাশ করেন? (জ্ঞান)
ⓚ জর্জ হ্যারিসন ⓛ রবি শঙ্কর
ⓜ মার্ক টালি ⓝ এন্থনি ম্যাসকারেনহাস — ঘ

১৭৩. বিবিসি'র কোন সাংবাদিক মুক্তিযুদ্ধের পক্ষে খবর প্রচার করেছিলেন? (জ্ঞান) [JSC কু. বো. ১৯]
ⓚ দেবদুলাল বন্দ্যোপাধ্যায় ⓛ মার্ক টালি
ⓜ এন্থনি ম্যাসকারেনহাস ⓝ সাইমন ড্রিং — খ

১৭৪. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে ভূমিকা রাখে— (অনুধাবন) [JSC চ. বো. ১৭]
i. ভারত
ii. সোভিয়েত ইউনিয়ন
iii. চীন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii — ক

১৭৫. 'অপারেশন সার্চলাইট' সম্পর্কিত তথ্য বহির্বিশ্বে ছড়িয়ে দেন সাংবাদিক— (অনুধাবন) [JSC কু. বো. ১৮]
i. সাইমন ড্রিং
ii. এন্থনি ম্যাসকারেনহাস
iii. মার্ক টালি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii — ক

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৭৬ ও ১৭৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:
বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর সরকার 'ক' দেশটিতে বাংলাদেশ মিশন স্থাপন করেন। ঐ দেশটির সরকার বাংলাদেশের মুক্তিযুদ্ধের বিপক্ষে অবস্থান নেয়। কিন্তু 'ক' দেশের জনগণ বাংলাদেশের পক্ষে ছিল। [JSC দি. বো. ১৮; ব. বো. ১৭]

১৭৬. উদ্দীপকের 'ক' দেশটি হচ্ছে— (প্রয়োগ)
ⓚ ভারত ⓛ সোভিয়েত ইউনিয়ন
ⓜ যুক্তরাষ্ট্র ⓝ ব্রিটেন — গ

১৭৭. বাংলাদেশের মুক্তিযুদ্ধকে বাধাগ্রস্ত করতে 'ক' চিহ্নিত দেশটির ভূমিকা কী ছিল? (উচ্চতর দক্ষতা)
ⓚ জাতিসংঘে যুদ্ধ বিরতিতে ভেটো প্রদান
ⓛ জাতিসংঘে কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রাখা
ⓜ ভারতের পক্ষে সমর্থন দান
ⓝ পাকিস্তানের বিরোধিতা করা — খ

## ■ পাঠ-৯: যৌথবাহিনীর নেতৃত্বে চূড়ান্ত যুদ্ধ ▸বোর্ড বই, পৃষ্ঠা-৩১

১৭৮. কত তারিখে বাংলাদেশ ও ভারত সম্মিলিতভাবে যৌথবাহিনী গঠন করে? (জ্ঞান) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ⓚ ২৬শে মার্চ ⓛ ৪ই ডিসেম্বর
ⓜ ২১শে নভেম্বর ⓝ ২১শে জুন — গ

১৭৯. মুক্তিযুদ্ধের সময় ৭ই ডিসেম্বর যৌথবাহিনী কোন শহরে প্রবেশ করে? (জ্ঞান) [JSC দি. বো., ব. বো. ১৮]
ⓚ বরিশাল ⓛ কুষ্টিয়া
ⓜ যশোর ⓝ কুমিল্লা — গ

নিচের উদ্দীপকটি পড়ে ১৮০ ও ১৮১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
সাইফুলের দাদা ছিলেন একজন মুক্তিযোদ্ধা। সাইফুলকে মুক্তিযুদ্ধের বর্ণনা দিতে গিয়ে তিনি বলেন যে, প্রশিক্ষণপ্রাপ্ত বাঙালি গেরিলা যোদ্ধারা পাকবাহিনীর ওপর ব্যাপক আক্রমণ চালায়। পাকবাহিনীকে পরাস্ত করতে ১৩ই নভেম্বর ১৯৭১-এ আরও এক শক্তি মুক্তিবাহিনীর সাথে যোগ দেয়। [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

১৮০. উদ্দীপকে ১৩ই নভেম্বর যোগ হওয়া শক্তিটি কী ছিল? (প্রয়োগ)
ⓚ অত্যাধুনিক যুদ্ধাস্ত্র
ⓛ ইস্টবেঙ্গল রেজিমেন্টের বাঙালি সৈনিক
ⓜ দুই ব্যাটালিয়ন ভারতীয় সৈন্য
ⓝ অনিয়মিত বাহিনী — গ

১৮১. ১৩ই নভেম্বর যোগ হওয়া শক্তির উদ্দেশ্য ছিল— (উচ্চতর দক্ষতা)
i. যৌথবাহিনী গঠন করা
ii. অর্জিত স্বাধীনতা ভাগাভাগি করে নেওয়া
iii. মুক্তিযুদ্ধে বাংলাদেশের বিজয় নিশ্চিত করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii — খ

## ■ পাঠ-১০: গণহত্যা ও নির্যাতন ▸বোর্ড বই, পৃষ্ঠা-৩২

১৮২. পাকিস্তানি বাহিনী মুক্তিযুদ্ধের শুরুতে ও শেষে এদেশের বুদ্ধিজীবীদের হত্যা করেছিল কেন? (অনুধাবন)
ⓚ দেশকে জনশূন্য করার জন্য
ⓛ যুদ্ধে জয়লাভের জন্য
ⓜ অশিক্ষিতের হার বাড়ানোর জন্য
ⓝ দেশকে মেধাশূন্য করার জন্য — ঘ

১৮৩. খুলনার চুকনগরে ইতিহাসের জঘন্যতম গণহত্যা সংঘটিত হয় কবে? (জ্ঞান)
ⓚ ২৩শে মার্চ, ১৯৭১ ⓛ ২০শে মে, ১৯৭১
ⓜ ২১শে মে, ১৯৭১ ⓝ ২৩শে জুন, ১৯৭১ — খ

## ■ পাঠ-১১: পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণ ▸বোর্ড বই, পৃষ্ঠা-৩৩

১৮৪. বাংলাদেশ চূড়ান্ত বিজয় লাভ করে— (জ্ঞান) [রংপুর জিলা স্কুল]
ⓚ ২৬শে মার্চ, ১৯৭১ ⓛ ১৬ই ডিসেম্বর, ১৯৭১
ⓜ ৭ই মার্চ, ১৯৭১ ⓝ ২১শে ফেব্রুয়ারি, ১৯৭১ — খ

১৮৫. মুক্তিযুদ্ধে যৌথবাহিনীর কমান্ডার ছিলেন কে? (জ্ঞান) [JSC চ. বো. ১৭]
ⓚ কর্নেল এম. এ. জি. ওসমানী
ⓛ মেজর জেনারেল নাগরা
ⓜ মেজর জেনারেল জ্যাকব
ⓝ লে. জেনারেল জগজিৎ সিং অরোরা — ঘ

১৮৬. আত্মসমর্পণ অনুষ্ঠানে মুজিবনগর সরকারের প্রতিনিধিত্ব করেন কে? (জ্ঞান) [নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ জেনারেল এম. এ. জি. ওসমানী
ⓛ সৈয়দ নজরুল ইসলাম
ⓜ গ্রুপ ক্যাপ্টেন এ. কে. খন্দকার
ⓝ চিফ অব স্টাফ কর্নেল (অব.) আবদুর রব — গ

১৮৭. যৌথবাহিনী কত জন পাকিস্তানি সেনাকে বন্দি করে? (জ্ঞান)
ⓚ প্রায় ৯০ হাজার ⓛ প্রায় ৯১ হাজার
ⓜ প্রায় ৯২ হাজার ⓝ প্রায় ৯৩ হাজার — ঘ

১৮৮. মাত্র নয় মাসে মুক্তিযুদ্ধের সফল সমাপ্তির কারণ— (অনুধাবন) [JSC চ. বো. ১৯]
i. যৌথ বাহিনীর দুর্দান্ত লড়াই
ii. বিশ্ববাসীর জোরালো সমর্থন
iii. যুক্তরাষ্ট্রের বিরোধীদলের সমর্থন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii — ক



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## ■ পাঠ-১২: বাংলাদেশে গণতান্ত্রিক অভিযাত্রায় গণঅভ্যুত্থান

▶বোর্ড বই, পৃষ্ঠা-৩৪

১৮৯. ১৯৯০ সালে গণঅভ্যুত্থান কার বিরুদ্ধে ছিল? (জ্ঞান)
ⓐ ইয়াহিয়া খান ⓑ খন্দকার মোশতাক আহমেদ
ⓒ এরশাদ ⓓ শেখ হাসিনা **গ**

১৯০. স্বৈরশাসক এরশাদ অবৈধভাবে ক্ষমতা দখল করে কত সালে? (জ্ঞান)
ⓐ ১৯৮০ ⓑ ১৯৮২
ⓒ ১৯৮৩ ⓓ ১৯৮৪ **খ**

১৯১. "স্বৈরাচার নীপাত যাক, গণতন্ত্র মুক্তি পাক"— স্লোগান কার বুকে লেখা ছিল? (জ্ঞান)
ⓐ ডা. মিলন ⓑ নূর হোসেন
ⓒ আবু সাইদ ⓓ ওয়াসিম আকরাম **খ**

১৯২. এরশাদ বিরোধী 'সর্বদলীয় ছাত্র ঐক্য' গঠিত হয়েছিল কয়টি সংগঠনের সমন্বয়ে? (জ্ঞান)
ⓐ ২১টি ⓑ ২২টি
ⓒ ২৩টি ⓓ ২৪টি **ঘ**

১৯৩. এরশাদের দলীয় সন্ত্রাসীদের গুলিতে নিহত ডা. শামসুল আলম খান মিলন কোন মেডিকেল কলেজের শিক্ষক ছিলেন? (জ্ঞান)
ⓐ ঢাকা ⓑ সোহরাওয়ার্দী
ⓒ ময়মনসিংহ ⓓ রাজশাহী **ক**

১৯৪. গণবিক্ষোভের মুখে স্বৈরাচারী এরশাদ পদত্যাগে বাধ্য হন কখন? (জ্ঞান)
ⓐ ১০ই নভেম্বর, ১৯৯০ ⓑ ১লা ডিসেম্বর, ১৯৯০
ⓒ ৬ই ডিসেম্বর, ১৯৯০ ⓓ ১০ই ডিসেম্বর, ১৯৯০ **গ**

১৯৫. ২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে সংঘটিত অভ্যুত্থান কী নামে পরিচিত? (জ্ঞান)
ⓐ আগস্ট অভ্যুত্থান ⓑ জুলাই আন্দোলন
ⓒ আগস্ট বিপ্লব ⓓ জুলাই গণঅভ্যুত্থান **ঘ**

১৯৬. ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সারাদেশের ছাত্রছাত্রীরা কীসের দাবিতে আন্দোলন শুরু করে? (জ্ঞান)
ⓐ বয়সসীমা বৃদ্ধি ⓑ বেতন বৃদ্ধি
ⓒ কোটা সংস্কার ⓓ সর্বজনীন পেনশন **গ**

১৯৭. জুলাই অভ্যুত্থানের প্রধান কারণগুলো হলো— (অনুধাবন)
i. বিচারবহির্ভূত হত্যাকাণ্ড
ii. লুটপাট ও অর্থপাচার
iii. দীর্ঘমেয়াদি ফ্যাসিবাদী শাসন
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii **ঘ**

১৯৮. ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের শিক্ষা হলো—
[বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-২]
i. ঐক্যবদ্ধ থাকলে যেকোনো অন্যায় প্রতিরোধ করা যায়
ii. বাংলাদেশে আর কখনও স্বৈরশাসন ফিরে আসবে না
iii. সুশাসন না থাকলে জনগণ ক্ষুব্ধ হয়
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii **খ**

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৯৯ ও ২০০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
'ক' রাষ্ট্রে বৈষম্যমূলক কোটা সংস্কারের দাবিতে আন্দোলন সংঘটিত হয়। আন্দোলনের তীব্রতায় বাধ্য হয়ে সরকারপ্রধান পদত্যাগ করে পার্শ্ববর্তী দেশে পালিয়ে যেতে বাধ্য হয়।

১৯৯. উদ্দীপক দ্বারা নিচের কোন আন্দোলনকে নির্দেশ করা হয়েছে? (প্রয়োগ)
ⓐ জুলাই গণঅভ্যুত্থান ⓑ আগস্ট আন্দোলন
ⓒ স্বৈরাচার বিরোধী আন্দোলন ⓓ গণতান্ত্রিক গণঅভ্যুত্থান **ক**

২০০. অনুচ্ছেদে বর্ণিত আন্দোলনে অংশ নিয়েছিল— (উচ্চতর দক্ষতা)
i. নারী শিক্ষার্থী ও মাদ্রাসা ছাত্র
ii. সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র
iii. সামরিক বাহিনী
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ ii ও iii ⓒ i ও iii ⓓ i, ii ও iii **ক**

# চতুর্থ অধ্যায় বাংলাদেশের অর্থনীতি

## তথ্যকণিকা

- অর্থনৈতিক দিক থেকে বাংলাদেশকে বলা হয়— কৃষিপ্রধান।
- বাংলাদেশের অধিকাংশ লোক বাস করে— গ্রামে।
- বাংলাদেশের অর্থনৈতিক খাত প্রধানত— দুটি।
- সরকারি ও বেসরকারি খাত দিয়ে বিকশিত হচ্ছে— বাংলাদেশের অর্থনৈতিক জীবনধারা।
- মোট দেশজ উৎপাদন হলো— GDP।
- GDP এর পূর্ণরূপ— Gross Domestic Product.
- GNP এর পূর্ণরূপ— Gross National Product.
- দেশে অবস্থানরত বিদেশি নাগরিকদের আয় অন্তর্ভুক্ত হয় না— জাতীয় আয়ে।
- একটি দেশ কতটা উন্নত বা অনুন্নত তা পরিমাপের সূচক হলো— জিএনপি, জীবনযাত্রার মান ও মাথাপিছু আয়। [JSC দি. বো. '১৮]
- মোট জাতীয় আয় ও মোট জনসংখ্যার ভাগফল হলো— মাথাপিছু আয়।
- দেশের উৎপাদন বাড়লে— জনগণের ক্রয়ক্ষমতা বাড়ে ও দারিদ্র্য হ্রাস পায়। [JSC সি. বো. '১৮]
- বাংলাদেশের জাতীয় আয়ের বৃহৎ খাত হলো— শিল্প। [JSC দি. বো. '১৮]
- যারা শ্রম বা মেধা দিয়ে দেশের যেকোনো খাতে অবদান রাখে তাদের বলে— মানবসম্পদ।
- একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে সবচেয়ে বেশি অবদান রাখে— দক্ষ মানুষ। [JSC রা. বো. '১৯]
- প্রশিক্ষণ নিয়ে প্রবাসে যাওয়া ব্যক্তি— দক্ষ শ্রমিক। [JSC ব. বো. '১৮]
৫৯৫. নিচের কোন নৃগোষ্ঠী ধর্মীয় ও লোকজ অনুষ্ঠানে মাথায় পাগড়ি পড়ে? (জ্ঞান) *[কুমিল্লা জিলা স্কুল]*
ক) রাখাইন খ) মারমা
গ) গারো ঘ) সাঁওতাল **ক**

৫৯৬. রাখাইনরা ঐতিহ্যের প্রতীক হিসেবে কী পরে? (অনুধাবন) *[গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা]*
ক) ফতুয়া খ) লুঙ্গি গ) পাগড়ি ঘ) শাড়ি **গ**

৫৯৭. মারমা নৃগোষ্ঠীর বৈশিষ্ট্য হচ্ছে— *[বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-৩]*
i. সমতল থেকে ৬/৭ ফুট উপরে বাড়ি তৈরি
ii. মাতৃপ্রধান পরিবার
iii. কৃষিপ্রধান অর্থনীতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **খ**

৫৯৮. মারমারা সাংগ্রাই উৎসব করে— (অনুধাবন) *[JSC সি. বো. '১৮]*
i. বর্ষ বিদায় দিতে
ii. বর্ষবরণ উপলক্ষ্যে
iii. দেবদেবীর পূজাতে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

৫৯৯. রাখাইন নৃগোষ্ঠীর বৈশিষ্ট্য হচ্ছে— (অনুধাবন)
i. সাংগ্রাই উৎসব বৃহৎ আনন্দ উৎসব
ii. 'সোহরাই' এবং 'বাহা' উল্লেখযোগ্য উৎসব
iii. পটুয়াখালী, বরগুনা জেলায় বাস করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **খ**

অনুচ্ছেদটি পড়ে ৬০০ ও ৬০১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
রাজু ও সাজু দুই বন্ধু মিলে প্রথমে রাঙামাটি ও পরে বান্দরবান জেলায় বেড়াতে যায়। সেখানে তারা প্রথমত 'বিজু' ও পরবর্তীতে 'সাংগ্রাই' উৎসব উপভোগ করে। *[JSC কু. বো. '১৯]*

৬০০. প্রথম উৎসব পালনকারী নৃগোষ্ঠীর সার্কেল প্রধানকে কী বলা হয়? (প্রয়োগ)
ক) হেডম্যান খ) কার্বারি
গ) সাংমা ঘ) রাজা **ঘ**

৬০১. উদ্দীপকে উল্লেখিত দ্বিতীয় উৎসবটি কী উদ্দেশ্যে পালন করা হয়? (উচ্চতর দক্ষতা)
ক) বর্ষবরণ ও বিদায় খ) বিবাহ অনুষ্ঠান
গ) চৈত্র সংক্রান্তি ঘ) জন্মবার্ষিকী **ক**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬০২ ও ৬০৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
রফিক বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের পাহাড়ি এলাকায় বেড়াতে গিয়েছিল। সেখানে মুখমণ্ডল গোলাকার, গায়ের রং ঈষৎ হলদেটে, নাক চ্যাপ্টা এমন মানুষের সাথে তার দেখা হয়। পুরুষেরা মাথায় পাগড়ি এবং মেয়েরা এক ধরনের ব্লাউজ পরে। *[JSC ঢা. বো. '১৭]*

৬০২. রফিকের সাথে কোন নৃগোষ্ঠীর দেখা হয়েছিল? (প্রয়োগ)
ক) ম্রো খ) ত্রিপুরা গ) চাকমা ঘ) মারমা **ঘ**

৬০৩. উক্ত নৃগোষ্ঠীর জন্য প্রযোজ্য হলো— (উচ্চতর দক্ষতা)
i. বৌদ্ধ ভিক্ষু 'ভান্তে'দের দেখা পাওয়া যায়
ii. মাচা পেতে ঘর তৈরি করে
iii. ঘরবাড়ি বাঁশ, কাঠ ও ছনের তৈরি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

নিচের অনুচ্ছেদটি পড়ে ৬০৪ ও ৬০৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
বার্ষিক পরীক্ষা শেষে সুমাইয়া মা-বাবার সঙ্গে কক্সবাজার বেড়াতে যায়। এখানে বেড়াতে বের হয়ে সে দেখতে পেল এক বিশেষ নৃগোষ্ঠীর মানুষ মাচা পেতে ঘর তৈরি করে বাস করছে। বৌদ্ধ ধর্মাবলম্বী এই মানুষগুলোর ঐতিহ্যের প্রতীক তাদের পাগড়ি। *[বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-৪ ও ৫]*

৬০৪. সুমাইয়ার দেখা নৃগোষ্ঠীর নাম কী?
ক) চাকমা খ) সাঁওতাল
গ) মারমা ঘ) রাখাইন **ঘ**

৬০৫. সুমাইয়ার দেখা নৃগোষ্ঠীর সাংস্কৃতিক বৈশিষ্ট্য হচ্ছে—
i. পরিবারের প্রধান হলেন বাবা
ii. প্রধান জীবিকা কৃষি
iii. ঘরবাড়ি বাঁশ ও ছনের তৈরি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

নিচের ছকটি দেখো এবং ৬০৬ ও ৬০৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:




*[JSC ঢা. বো. '১৮]*

৬০৬. ছকের (?) চিহ্নিত স্থানটি কোন নৃগোষ্ঠীকে নির্দেশ করে? (প্রয়োগ)
ক) গারো খ) চাকমা
গ) মারমা ঘ) রাখাইন **ঘ**

৬০৭. উক্ত নৃগোষ্ঠীর সামাজিক জীবনের বৈশিষ্ট্য হলো— (উচ্চতর দক্ষতা)
i. মেয়েদের তারা শ্রদ্ধা করে
ii. পরিবারে পিতার স্থান সর্বোচ্চ
iii. গ্রাম প্রধান মনোনীত করে গ্রামবাসী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

## পাঠ-৭: বাংলাদেশের চাকমা, মারমা, সাঁওতাল, রাখাইন নৃগোষ্ঠীর সাথে বাঙালি সংস্কৃতির সংমিশ্রণ ও আদান-প্রদান

*বোর্ড বই, পৃষ্ঠা-৯৩*

৬০৮. নৃগোষ্ঠীর শব্দভান্ডার থেকে যেসব শব্দ বাংলা ভাষায় প্রবেশ করেছে— (জ্ঞান) *[JSC রা. বো. '১৭]*
ক) টেক্কা খ) উথাল-পাথাল
গ) আবোল-তাবোল ঘ) এলোপাথাড়ি **গ**

৬০৯. নৃগোষ্ঠীর শব্দভান্ডার থেকে কোন শব্দগুলো এসেছে? (জ্ঞান)
ক) কুড়ি, গণ্ডা, পণ খ) লঙ্কা, বিশ, অক্ষর
গ) নিরূপ, দেবী, কুলফি ঘ) গোলআলু, পিদিম, আম্রুর **ক**

৬১০. নিচের কোন উপকরণগুলো নৃগোষ্ঠীর সংস্কৃতি থেকে বাঙালি সংস্কৃতিতে এসেছে? (জ্ঞান)
ক) লাঙল, ঢেঁকি, ঝুড়ি খ) দড়ি, কাস্তে, দোলনা
গ) লগি, বৈঠা, বড়শি ঘ) পলো, ডুলা, হাতুড়ি **গ**

৬১১. বাঙালির নবান্ন উৎসবের সাথে নৃগোষ্ঠীর কোন উৎসবের মিল আছে? (জ্ঞান)
ক) বৈসাবি খ) ওয়ানগালা
গ) সোহরাই ঘ) বিজু **খ**

৬১২. খাসিয়া ও মণিপুরিদের উৎপাদিত পণ্য কী? (জ্ঞান) *[বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা]*
ক) সুপারি ও তামাক খ) পান ও কমলা
গ) বাঁশ ও বেত ঘ) আনারস ও চিনি **খ**

৬১৩. বাংলাদেশের একটি নৃগোষ্ঠী শাড়ি ও শাল রপ্তানি করে। এই নৃগোষ্ঠীর নাম কী? (প্রয়োগ) *[JSC ঢা. বো. '১৭]*
ক) গারো খ) চাকমা গ) খাসিয়া ঘ) মণিপুরি **ঘ**

৬১৪. কোনটি নৃগোষ্ঠীদের জীবনযাত্রায় বাঙালি সংস্কৃতির প্রভাবের ফল? (অনুধাবন)
ক) শার্ট-প্যান্টের ব্যবহার খ) শাড়ির ব্যবহার
গ) স্বর্ণালঙ্কারের ব্যবহার ঘ) আধুনিক সংগীতের ব্যবহার **ক**

৬১৫. চাকমাদের জনপ্রিয় নৃত্য কোনটি? (জ্ঞান)
ক) ঝুমুর নৃত্য খ) বাঁশ নৃত্য
গ) হাদি ঘ) মেওয়া **খ**

৬১৬. নৃগোষ্ঠী ও বাঙালিদের মধ্যে পারস্পরিক নির্ভরশীলতা বৃদ্ধি পাওয়ার কারণ হলো— (অনুধাবন)
i. সাংস্কৃতিক আন্তঃসম্পর্ক
ii. সংস্কৃতির সংমিশ্রণ
iii. সাংস্কৃতিক আগ্রাসন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

৬১৭. বাঙালির নবান্ন আর নৃগোষ্ঠীর ওয়ানগালা উৎসবের মধ্যে সাদৃশ্য হলো— (প্রয়োগ)
i. দুটি উৎসবই কৃষিকেন্দ্রিক
ii. দুটি উৎসবই জীবিকাকেন্দ্রিক
iii. দুটি উৎসবই নববর্ষের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



# নবম অধ্যায় — বাংলাদেশের সামাজিক সমস্যা

## তথ্যকণিকা

- সামাজিক সমস্যা হলো— সমাজে বিরাজিত এমন অবস্থা, যা জনগণের ওপর ক্ষতিকর প্রভাব বিস্তার করে।
- অপরাধ হলো— সাধারণভাবে রাষ্ট্র বা সমাজ স্বীকৃত নয় এমন কাজ।
- কিশোর অপরাধ হলো— অপ্রাপ্তবয়স্ক ছেলেমেয়ে বা কিশোরদের দ্বারা সংঘটিত অপরাধমূলক কাজ।
- বাংলাদেশ, ভারত ও শ্রীলঙ্কায় কিশোর অপরাধীর বয়স— ৭ থেকে ১৬ বছর। [JSC দি. বো. '১৯; ব. বো. '১৯; য. বো., দি. বো. '১৭]
- পাকিস্তান ও থাইল্যান্ডে কিশোর অপরাধের বয়সসীমা— ৭ থেকে ১৮ বছর। [JSC চ. বো. '১৯; দি. বো. '১৮]
- জাপানে কিশোর অপরাধীর বয়সসীমা— ১৪ থেকে ২০ বছর। [JSC য. বো. '১৯; চ. বো. '১৮; কু. বো., চ. বো., য. বো., ব. বো. '১৭]
- মাতাপিতার অকালমৃত্যু বা বিবাহবিচ্ছেদ— কিশোর অপরাধের কারণ।
- বেশি আবেগপ্রবণ বা প্রতিভাবান শিশু-কিশোরদের মানসিক গঠন— সাধারণের চেয়ে জটিল।
- চুরি, পকেটমারা, মেয়েদের উত্ত্যক্ত করা হলো— বাংলাদেশে সংঘটিত কিশোর অপরাধের ধরন।
- মেয়েদের প্রতি অশ্লীল ও অশোভন উক্তি করে— কিশোর অপরাধীরা।
- শিশু-কিশোরদের সুস্থ মানসিক বিকাশের পরিবেশ সৃষ্টি করতে হবে— পরিবারে।
- সন্তানদের সঙ্গে গড়ে তুলতে হবে— সহজ ও স্বাভাবিক সম্পর্ক।
- পাড়া ও মহল্লায় পাঠাগার এবং ব্যায়ামাগার স্থাপন প্রয়োজন— শিশু-কিশোরদের মানসিক বিকাশের জন্য। [JSC কু. বো. '১৭]
- মাদকাসক্তির সূত্রপাত ঘটে— মাদকাসক্ত সঙ্গীদের সাথে মেলামেশার মধ্য দিয়ে।
- কিশোরমন স্বভাবতই— কৌতূহলপ্রবণ।
- মাদকাসক্তির একটি বড়ো কারণ— অপসংস্কৃতির প্রভাব।
- হতাশা ও হীনমন্যতায় ভোগে— মাদক গ্রহণকারীরা।
- মাদকের প্রভাবে দেখা দেয়— সামাজিক অস্থিরতা ও মূল্যবোধের অবক্ষয়।
- মাদকাসক্তি রোধে গুরুত্ব দিতে হবে— ধর্মীয় ও নৈতিক শিক্ষাকে। [JSC ব. বো. '১৯]
- মাদকাসক্তদের প্রভাবে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়— পরিবারের সদস্যরা। [JSC দি. বো. '১৭]
- বাংলাদেশে মাদকাসক্তি প্রতিরোধে প্রয়োজন— সামাজিক সচেতনতা বৃদ্ধি। [JSC ব. বো. '১৭]
- মাদককে না বলুন এই প্রতিজ্ঞায় প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে— তরুণ সমাজকে। [JSC ব. বো. '১৭]
- বাংলাদেশ সরকার মাদক বিরোধী সার্ক কনভেনশনে স্বাক্ষর করেছে— ১৯৯০ সালে। [JSC কু. বো. '১৯]
- বাংলাদেশ সরকার তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) সম্পর্কে সর্বশেষ বিধিমালা প্রণয়ন করে— ২০১৩ সালে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

[প্রতিটি প্রশ্নের মান-১]

### ■ পাঠ-১: কিশোর অপরাধের ধারণা ও কারণ ▸ বোর্ড বই, পৃষ্ঠা-৯৭

৬১৮. সামাজিক সমস্যা সাধারণের জনগণের ওপর কেমন প্রভাব বিস্তার করে? (জ্ঞান)
ক ক্ষতিকর খ আর্থিক গ লাভজনক ঘ ইতিবাচক — উত্তর: ক

৬১৯. নিচের কোন কাজটি রাষ্ট্র বা সমাজ স্বীকৃত নয়? (জ্ঞান)
ক সামাজিক চাপ খ পারিবারিক আদর্শ
গ অপরাধ ঘ ব্যক্তিগত ইচ্ছা — উত্তর: গ

৬২০. তূর্যর বয়স ১৪ বছর। সে যদি কোনো অপরাধে সংশ্লিষ্ট হয় তবে সেটিকে কী বলা হবে? (প্রয়োগ)
ক স্বাভাবিক কার্যক্রম খ সামাজিক অপরাধ
গ কিশোর অপরাধ ঘ পারিবারিক অপরাধ — উত্তর: গ

৬২১. বাংলাদেশে কিশোর অপরাধের বয়সসীমা কত বছর? (জ্ঞান) [JSC ব. বো. '১৯; য. বো., দি. বো. '১৭]
ক ৭ থেকে ১৪ খ ৭ থেকে ১৫
গ ৮ থেকে ১৬ ঘ ৭ থেকে ১৬ — উত্তর: ঘ

৬২২. জাপানে কিশোর অপরাধীর বয়সসীমা কত? (জ্ঞান) [JSC য. বো. '১৯; চ. বো. '১৮; কু. বো., ব. বো. '১৭]
ক ১৪-২০ বছর খ ১৫-২০ বছর
গ ১৪-১৮ বছর ঘ ১৫-১৮ বছর — উত্তর: ক

৬২৩. আমাদের দেশে কিশোর অপরাধের প্রধান কারণ কী? [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-১]
ক দারিদ্র্য খ আদর-যত্নের অভাব
গ বিবাহবিচ্ছেদ ঘ চিত্তবিনোদনের অভাব — উত্তর: ক

৬২৪. নিচের কোনটি কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ বলে তুমি মনে কর? (উচ্চতর দক্ষতা)
ক পরিবারের দারিদ্র্য খ হিরো সাজার ইচ্ছা
গ অপূর্ণ সাধ ঘ ইন্টারনেটের প্রভাব — উত্তর: ক

৬২৫. বস্তির পরিবেশ ও সেখানকার নানা খারাপ অভিজ্ঞতা শিশু-কিশোরদের কী করে তোলে? (জ্ঞান)
ক অভিজ্ঞ খ দায়িত্বশীল গ অসচেতন ঘ অপরাধী — উত্তর: ঘ

৬২৬. কোনটি শিশুমনে হীনমন্যতার জন্ম দেয়? (অনুধাবন) [JSC রা. বো. '১৯]
ক দরিদ্রতা খ শারীরিক বৈকল্য
গ সামাজিক নিরাপত্তাহীনতা ঘ বাবা-মায়ের মৃত্যু — উত্তর: খ

৬২৭. বর্তমানে কোনটির অপব্যবহারের ফলে সমাজে এক ধরনের কিশোর অপরাধ দেখা দিয়েছে? (অনুধাবন)
ক টেলিভিশনের কারণে খ মোবাইল ও ইন্টারনেট
গ পাশ্চাত্য সংস্কৃতি ঘ সৃজনশীল সংস্কৃতি — উত্তর: খ

৬২৮. নিচের কোনটি বাংলাদেশের কিশোরদের সাধারণ অপরাধের অর্ন্তভুক্ত? (জ্ঞান)
ক মানব পাচার খ কর ফাঁকি
গ পকেটমার ঘ অর্থ পাচার — উত্তর: গ

৬২৯. বিদ্যালয়ের পরিবেশ শিশুকে কোনটি থেকে দূরে রাখে? (জ্ঞান) [নবাবগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক খেলাধুলা খ চরিত্রগঠন গ অপরাধ ঘ শরীরচর্চা — উত্তর: গ

৬৩০. কিশোর অপরাধী হিসেবে ৭ থেকে ১৬ বছর বয়সসীমা বিবেচনা করা হয়— (অনুধাবন)
i. বাংলাদেশে ii. ভারতে
iii. শ্রীলঙ্কায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — উত্তর: ঘ

৬৩১. বাংলাদেশের কিশোররা অপরাধী হয়ে ওঠে— (উচ্চতর দক্ষতা) [JSC চ. বো. '১৭]
i. যথাযথ সামাজিকীকরণের অভাবে
ii. শিক্ষা ব্যবস্থার উন্নয়নের ফলে
iii. দারিদ্র্যের কারণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — উত্তর: খ

৬৩২. শিশু-কিশোররা হতাশায় ভোগে— (অনুধাবন) [JSC চ. বো. '১৭]
i. ভালো বন্ধু থাকার জন্য ii. পারিবারিক অশান্তি থাকার জন্য
iii. পিতামাতার স্নেহ থেকে বঞ্চিত হয়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — উত্তর: গ

৬৩৩. আমাদের দেশে দিন দিন কিশোর অপরাধ বেড়ে চলেছে। কারণ— (অনুধাবন) [মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা]
i. পিতামাতার ব্যস্ততা ii. দারিদ্র্য
iii. প্রযুক্তির ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — উত্তর: ঘ

৬৩৪. বস্তির শিশু-কিশোররা অপরাধে জড়িয়ে পড়ে— (অনুধাবন)
i. পরিবেশের কারণে ii. অভাবের তাড়নায়
iii. খারাপ অভিজ্ঞতার কারণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬৩৫ ও ৬৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:
স্কুল ছাত্র তমাল প্রায় বন্ধুদের ব্যাগ হতে টাকা চুরি করে। মাঝে মাঝে ছিনতাই কাজেও জড়িত থাকে। অপরদিকে কামাল নিয়মিত স্কুলে যায় ও মনোযোগ দিয়ে পড়াশোনা করে এবং বড়োদের সম্মান করে। [ঢা. বো. '১৯]

৬৩৫. তমালের কাজে তোমার বোর্ড বইয়ের কোন সমস্যাটি প্রতিফলিত হয়েছে? (প্রয়োগ)
ক মূল্যবোধের অবক্ষয় খ মাদকাসক্তি
গ কিশোর অপরাধ ঘ জঙ্গিবাদ — উত্তর: গ

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৬৩৬. কামালের আচরণে লক্ষণীয় হচ্ছে— (উচ্চতর দক্ষতা)
i. সুষ্ঠু পারিবারিক পরিবেশ ii. সুষ্ঠু মানসিক বিকাশ
iii. পাশ্চাত্য সংস্কৃতির প্রভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

## ■ পাঠ-২: কিশোর অপরাধের প্রভাব ও প্রতিরোধ ▸বোর্ড বই, পৃষ্ঠা-৯৯

৬৩৭. কিশোর অপরাধ প্রতিরোধ করা যায়— (অনুধাবন) [JSC সি. বো. '১৭]
i. অভিভাবকের সচেতনতার মাধ্যমে
ii. উপযুক্ত শাস্তি প্রদানের মাধ্যমে
iii. আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬৩৮ ও ৬৩৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
সিয়াম ইদানীং বেশিরভাগ সময় বাড়িতে থাকে না। সে বিদ্যালয় ও পথে-ঘাটে উচ্ছৃঙ্খল আচরণ করে। [JSC য. বো. '১৮]

৬৩৮. উদ্দীপকে বর্ণিত সমস্যাটি হলো— (প্রয়োগ)
ক দরিদ্রতা খ অপসংস্কৃতির প্রভাব
গ কিশোর অপরাধ ঘ মূল্যবোধের অবক্ষয় **গ**

৬৩৯. উদ্দীপকে উল্লেখিত সমস্যাটির ফলে দেখা দিবে— (উচ্চতর দক্ষতা)
i. মানসিক অস্থিরতা ii. অপরাধপ্রবণতা
iii. সামাজিক অসুবিধা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৬৪০ ও ৬৪১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
'ক' স্কুল পালায়। বাসার জিনিসপত্র ভাঙচুর করে। বাবার মানিব্যাগ থেকে টাকা-পয়সা চুরি করে। [JSC দি. বো. '১৮]

৬৪০. 'ক' এর আচরণে কোনটি প্রকাশ পায়? (প্রয়োগ)
ক কিশোর অপরাধ খ নিঃসঙ্গতা
গ মাদকাসক্তি ঘ মূল্যবোধের অবক্ষয় **ক**

৬৪১. 'ক' এর সমস্যা প্রতিরোধে প্রয়োজন— (উচ্চতর দক্ষতা)
i. অভিভাবকের সচেতনতা বৃদ্ধি
ii. সন্তানদের সাথে স্বাভাবিক সম্পর্ক স্থাপন
iii. সরকারি ও বেসরকারি সংস্থার সহায়তা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

## ■ পাঠ-৩ ও ৪: মাদকাসক্তির ধারণা ও কারণ; মাদকাসক্তির প্রভাব ও প্রতিরোধ ▸বোর্ড বই, পৃষ্ঠা-১০০ ও ১০১

৬৪২. অধিকাংশ সময় মাদকাসক্তির সূত্রপাত ঘটে কীভাবে? (অনুধাবন)
ক মাদকাসক্ত সঙ্গীদের সাথে মেলামেশার মধ্যদিয়ে
খ কৌতূহল থেকে
গ পরিবারের অশান্তি থেকে বাঁচার জন্য
ঘ অজানা বিষয় সম্পর্কে জানার জন্য **ক**

৬৪৩. বেকাররা মাদকাসক্ত হচ্ছে কেন? (অনুধাবন) [মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
ক ইচ্ছা করে খ সময় কাটাতে
গ হতাশার কারণে ঘ চিত্তবিনোদনের অভাবে **গ**

৬৪৪. বাবা-মার স্নেহ, ভালোবাসা না পেলে শিশুরা হতে পারে— (জ্ঞান) [বিএএফ শাহীন কলেজ, ঢাকা]
ক হতাশাগ্রস্ত খ শান্ত প্রকৃতির গ কলহপ্রবণ ঘ সৃষ্টিশীল **ক**

৬৪৫. মাদকাসক্তির বড়ো কারণ কোনটি? (জ্ঞান) [ব্রাহ্মন্দী কামিনী কিশোর মৌলিক সরকারি উচ্চ বিদ্যালয়, নরসিংদী]
ক পারিবারিক অশান্তি খ দারিদ্র্য
গ অপসংস্কৃতি ঘ বেকারত্ব **গ**

৬৪৬. মাদক গ্রহণকারীদের মানসিক অবস্থা কীরূপ হয়? (জ্ঞান) [বিশ্বনাথ শাহীদ স্কুল ও কলেজ, চট্টগ্রাম]
ক হতাশায় ভোগে খ রাগান্বিত থাকে
গ উত্তেজিত থাকে ঘ বিকারগ্রস্ত থাকে **ক**

৬৪৭. কোনটি মাদকাসক্তি প্রতিরোধে সহায়ক? (অনুধাবন) [JSC য. বো. '১৮]
ক ধর্মীয় ও নৈতিক শিক্ষা খ পারিবারিক ও ধর্মীয় বন্ধন গড়া
গ স্নেহ ও হৃদ্যতা গড়া
ঘ প্রশিক্ষণ ও বিনোদনের ব্যবস্থা করা **ক**

৬৪৮. মাদকাসক্তদের প্রভাবে কারা বেশি ক্ষতিগ্রস্ত হয়? (অনুধাবন) [JSC দি. বো. '১৭]
ক পরিবারের সদস্যরা খ বিদ্যালয়ের সহপাঠীরা
গ পাড়া প্রতিবেশীরা ঘ সমাজ ও রাষ্ট্র **ক**

৬৪৯. বাংলাদেশে মাদকাসক্তি প্রতিরোধে কোনটি প্রয়োজন? (অনুধাবন) [JSC য. বো. '১৭]
ক মাতাপিতার দায়িত্বহীনতা খ সামাজিক সচেতনতা বৃদ্ধি
গ অশোভন চলচ্চিত্রের প্রচার ঘ অপসংস্কৃতির প্রভাব **খ**

৬৫০. বাংলাদেশ সরকার মাদকাসক্তি প্রতিরোধে জাতিসংঘের মাদক নিয়ন্ত্রণের কয়টি কনভেনশনে স্বাক্ষর করেছে? (জ্ঞান)
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি **খ**

৬৫১. বাংলাদেশ সরকার কত সালে মাদক বিরোধী সার্ক কনভেনশনে স্বাক্ষর করেছে? (জ্ঞান) [JSC ঢ়া বো. '১৮]
ক ১৯৯০ খ ২০০০ গ ২০০৮ ঘ ২০১৩ **ক**

৬৫২. মি. সফিক সাহেব পাবলিক পরিবহনে ধূমপান করেন। তার দণ্ডের পরিমাণ নিচের কোনটি হতে পারে? (প্রয়োগ) [কুমিল্লা জিলা স্কুল]
ক ৫০০ টাকা অর্থদণ্ড খ ৪৫০ টাকা অর্থদণ্ড
গ ৩৫০ টাকা অর্থদণ্ড ঘ ৩০০ টাকা অর্থদণ্ড **ঘ**

৬৫৩. একজন মাদক সেবনকারীর শারীরিক যে সমস্যাগুলো হয়— (অনুধাবন) [ব্রাহ্মন্দী কামিনী কিশোর মৌলিক সরকারি উচ্চ বিদ্যালয়, নরসিংদী]
i. হৃদরোগ ও যক্ষা ii. ক্যান্সার ও শ্বাসকষ্ট
iii. জ্বর ও কাশি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৬৫৪. মাদকাসক্তি প্রতিরোধে যেসব ব্যবস্থা গ্রহণ করা যায় তা হচ্ছে— (অনুধাবন) [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-২]
i. ধর্মীয় শিক্ষার গুরুত্ব দেয়া ii. নৈতিক মূল্যবোধ শেখানো
iii. মাদকজাতীয় দ্রব্যের উৎপাদন নিষিদ্ধ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৫৫ ও ৬৫৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:
তারিক মাতা-পিতার আদরের সন্তান। ইদানীং তার আচরণে পরিবর্তন দেখা যাচ্ছে। স্কুলে না গিয়ে সে লুকিয়ে লুকিয়ে ধূমপান করে এবং টাকার জন্য মাকে প্রায়ই বিরক্ত করে। [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-৩ ও ৪]

৬৫৫. তারিকের আচরণটিতে কী প্রকাশ পায়?
ক শিশু অপরাধ খ মূল্যবোধের অবক্ষয়
গ মাদকাসক্তি ঘ নিঃসঙ্গতা **গ**

৬৫৬. উদ্দীপকে বর্ণিত তারিকের আচরণের ফলে—
i. বিভিন্ন শারীরিক সমস্যা দেখা দিবে
ii. মানসিক স্বাস্থ্যের তেমন পরিবর্তন হবে না
iii. সামাজিক জীবনে বিশৃঙ্খলা সৃষ্টি হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

অনুচ্ছেদটি পড়ে ৬৫৭ ও ৬৫৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
মাহি ৮ম শ্রেণির ছাত্র। তার বাবা-মা শ্রমজীবী। মাহি ল্যাপটপ কেনার টাকা চাইলে তার মা অভাবের কথা জানান। মাহি জেদ করে বাড়ি থেকে বের হয়ে উঠতি বয়সীদের সাথে মিশে ধোঁয়া ও নেশা জাতীয় দ্রব্য সেবন করে বাড়ি ফিরে অসংলগ্ন আচরণ করে। [JSC দি. বো. '১৯]

৬৫৭. মাহির বাড়ি থেকে বের হওয়া কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করে? (প্রয়োগ)
ক কিশোর অপরাধ খ মাদকাসক্তি
গ মূল্যবোধের অবক্ষয় ঘ সামাজিক নৈরাজ্য **ক**

৬৫৮. মাহির বাড়ি ফিরে এসে করা আচরণ প্রতিরোধে করণীয় হলো— (উচ্চতর দক্ষতা)
i. ধর্মীয় ও নৈতিক মূল্যবোধ গঠন করা
ii. সুস্থ বিনোদনের ব্যবস্থা করা
iii. মাদকাসক্তির বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের উদ্দীপকটি পড়ে ৬৫৯ ও ৬৬০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
রনি খুব হতাশ হয়ে পড়েছিল। তার কোনো কাজ ছিল না। এখন পর্যন্ত সে তার বাবা-মার কাছ থেকে কোনো নৈতিক সহযোগিতা পায়নি। ফলে এই হতাশা থেকে মুক্ত থাকার জন্য সে ধূমপান করছিল। [মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

৬৫৯. রনির হতাশার কারণ কী? (প্রয়োগ)
ক বেকারত্ব খ অশিক্ষা
গ চিত্ত-বিনোদনের অভাব ঘ অসুস্থতা **ক**

৬৬০. রনি মাদকাসক্ত হয়ে পড়েছিল যে কারণে— (উচ্চতর দক্ষতা)
i. হতাশা ii. পরিবারের ভালোবাসার ঘাটতি
iii. শিক্ষার অভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



# দশম অধ্যায় বাংলাদেশের জনসংখ্যা ও উন্নয়ন

## তথ্যকণিকা

- জনসংখ্যার ওপর অনেকাংশে নির্ভর করে— একটি দেশের উন্নয়ন।
- যুক্তরাষ্ট্রে প্রতি বর্গকিলোমিটারে বাস করে— ৩৬ জন লোক (ওয়ার্ল্ড ব্যাংক, ২০২৩)।
- যুক্তরাষ্ট্রের মাথাপিছু আয়— ৮১,৬৯৫ মার্কিন ডলার (ওয়ার্ল্ড ব্যাংক, ২০২৩)।
- বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে বাস করে— ১১৭১ জন লোক (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২৪)।
- বাংলাদেশের মানুষের মাথাপিছু আয়— ২৭৮৪ মার্কিন ডলার (বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২৪)।
- একটি দেশের ভবিষ্যৎ উন্নতি নির্ভর করে— দেশটির অর্থনৈতিক পরিকল্পনা এবং জনসংখ্যানীতির কার্যকর প্রয়োগের ওপর।
- জনসংখ্যা বিষয়ে জাতীয় পর্যায়ে গৃহীত পরিকল্পনাকে বলা হয়— জনসংখ্যানীতি। *[JSC ব. বো. '১৯; দি. বো. '১৮]*
- জনসংখ্যানীতি প্রণয়ন করা হয়— দেশের আর্থ-সামাজিক অবস্থার সাথে মিল রেখে। *[JSC চ. বো. '১৭]*
- জনসংখ্যানীতি প্রণয়ন করা হয়— নাগরিকের জীবনমান উন্নয়নের জন্য। *[JSC চ. বো. '১৮]*
- বাংলাদেশের জনসংখ্যানীতির মূল লক্ষ্য বা উদ্দেশ্য হলো— ৭টি।
- দেশের সব মানুষের কাছে পৌঁছে দিতে হবে— প্রয়োজনীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সেবা।
- পরিবার পরিকল্পনার সুযোগ ও অত্যাবশ্যক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে হবে— দরিদ্র জনগোষ্ঠীর জন্য।
- অপুষ্টির হার কমিয়ে আনতে হবে— নারী ও শিশুদের।
- সার্বক্ষনিক ডাক্তার, নার্স ও ঔষধের সরবরাহ নিশ্চিত করতে হবে— থানা ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে।
- প্রসূতিদের জন্য নিরাপদে সন্তান জন্মদানের সুযোগ সৃষ্টি করতে হবে— প্রতিটি গ্রামে।
- বাংলাদেশের জাতীয় জনসংখ্যা দিবস— ২রা ফেব্রুয়ারি। *[বোর্ড বইয়ের নমুনা বহুনির্বাচনি ১]*
- টেকসই উন্নয়নের ৪ নং লক্ষ্যমাত্রা হলো— গুণগত শিক্ষা।
- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে হবে— ২০৩০ সালের মধ্যে।
- সরকার প্রাথমিক থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত বিনামূল্যে পাঠ্যবই সরবরাহ করছে— নারীশিক্ষার প্রসারের লক্ষ্যে।
- মেয়েদের উপবৃত্তি প্রদানের মূল উদ্দেশ্য— নারীশিক্ষার প্রসার। *[JSC কু. বো. '১৮]*
- নারীশিক্ষা প্রসারে মেয়েদের উপবৃত্তি চালু করা হয়েছে — ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত।
- কাজি অফিসে বিয়ে রেজিস্ট্রেশন— জনসংখ্যা নিয়ন্ত্রণের সরকারি উদ্যোগ।
- জনসংখ্যা নিয়ন্ত্রণে নারীদের হস্ত ও কুটিরশিল্পের কাজ হলো— আয়বৃদ্ধিমূলক কর্মসূচি। *[JSC কু. বো. '১৮]*
- বেসরকারি উন্নয়ন সংস্থাগুলো (NGO) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে— বাংলাদেশের জনসংখ্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে।
- মুক্তিযুদ্ধের পরে যুদ্ধবিধ্বস্ত জনগোষ্ঠীকে পুর্নবাসনের মাধ্যমে— বেসরকারি সংস্থাগুলো এদেশে কাজ শুরু করে।
- টিকা ও পুষ্টি বিষয়ে সেবা দেওয়া হয়— কমিউনিটিভিত্তিক পরিবার পরিকল্পনা প্রকল্পের আওতায়।
- জনসংখ্যা নিয়ন্ত্রণে পোস্টার, নিউজলেটার, চার্ট, ডকুমেন্টারি ফিল্ম তৈরি হলো— সচেতনতামূলক কাজ। *[JSC রা. বো., দি. বো. '১৭]*
- জনসংখ্যা বৃদ্ধির হার কিছুটা কমে এসেছে— পরিবার পরিকল্পনা কার্যক্রম ও মানুষের ক্রমবর্ধমান সচেতনতার ফলে।
- জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে সাফল্য দেখিয়েছে— ভারত ও শ্রীলঙ্কা।
- যুক্তরাষ্ট্রের তথ্য-প্রযুক্তি খাতের ২৩ ভাগ নির্ভর করে— ভারতীয় দক্ষ জনশক্তির ওপর।
- জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করা যায়— শিক্ষা, প্রশিক্ষণ ও কর্মসংস্থানের ব্যবস্থা করে। *[JSC চ. বো. '১৭; দি. বো. '১৯]*
- কর্মসংস্থান বৃদ্ধির জন্য প্রয়োজন— কৃষির আধুনিকীকরণ।
- উৎপাদনমুখী খাতের চাহিদা অনুযায়ী— শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের ব্যবস্থা করতে হবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

[প্রতিটি প্রশ্নের মান-১]

■ **পাঠ-১ ও ২: বাংলাদেশের জনসংখ্যানীতি; জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকারি ও বেসরকারি উদ্যোগ** *▶ বোর্ড বই, পৃষ্ঠা-১০৪ ও ১০৫*

**৬৬১. কোন দুটি ধারণা একে অপরের সঙ্গে সম্পর্কিত?** (জ্ঞান)
ক সম্পদ ও উন্নয়ন খ জনসংখ্যা ও উন্নয়ন
গ জনসংখ্যা ও সমস্যা ঘ অবকাঠামো ও উন্নয়ন **খ**

**৬৬২. একটি দেশের জনসংখ্যার ওপর নির্ভর করে কোনটি?** (জ্ঞান)
ক উন্নয়ন খ সুশাসন
গ রাজনৈতিক স্থিতিশীলতা ঘ সরকারি সুবিধা **ক**

**৬৬৩. ওয়ার্ল্ড ব্যাংকের তথ্য অনুসারে যুক্তরাষ্ট্রের জনগণের মাথাপিছু আয় কত?** (জ্ঞান)
ক ৮০, ৫০০ মার্কিন ডলার খ ৮১,১০০ মার্কিন ডলার
গ ৮১, ৫৯৫ মার্কিন ডলার ঘ ৮১, ৬৯৫ মার্কিন ডলার **ঘ**

**৬৬৪. বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা- ২০২৪ অনুযায়ী বাংলাদেশের জনগণের মাথাপিছু আয় কত মার্কিন ডলার?** (জ্ঞান)
ক ২০৮০ খ ২১৮০
গ ২৬৯০ ঘ ২৭৮৪ **ঘ**

**৬৬৫. কোনো দেশের অর্থনৈতিক পরিকল্পনা ও জনসংখ্যা নীতির কার্যকর প্রয়োগের ওপর কী নির্ভর করে?** (অনুধাবন)
ক দেশটির ভবিষ্যত উন্নতি খ শিক্ষার প্রসার
গ অবকাঠামোর বিস্তৃতি ঘ মানবসম্পদ উন্নয়ন **ক**

**৬৬৬. জনসংখ্যা বিষয়ে জাতীয় পর্যায়ে গৃহীত পরিকল্পনাকে কী বলে?** (জ্ঞান) *[JSC ব. বো. '১৯; দি. বো. '১৮]*
ক জনসংখ্যা কার্যক্রম খ জনসংখ্যানীতি
গ জনসংখ্যা পরিকল্পনা ঘ জনসংখ্যা প্রকল্প **খ**

**৬৬৭. জনসংখ্যানীতি বলতে কী বোঝায়?** (অনুধাবন) *[বিএএফ শাহীন কলেজ, ঢাকা]*
ক জনসংখ্যার পুনর্বিন্যাস
খ জনসংখ্যা বিষয়ে জাতীয় পরিকল্পনা
গ জনসংখ্যা নিয়ন্ত্রণ
ঘ জনসংখ্যা স্থানান্তর **খ**

**৬৬৮. কোন অবস্থার সাথে সামঞ্জস্য রেখে একটি দেশের জনসংখ্যানীতি প্রণয়ন করতে হয়?** (অনুধাবন) *[JSC চ. বো. '১৭]*
ক সামাজিক অবস্থা খ অর্থনৈতিক অবস্থা
গ রাজনৈতিক অবস্থা ঘ আর্থ-সামাজিক অবস্থা **ঘ**

**৬৬৯. জনসংখ্যানীতি গ্রহণ করা হয় কেন?** (অনুধাবন) *[JSC চ. বো. '১৮]*
ক নাগরিকের জীবনমান উন্নয়নের জন্য
খ নারী-পুরুষের মধ্যে সমতা বিধানের জন্য
গ শিক্ষার হার বাড়ানোর জন্য
ঘ দেশের সম্পদ বৃদ্ধির জন্য **ক**

**৬৭০. বাংলাদেশের জনসংখ্যানীতির মূল লক্ষ্য ও উদ্দেশ্য কয়টি?** (জ্ঞান)
ক ৬ খ ৭
গ ৮ ঘ ৯ **খ**

**৬৭১. বাংলাদেশের জনসংখ্যা সংক্রান্ত স্লোগানে সর্বাধিক কয়টি সন্তান গ্রহণের কথা বলা হয়েছে?** (জ্ঞান) *[JSC দি. বো. '১৮]*
ক ১ খ ২
গ ৪ ঘ ৬ **খ**

**৬৭২. প্রতি বছর কোন তারিখে বাংলাদেশে জাতীয় জনসংখ্যা দিবস উদযাপন করা হয়?** *[বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-১]*
ক ২রা ফেব্রুয়ারি খ ৮ই মার্চ
গ ২১শে ফেব্রুয়ারি ঘ ১লা মে **ক**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৬৭৩. সরকার প্রাথমিক ও গণশিক্ষাকে অগ্রাধিকার দিয়েছে কেন? (অনুধাবন) [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক জনসংখ্যা নিয়ন্ত্রণের জন্য খ মাথাপিছু আয় বৃদ্ধির জন্য
গ সাক্ষরতার হার বৃদ্ধির জন্য ঘ জনস্বাস্থ্য রক্ষার জন্য — গ

৬৭৪. বাংলাদেশ সরকার কত সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করার পরিকল্পনা গ্রহণ করেছে? [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-২]
ক ২০২৮ খ ২০২৯
গ ২০৩০ ঘ ২০৩১ — গ

৬৭৫. মেয়েদের উপবৃত্তি প্রদানের মূল উদ্দেশ্য হলো— (অনুধাবন) [JSC কু. বো. '১৮]
ক নারীশিক্ষার প্রসার খ বাল্যবিবাহ রোধ
গ সচেতনতা বৃদ্ধি ঘ পরিকল্পিত পরিবার গঠন — ক

৬৭৬. বাংলাদেশ সরকার কোন শ্রেণি পর্যন্ত মেয়েদের উপবৃত্তি প্রদান করছে? (জ্ঞান) [JSC চ. বো. '১৯]
ক পঞ্চম খ অষ্টম
গ দশম ঘ দ্বাদশ — ঘ

৬৭৭. জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকার নাগরিকদের কোন ধরনের সেবা নিশ্চিত করার পরিকল্পনা নিয়েছে? (অনুধাবন) [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]
ক তথ্য সেবা খ চিকিৎসা সেবা
গ প্রযুক্তিগত সেবা ঘ পুষ্টিবিষয়ক সেবা — খ

৬৭৮. সরকার পরিবার ছোটো রাখার জন্য কোন কার্যক্রম চালু করেছে? (জ্ঞান) [ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়]
ক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কার্যক্রম
খ সচেতনতা কার্যক্রম
গ পুষ্টিবিষয়ক সেবা কার্যক্রম
ঘ বিনামূল্যে চিকিৎসা সেবা কার্যক্রম — ক

৬৭৯. কাজি অফিসে বিয়ে রেজিস্ট্রেশনের উদ্দেশ্য কী? (অনুধাবন) [রংপুর জিলা স্কুল]
ক বিবাহ বিচ্ছেদ প্রতিরোধ খ বাল্যবিবাহ প্রতিরোধ
গ জনসংখ্যা নিয়ন্ত্রণ ঘ বিবাহে আগ্রহ রোধকরণ — গ

৬৮০. নারীদের হস্ত ও কুটিরশিল্পের কাজ জনসংখ্যা নিয়ন্ত্রণে কী ধরনের উদ্যোগ? (অনুধাবন) [JSC কু. বো. '১৯]
ক নারীর ক্ষমতায়ন খ আয়বৃদ্ধিমূলক কর্মসূচি
গ নারী সচেতনতা ঘ বাল্যবিবাহ রোধে উদ্বুদ্ধকরণ — খ

৬৮১. চাকরির ক্ষেত্রে নারীদের জন্য কোটা প্রবর্তন করা হয়েছে কেন? (অনুধাবন) [বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]
ক শিক্ষার হার বৃদ্ধির জন্য
খ অর্থনৈতিক উন্নয়নের জন্য
গ নারীর ক্ষমতায়নের জন্য
ঘ রাজনৈতিক সচেতনতা বৃদ্ধির জন্য — গ

৬৮২. চাকরির ক্ষেত্রে সরকার নারীদের অংশগ্রহণের ওপর গুরুত্বারোপ করেছে কেন? (অনুধাবন) [দি. বো. '১৯; য. বো. '১৯]
ক সামাজিক নিরাপত্তা বজায় রাখতে খ লিঙ্গ সমতা নিশ্চিত করতে
গ জনসংখ্যা নিয়ন্ত্রণের জন্য ঘ অর্থনীতির উন্নয়নের জন্য — গ

৬৮৩. NGO বলতে কী বোঝায়? (অনুধাবন)
ক বেসরকারি অবকাঠামো সংস্থা খ বেসরকারি উন্নয়ন সংস্থা
গ জাতীয় উন্নয়ন সংস্থা ঘ সরকারি উন্নয়ন সংস্থা — খ

৬৮৪. জনসংখ্যা নিয়ন্ত্রণে কমিউনিটিভিত্তিক পরিবার পরিকল্পনা গ্রহণ করেছে কারা? (জ্ঞান)
ক বেসরকারি উন্নয়ন সংস্থা খ পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়
গ শিক্ষা মন্ত্রণালয় ঘ স্বাস্থ্য মন্ত্রণালয় — ক

৬৮৫. কোনটি জনসংখ্যা নিয়ন্ত্রণের বেসরকারি উদ্যোগ? (জ্ঞান) [দি. বো. '১৯]
ক নারী শিক্ষার প্রসার
খ চিকিৎসা সেবার নিশ্চয়তা
গ বাল্যবিবাহ রোধ করা
ঘ সকলের জন্য শিক্ষার ব্যবস্থা করা — গ

৬৮৬. পোস্টার, ক্যালেন্ডার, চার্ট তৈরি বেসরকারি সংস্থাগুলোর কোন ধরনের কার্যক্রম? (অনুধাবন) [হলি ক্রস কলেজ, ঢাকা]
ক প্রশিক্ষণ খ কর্মসংস্থান
গ বাল্যবিবাহ রোধ উদ্বুদ্ধকরণ ঘ সচেতনতা — ঘ

৬৮৭. জনসংখ্যা নিয়ন্ত্রণে সচেতনতামূলক কার্যক্রম কোনটি? (জ্ঞান) [JSC দি. বো. '১৭]
ক টিকা দান খ স্বাস্থ্য সেবা
গ প্রশিক্ষণ ঘ নিউজলেটার — ঘ

৬৮৮. ডকুমেন্টারি ফিল্ম তৈরি কোন ধরনের কার্যক্রম? (অনুধাবন) [JSC রা. বো. '১৭]
ক প্রশিক্ষণ কার্যক্রম
খ সচেতনতা কার্যক্রম
গ ধর্মীয় নেতাদের উদ্বুদ্ধকরণ কার্যক্রম
ঘ কমিউনিটিভিত্তিক পরিবার পরিকল্পনা প্রকল্প — ঘ

৬৮৯. জনসংখ্যা নিয়ন্ত্রণে নিচের কোন কাজটি সচেতনতা কার্যক্রমের মধ্যে পড়ে না? (জ্ঞান) [রংপুর জিলা স্কুল]
ক ডকুমেন্টারি ফিল্ম প্রদর্শন
খ পুষ্টি শিক্ষা
গ পোস্টার প্রদর্শন
ঘ পরিবার পরিকল্পনা বিষয়ে সাময়িকী — ঘ

৬৯০. বাংলাদেশের জনসংখ্যানীতির উদ্দেশ্য হলো— (অনুধাবন) [বরিশাল ক্যাডেট কলেজ]
i. নারী ও শিশুদের অপুষ্টির হার কমিয়ে আনা
ii. পরিবার পরিকল্পনা কর্মসূচি জোরদার করা
iii. জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৬৯১. জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকারি উদ্যোগ হলো— (অনুধাবন) [JSC কু. বো. '১৯]
i. মেয়েদের উপবৃত্তি প্রদান
ii. পরিবার পরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ
iii. নারীদের আয়বৃদ্ধিমূলক কর্মসূচিতে অংশগ্রহণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৬৯২. নারীশিক্ষা প্রসারে গৃহীত পদক্ষেপ হলো— (অনুধাবন) [মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, ঢাকা]
i. উপবৃত্তি প্রদান
ii. বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ
iii. স্বাস্থ্যসেবা সম্প্রসারণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৬৯৩. বাংলাদেশের নারী শিক্ষার সাম্প্রতিক পরিবর্তনের কারণ হলো— (উচ্চতর দক্ষতা) [JSC ব. বো. '১৮]
i. উপবৃত্তি প্রদান
ii. প্রাথমিক স্বাস্থ্যসেবা সম্প্রসারণ
iii. বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৬৯৪. কমিউনিটিভিত্তিক পরিবার পরিকল্পনা প্রকল্পের আওতায় যে সেবা প্রদান করা হয়, তা হলো— (অনুধাবন) [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
i. পরিবার ছোটো রাখার জন্য পরামর্শ প্রদান
ii. বিনামূল্যে জটিল রোগের চিকিৎসা প্রদান
iii. পুষ্টি শিক্ষা বিষয়ে সেবা প্রদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — খ

নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৯৫ ও ৬৯৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:
বেসরকারি সংস্থাগুলো মা ও শিশুর স্বাস্থ্য বিষয়ক বিশেষ কর্মসূচি বাস্তবায়ন করছে। [ঝিনাইদহ ক্যাডেট কলেজ]

৬৯৫. উদ্দীপকে উল্লেখিত বেসরকারি সংস্থার কার্যক্রম বলতে কোন পদক্ষেপকে ইঙ্গিত করা হয়েছে? (প্রয়োগ)
ক বাল্যবিবাহ
খ সচেতনতা কার্যক্রম
গ প্রশিক্ষণ কার্যক্রম
ঘ কমিউনিটিভিত্তিক পরিবার পরিকল্পনা প্রকল্প — ঘ

৬৯৬. এই পদক্ষেপ যা বৃদ্ধিতে সাহায্য করে— (উচ্চতর দক্ষতা)
i. সচেতনতা
ii. পরিবার পরিকল্পনা
iii. উৎসাহ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



■ পাঠ-৩ ও ৪: জনসংখ্যার সাথে জনসম্পদের সম্পর্ক; জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের কৌশল ▸বোর্ড বই, পৃষ্ঠা-১০৬ ও ১০৭

৬৯৭. বাংলাদেশে শিশু ও মাতৃমৃত্যুর হার হ্রাসের কারণ কী? (জ্ঞান) /রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা/
ⓚ জনগণের সচেতনতা ⓛ পরিবার পরিকল্পনা
ⓜ উৎপাদন বৃদ্ধি ⓝ চিকিৎসা ব্যবস্থার উন্নতি ঘ

৬৯৮. কোনো দেশের অর্থনৈতিক সমৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ উপাদান কোনটি? (জ্ঞান) /আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
ⓚ জনসম্পদ ⓛ খনিজ সম্পদ
ⓜ কৃষিজ সম্পদ ⓝ শিল্প সম্পদ ক

৬৯৯. জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করার ক্ষেত্রে এগিয়ে আছে কোন দেশ? (জ্ঞান) [JSC রা. বো. '১৮]
ⓚ ভারত ⓛ চীন
ⓜ শ্রীলঙ্কা ⓝ বাংলাদেশ খ

৭০০. ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার কোন খাতে প্রচুর বিনিয়োগ করেছে? (অনুধাবন)
ⓚ শিক্ষা খাতে ⓛ যোগাযোগ প্রযুক্তি খাতে
ⓜ তথ্য-প্রযুক্তি খাতে ⓝ উন্নয়ন প্রযুক্তি খাতে গ

৭০১. জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে সরকার কয়টি কৌশল হাতে নিয়েছে? (জ্ঞান) /নিউ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/
ⓚ ৫ ⓛ ৭ ⓜ ১০ ⓝ ১১ ঘ

৭০২. জনসংখ্যাকে সম্পদে পরিণত করার উপায় কোনটি? (অনুধাবন) /গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা/
ⓚ বেকার ভাতা প্রদানের ব্যবস্থা করা
ⓛ শিল্প স্থাপনের সুযোগ হ্রাস
ⓜ কারিগরি শিক্ষার প্রসার
ⓝ বিদেশে প্রেরণের সুযোগ হ্রাস গ

৭০৩. কীভাবে আমরা জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করতে পারি? (অনুধাবন) [JSC চ. বো. '১৭]
ⓚ শিক্ষা, প্রশিক্ষণ ও কর্মসংস্থানের ব্যবস্থা করে
ⓛ কৃষিখাতের উন্নয়ন ঘটিয়ে
ⓜ দরিদ্র মানুষকে বৃত্তি দিয়ে
ⓝ শিল্পখাতের উন্নয়ন ঘটিয়ে ক

৭০৪. আমাদের দেশে শিশু ও মাতৃমৃত্যুর হার কমার কারণ হলো— (অনুধাবন) [JSC দি. বো. '১৯]
i. মানুষের সচেতনতা বৃদ্ধি
ii. পরিবার পরিকল্পনা কার্যক্রম
iii. চিকিৎসা ব্যবস্থার উন্নতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii ঘ

৭০৫. জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে প্রয়োজন— (উচ্চতর দক্ষতা) /ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা/
i. দক্ষতাবৃদ্ধি ও প্রশিক্ষণমূলক কার্যক্রম সম্প্রসারণ
ii. প্রযুক্তি ও কারিগরি শিক্ষার প্রসার
iii. সরকারি ত্রাণ কার্যক্রম প্রসার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii ক

৭০৬. জনসম্পদে সমৃদ্ধ দেশ গঠনের সহায়ক কৌশল হলো— (অনুধাবন) [JSC কু. বো. '১৯]
i. দক্ষতাবৃদ্ধি
ii. নারীশিক্ষা
iii. স্বাস্থ্যসেবা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii ঘ

৭০৭. বাংলাদেশে বর্তমানে জনসংখ্যা বৃদ্ধির হার কিছুটা কমে এসেছে। এর কারণ— (অনুধাবন) /গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ/
i. পরিবার পরিকল্পনা কার্যক্রম
ii. চিকিৎসা ক্ষেত্রে উন্নতি
iii. মানুষের ক্রমবর্ধমান সচেতনতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii ঘ

৭০৮. দেশ দ্রুত অর্থনৈতিক সমৃদ্ধির পথে এগিয়ে যাবে— (অনুধাবন)
i. উপযুক্ত কর্মসংস্থানের ব্যবস্থা করলে
ii. শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করলে
iii. অধিক সদস্যের পরিবার গঠনের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii ক

৭০৯. জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করার উপায় হচ্ছে— (অনুধাবন) [JSC ব. বো. '১৭; চ. বো. '১৬]
i. নারীশিক্ষার প্রসার ঘটানো
ii. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অগ্রাধিকার প্রদান
iii. প্রশিক্ষণ ও কর্মসংস্থানের ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii ঘ

# একাদশ অধ্যায় বাংলাদেশে জলবায়ু ও দুর্যোগ মোকাবিলা

## তথ্যকণিকা

- বিশ্বের সবচেয়ে দুর্যোগপ্রবণ এলাকাগুলোর একটি হলো— বাংলাদেশ।
- জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ— বৈশ্বিক উষ্ণায়ন। [JSC সি. বো. '১৭]
- পরিবেশ ভয়ানকভাবে বিপন্ন হচ্ছে— বৈশ্বিক উষ্ণায়নের কারণে। [JSC চ. বো. '১৮]
- মানুষের জীবন সহজ, স্বাচ্ছন্দ্যময় ও প্রযুক্তিনির্ভর হয়েছে— বিজ্ঞানের বিস্ময়কর অগ্রগতির ফলে।
- কার্বন ডাই-অক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড ও জলীয় বাষ্পকে বলা হয়— গ্রিনহাউস গ্যাস।
- পৃথিবীর চারপাশে বায়ুমণ্ডলে অদৃশ্য চাদরের মতো স্তর তৈরি করে— গ্রিনহাউস গ্যাস।
- তাপ বৃদ্ধিকারক গ্যাস বলা হয়— গ্রিনহাউস গ্যাসকে। [JSC ব. বো. '১৯]
- সমুদ্র পৃষ্ঠের পানির উচ্চতা বাড়ছে— গ্রিনহাউস গ্যাসের কারণে।
- বায়ুর মূল উপাদান হলো— নাইট্রোজেন ও অক্সিজেন। [JSC দি. বো. '১৯]
- মনুষ্য সৃষ্ট গ্যাস— হ্যালন। [JSC য. বো. '১৯; কু. বো. '১৭]
- সিএফসি (ক্লোরো ফ্লোরো কার্বন), এইচসিএফসি (হাইড্রো ক্লোরো ফ্লোরো কার্বন) ও হ্যালন হলো— মনুষ্য সৃষ্ট গ্যাস।
- গত এক শতাব্দীতে বায়ুমণ্ডলে কার্বন-ডাই-অক্সাইড বেড়েছে— ২৫ ভাগ।
- গত এক শতাব্দীতে বায়ুমণ্ডলে সবচেয়ে বেশি বেড়েছে— মিথেন। [JSC দি. বো. '১৯; ব. বো. '১৭]
- গত এক শতাব্দীতে বায়ুমণ্ডলে মিথেন গ্যাসের পরিমাণ বেড়েছে— শতকরা ১০০ ভাগ। [JSC রা. বো. '১৭]
- এইচসিএফসি গ্যাস উৎপন্ন হয়— রেফ্রিজারেটর থেকে। [JSC সি. বো. '১৭]
- এইচসিএফসি গ্যাস উৎপাদনের জন্য দায়ী— প্লাস্টিক সামগ্রী। [JSC ব. বো. '১৭]
- দৈনন্দিন জীবনে বিলাসবহুল দ্রব্যের ব্যবহারে বাড়ছে— মানবসৃষ্ট এইচসিএফসি গ্যাস। /বোর্ড বইয়ের নমুনা বহুনির্বাচনি-২/
- বায়ুমণ্ডলে ভূ-পৃষ্ঠের নিকটবর্তী স্তর— ট্রপোস্ফেয়ার। [JSC সি. বো. '১৯; চ. বো. '১৮]
- সমুদ্রপৃষ্ঠ থেকে ট্রপোস্ফেয়ারের গড় উচ্চতা— ১২ কিলোমিটার। [JSC দ. বো. '১৮]
- ট্রপোস্ফেয়ারের পরবর্তী স্তর— স্ট্র্যাটোস্ফিয়ার।
- ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার ওপর থেকে ৫০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত— ওজোন স্তর।
- সূর্য হতে নিঃসৃত অতিবেগুনি রশ্মি শোষণ করে— ওজোন স্তর। [JSC য. বো. '১৯; ব. বো. '১৭]
- অধিক হারে জীবাশ্ম জ্বালানি ব্যবহার করে— বিশ্বের উন্নত দেশগুলো। [JSC সি. বো. '১৯]
- পারমাণবিক চুল্লি ব্যবহার থেকে সৃষ্টি হয়— প্রচুর পরিমাণে বর্জ্যের।
- পৃথিবীর মহাসমুদ্রকে তুলনা করা হয়— মানবদেহের ফুসফুসের সাথে। [JSC সি. বো. '১৯; চ. বো. '১৭]
- পরিবেশ দূষণের পেছনে সবচেয়ে গুরুত্বপূর্ণ কারণ হল— বন উজাড়করণ। [JSC য. বো. '১৯; কু. বো. '১৮]



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



- যানবাহনের নির্গত কালো ধোঁয়া হল— কার্বন-ডাই-অক্সাইড। [JSC রা. বো. '১৮]
- শিল্প-কারখানার কালো ধোঁয়া বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি করে— বায়ুতে কার্বনের পরিমাণ বাড়িয়ে। [JSC য. বো. '১৮]
- বৈশ্বিক উষ্ণায়নের প্রভাব হল— কৃষি উৎপাদন হ্রাস। [JSC সি. বো. '১৮]
- সমুদ্রে নিম্নচাপ সৃষ্টি হওয়ার কারণে—সাইক্লোনের তীব্রতা বাড়ে।
- মানবদেহের ক্যান্সার ও চর্মরোগের জন্য দায়ী— অতিবেগুনি রশ্মি। [JSC ব. বো. '১৮]
- মরুকরণ হল— খরার ফলাফল। [JSC য. বো. '১৮]
- বাংলাদেশে মরুকরণের লক্ষণ দেখা যাচ্ছে— উত্তরাঞ্চলে।
- দুর্যোগ দুই ধরনের— প্রাকৃতিক ও মানবসৃষ্ট।
- মানবসৃষ্ট দুর্যোগের প্রধান কারণ— মানুষের অসচেতনতা।
- মানুষের কর্মকাণ্ডের ফলে সৃষ্ট দুর্যোগ— মরুকরণ। [JSC ব. বো. '১৯]
- সবচেয়ে অল্প সময়ে সবচেয়ে বেশি ধ্বংসযজ্ঞ ঘটায়— ভূমিকম্প।
- আগে থেকে কোনো পূর্বাভাস পাওয়া যায় না— ভূমিকম্পের।
- সমুদ্রের তলদেশে ভূমিকম্পের ফলে সৃষ্টি হয়— সুনামি।
- বাংলাদেশে সুনামি হলে— জলোচ্ছ্বাসে উপকূলীয় এলাকা তলিয়ে যাবে। [JSC সি. বো. '১৯]
- ২০১১ সালের সুনামিতে জাপানে ক্ষতিগ্রস্ত হয়— পাঁচটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র।
- বেলে পাথর বা শেল কাদা দিয়ে গঠিত পাহাড়ি অঞ্চলে ঘটে— ভূমিধস। [JSC কু. বো. '১৯]
- দীর্ঘমেয়াদি ও ভারি বৃষ্টিপাতের ফলে ঘটে—ভূমিধস। [JSC দি. বো. '১৭]
- আমাদের দেশে প্রায়সময়ই ভূমিধস হয়ে মানুষের প্রাণহানি ঘটে— চট্টগ্রাম, কক্সবাজার, সিলেট এবং নেত্রকোনায়। [JSC ব. বো. '১৮]
- বাংলাদেশে অগ্নিকাণ্ডের কারণ হলো— দুর্ঘটনা বা মানুষের অসাবধানতা।
- বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগ ঘটার কারণ— ভৌগোলিক অবস্থান, জলবায়ু, ভূমির গঠন ও নদীনালা। [বোর্ড বইয়ের নমুনা বহুনির্বাচনি-১]
- বাংলাদেশের উত্তরে অবস্থিত— হিমালয় পর্বত।
- বাংলাদেশের নদীসমূহের উৎস— ভারত ও নেপাল।
- বাংলাদেশ অধিকাংশ ভূ-ভাগ গঠিত— প্লাবন সমভূমি দ্বারা।
- বাংলাদেশের অবস্থান— ক্রান্তীয় মৌসুমি জলবায়ু অঞ্চলে।
- বাংলাদেশে প্রায় প্রতিবছর বন্যার পানিতে প্লাবিত হয়— শতকরা ২০ ভাগ এলাকা। [JSC রা. বো. '১৮]
- বাংলাদেশ দুর্যোগপ্রবণ অঞ্চল হওয়ার কারণ— ভৌগোলিক অবস্থান ও প্রাকৃতিক বৈশিষ্ট্য। [JSC ব. বো. '১৭]
- বন্যার পানির স্রোত প্রতিরোধ করতে পারে— বাঁশঝাড়, কলাগাছ, ঢোলকলমি ও ধৈঞ্চা গাছ।
- দুর্যোগের পূর্বে ঘরে খাবার স্যালাইন রাখতে হবে— দুর্যোগ উত্তর ডায়রিয়ার সম্ভাবনা থাকে বলে। [JSC রা. বো. '১৭]
- শিশু ও বৃদ্ধদের আশ্রয়কেন্দ্রে পাঠাতে হবে— ৫নং বিপদ সংকেত পেলে। [JSC সি. বো., ব. বো. '১৭]
- দুর্যোগ পরবর্তী সময়ে প্রথম করণীয়— ক্ষতিগ্রস্তদের সাহায্য করা।
- বাংলাদেশে অনেক সময় খরা হতে দেখা যায়— উত্তরাঞ্চলে।
- খরা কেটে যাবার পর কৃষিকাজে ব্যবহার করতে হবে— জৈবসার।
- ভূমিকম্পের সময় অধিক নিরাপদ— খোলা জায়গা।
- ভূমিকম্পের সময় ব্যবহার করা যাবে না— লিফট।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

[প্রতিটি প্রশ্নের মান-১]

### ■ পাঠ-১ ও ২: বৈশ্বিক উষ্ণায়নের ধারণা; বৈশ্বিক উষ্ণায়নের কারণ ও প্রভাব

▶ বোর্ড বই, পৃষ্ঠা-১০৯ ও ১১০

৭১০. সারা পৃথিবীতে জলবায়ু পরিবর্তন লক্ষ করার কারণ কোনটি? (অনুধাবন)
ক) ভৌগোলিক অবস্থান খ) ভূপৃষ্ঠের তাপমাত্রা বৃদ্ধি
গ) সমুদ্রের উচ্চতা বৃদ্ধি ঘ) ঘন ঘন প্রাকৃতিক দুর্যোগ
উত্তর: খ

৭১১. অনাবৃষ্টি ও অত্যধিক খরা, শিলাবৃষ্টি, ভূমিক্ষয় ও জলোচ্ছ্বাসের মতো প্রাকৃতিক দুর্যোগ ঘটে কোন মৌসুমে? (জ্ঞান)
ক) বর্ষা খ) শুষ্ক
গ) শীত ঘ) শরৎ
উত্তর: খ

৭১২. বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগ সংঘটনের কারণ কোনটি? (অনুধাবন) ■
ক) পৃথিবীর অবস্থান
খ) নগরায়ণ
গ) বৈশ্বিক উন্নয়ন
ঘ) ভৌগোলিক অবস্থান ও বৈশ্বিক উষ্ণায়ন
উত্তর: ঘ

৭১৩. বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগের প্রভাব লক্ষ করা যায়— (জ্ঞান)
ক) জীবন ও অর্থনীতির ওপর খ) ঘরবাড়ির ওপর
গ) ভৌগোলিক অবস্থানের ওপর ঘ) জলবায়ুর ওপর
উত্তর: ক

৭১৪. পরিবেশের স্বাভাবিক ভারসাম্য নষ্ট হওয়ার কারণ কোনটি? (জ্ঞান)
ক) জনসংখ্যা হ্রাস খ) বৃক্ষরোপণ
গ) পরিবেশবান্ধব যানবাহন ঘ) বৃক্ষনিধন
উত্তর: ঘ

৭১৫. 'গ্রিনহাউস' কী? (জ্ঞান)
ক) একটি কাচের ঘর
খ) একটি সবুজ বাড়ি
গ) কতগুলো গ্যাসের সমন্বয়ে গঠিত আচ্ছাদন
ঘ) একটি সবুজ পৃথিবী
উত্তর: গ

৭১৬. কোনটিকে তাপ বৃদ্ধিকারক গ্যাস বলা হয়? (জ্ঞান) [JSC ব. বো. '১৯]
ক) কার্বন-ডাই-অক্সাইড খ) মিথেন
গ) গ্রিনহাউস গ্যাস ঘ) নাইট্রোজেন
উত্তর: গ

৭১৭. কোন গ্যাস পৃথিবীর চারপাশে চাদরের মতো একটি আচ্ছাদন তৈরি করেছে? (জ্ঞান)
ক) কার্বন-ডাই-অক্সাইড খ) মিথেন
গ) নাইট্রোজেন ঘ) গ্রিনহাউস
উত্তর: ঘ

৭১৮. পৃথিবী পৃষ্ঠ দ্বারা গৃহীত সূর্যের তাপ রাতের বেলায় কী হয়? (জ্ঞান)
ক) শোষিত হয় খ) প্রতিফলিত হয়
গ) বায়ুমণ্ডলে জমা হয় ঘ) প্রতিসরিত হয়
উত্তর: ঘ

৭১৯. সমুদ্রপৃষ্ঠের পানির উচ্চতা ক্রমাগত বাড়ার কারণ কী? (অনুধাবন)
ক) শিল্প কারখানার বর্জ্য খ) বন্যা
গ) বৈশ্বিক উষ্ণায়ন ঘ) সমুদ্রের তলদেশে ফাটল
উত্তর: গ

৭২০. বায়ুর মূল উপাদান কোনটি? (জ্ঞান) ■ [JSC দি. বো. '১৯]
ক) নাইট্রোজেন ও মিথেন
খ) অক্সিজেন ও নাইট্রোজেন
গ) অক্সিজেন ও কার্বন-ডাই-অক্সাইড
ঘ) অক্সিজেন ও নাইট্রাস অক্সাইড
উত্তর: খ

৭২১. মনুষ্য সৃষ্ট গ্যাস কোনটি? (জ্ঞান) ■ [সি. বো. '১৯; কু. বো. '১৭]
ক) মিথেন খ) হ্যালন
গ) নাইট্রাস-অক্সাইড ঘ) কার্বন-ডাই-অক্সাইড
উত্তর: খ

৭২২. গত এক শতাব্দীতে বায়ুমণ্ডলে কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ শতকরা কত ভাগ বেড়েছে? (জ্ঞান) ■
ক) ২৫ খ) ৩৫
গ) ৪০ ঘ) ৪৫
উত্তর: ক

৭২৩. গত এক শতাব্দীতে বায়ুমণ্ডলে কোন গ্যাসটির পরিমাণ সবচেয়ে বেশি বেড়েছে? (জ্ঞান) [JSC দি. বো. '১৯; ব. বো. '১৭]
ক) ওজোন খ) হ্যালন
গ) মিথেন ঘ) কার্বন-ডাই-অক্সাইড
উত্তর: গ

৭২৪. গত এক শতাব্দীতে বায়ুমণ্ডলে মিথেন গ্যাসের পরিমাণ শতকরা কত বেড়েছে? (জ্ঞান) [JSC রা. বো. '১৭]
ক) ১০০ ভাগ খ) ৫০ ভাগ
গ) ২৫ ভাগ ঘ) ১৯ ভাগ
উত্তর: ক

৭২৫. কোনটি থেকে এইচসিএফসি গ্যাস উৎপন্ন হয়? (জ্ঞান) ■ [JSC সি. বো. '১৭]
ক) রেফ্রিজারেটর খ) মোটর গাড়ি
গ) কলকারখানার ধোঁয়া ঘ) ডিজেলচালিত ইঞ্জিন
উত্তর: ক

৭২৬. কোনটি এইচসিএফসি গ্যাস উৎপাদনের জন্য দায়ী? (জ্ঞান) [JSC ব. বো. '১৭]
ক) প্লাস্টিক সামগ্রী খ) ডিজেলচালিত ইঞ্জিন
গ) শিল্প কারখানা থেকে নির্গত ধোঁয়া ঘ) যন্ত্রচালিত গাড়ি
উত্তর: ক

৭২৭. গ্রিনহাউস গ্যাসের সংক্ষিপ্ত রূপ কোনটি? (জ্ঞান) [ভিকারুননিসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
ক) এইচসিএফসি খ) সিএইচএফসি
গ) এফসিএইচসি ঘ) সিএইচসিএফ
উত্তর: ক

৭২৮. বায়ুমণ্ডলে ভূ-পৃষ্ঠের নিকটবর্তী স্তরের নাম কী? (জ্ঞান) ■ [JSC সি. বো. '১৯; য. বো. '১৮]
ক) ওজোনস্ফিয়ার খ) মেসোস্ফিয়ার
গ) স্ট্র্যাটোস্ফিয়ার ঘ) ট্রপোস্ফিয়ার
উত্তর: ঘ

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৭২৯. সমুদ্রপৃষ্ঠ থেকে ট্রপোস্ফেয়ারের গড় উচ্চতা কত কিলোমিটার? (জ্ঞান) [JSC ঢা. বো. '১৮]
ক ২৫ খ ২০
গ ১৯ ঘ ১২ — ঘ

৭৩০. ট্রপোস্ফেয়ারের পরবর্তী স্তর কোনটি? (জ্ঞান)
ক স্ট্র্যাটোস্ফিয়ার খ মেসোস্ফিয়ার
গ ওজোন স্তর ঘ আয়নোস্ফিয়ার — ক

৭৩১. সূর্য হতে নিঃসৃত অতিবেগুনি রশ্মি শোষণ করে বায়ুমণ্ডলের কোন স্তর? (জ্ঞান) [JSC ব. বো. '১৯; ব. বো. '১৭]
ক ট্রপোস্ফেয়ার খ স্ট্র্যাটোস্ফিয়ার
গ ওজোন স্তর ঘ লিথোস্ফিয়ার — গ

৭৩২. ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার ওপর থেকে কত কিলোমিটার পর্যন্ত ওজোন স্তর বিস্তৃত? (জ্ঞান)
ক ৪০ খ ৫০
গ ৬০ ঘ ৭০ — ঘ

৭৩৩. ওজোন স্তর ক্ষয়ের কারণে ভূপৃষ্ঠে অতিবেগুনি রশ্মির প্রভাব শতকরা কতভাগ বৃদ্ধি পেয়েছে? (জ্ঞান)
ক পাঁচ ভাগ খ দশ ভাগ
গ পনেরো ভাগ ঘ বিশ ভাগ — ক

৭৩৪. কোন দেশগুলো অধিক হারে জীবাশ্ম জ্বালানি ব্যবহার করে? (জ্ঞান) [JSC সি. বো. '১৮]
ক অনুন্নত খ উন্নত
গ উন্নয়নশীল ঘ স্বল্পোন্নত — খ

৭৩৫. উন্নত দেশগুলো পরিবেশ নষ্ট করছে কীভাবে? (অনুধাবন) [ময়মনসিংহ জিলা স্কুল]
ক অধিক জীবাশ্ম জ্বালানি ব্যবহার করে
খ অধিক বায়োগ্যাস ব্যবহার করে
গ অধিক সৌরকোষ ব্যবহার করে
ঘ অধিক বায়ুকল ব্যবহার করে — ক

৭৩৬. শিল্প-কারখানার কালো ধোঁয়া থেকে কী নির্গত হয়? (জ্ঞান) [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, পার্বতীপুর, দিনাজপুর]
ক মিথেন খ হ্যালন
গ নাইট্রোজেন ঘ আর্সেনিক — ঘ

৭৩৭. পৃথিবীর মহাসমুদ্রকে মানবদেহের কোন অঙ্গের সাথে তুলনা করা হয়? (জ্ঞান) [JSC সি. বো. '১৮; ঢা. বো. '১৭]
ক হৃৎপিণ্ড খ মস্তিষ্ক
গ ফুসফুস ঘ যকৃত — গ

৭৩৮. মহাসমুদ্রকে মানুষের ফুসফুসের সাথে তুলনা করা হয় কেন? (অনুধাবন) [পাবনা ক্যাডেট কলেজ]
ক এটি পৃথিবীর বায়ুচাপ নিয়ন্ত্রণ করে
খ এটি পৃথিবীর তাপমাত্রা নিয়ন্ত্রণ করে
গ এটি পৃথিবীর জীবজগতকে নিয়ন্ত্রণ করে
ঘ এটি পৃথিবীর আর্দ্রতা নিয়ন্ত্রণ করে — খ

৭৩৯. মহাসমুদ্র দূষিত হচ্ছে কেন? (অনুধাবন) [কুমিল্লা জিলা স্কুল]
ক তেজস্ক্রিয় বর্জ্য নিক্ষেপে খ পানি কমে যাওয়ায়
গ চন্দ্রগ্রহণ না হওয়ায় ঘ সূর্যগ্রহণের অভাবে — ক

৭৪০. পরিবেশ দূষণের পিছনে কোন কারণটি সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ? (অনুধাবন) [JSC ব. বো. '১৯; কু. বো. '১৮]
ক কীটনাশকের ব্যবহার খ কল-কারখানার কালো ধোঁয়া
গ তেজস্ক্রিয় বর্জ্য ঘ বন উজাড়করণ — ঘ

৭৪১. সবুজ উদ্ভিদ বাতাস থেকে কোনটি গ্রহণ করে? (জ্ঞান) [মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, মিরপুর, ঢাকা]
ক অক্সিজেন খ সিএফসি
গ নাইট্রোজেন ঘ কার্বন-ডাই-অক্সাইড — ঘ

৭৪২. বায়ুমণ্ডলে কার্বন-ডাই-অক্সাইড বৃদ্ধির গুরুত্বপূর্ণ কারণ— (অনুধাবন) [মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
ক জনসংখ্যা বৃদ্ধি খ বৃক্ষ নিধন
গ শিল্প বর্জ্য ঘ অতিরিক্ত যানবাহন — খ

৭৪৩. যানবাহনের নির্গত কালো ধোঁয়া হচ্ছে— (জ্ঞান) [JSC য. বো. '১৮]
ক কার্বন-ডাই-অক্সাইড খ সি. এফ. সি
গ পারদ ঘ সালফার-ডাই-অক্সাইড — ক

৭৪৪. শিল্প-কারখানার কালো ধোঁয়া কীভাবে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি করে? (অনুধাবন) [JSC ঢা. বো. '১৮]
ক নাইট্রোজেনের পরিমাণ বাড়িয়ে
খ বায়ুতে কার্বনের পরিমাণ বাড়িয়ে
গ নাইট্রাস অক্সাইডের পরিমাণ বাড়িয়ে
ঘ মিথেন গ্যাসের পরিমাণ বাড়িয়ে — খ

৭৪৫. সুন্দরবনের জীববৈচিত্র্য হুমকির সম্মুখীন হচ্ছে কেন? (অনুধাবন) [পাবনা ক্যাডেট কলেজ]
ক সমুদ্রের পানির কারণে
খ জলাবদ্ধতার কারণে
গ উর্বরতা কমে যাওয়ার কারণে
ঘ সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাওয়ায় — ঘ

৭৪৬. বৈশ্বিক উষ্ণায়নের প্রভাব কী? (অনুধাবন) [JSC সি. বো. '১৮]
ক গ্রিনহাউস গ্যাস বৃদ্ধি খ কৃষি উৎপাদন হ্রাস
গ জনসংখ্যা বৃদ্ধি ঘ বন নিধন — খ

৭৪৭. উপকূলীয় এলাকার কৃষি জমিতে কোনটি বৃদ্ধি পেয়েছে? (জ্ঞান)
ক নদী ভাঙন খ লবণাক্ততা
গ আর্দ্রতা ঘ ভূমিকম্প — খ

৭৪৮. সমুদ্রে নিম্নচাপ সৃষ্টি হওয়ার কারণে কীসের তীব্রতা বেড়ে যায়? (জ্ঞান)
ক বন্যার খ নদীভাঙনের
গ ভূমিকম্পের ঘ সাইক্লোনের — ঘ

৭৪৯. সুন্দরবনের প্রায় এক-চতুর্থাংশ বন নষ্ট হয়েছে কেন? (অনুধাবন)
ক সমুদ্রের পানি ময়লা হওয়ায় খ জলাবদ্ধতা বেড়ে যাওয়ায়
গ প্রাকৃতিক দুর্যোগের কারণে ঘ সমুদ্রের পানি বৃদ্ধি পাওয়ায় — গ

৭৫০. মানবদেহের ক্যান্সার ও চর্মরোগের জন্য দায়ী কোনটি? (জ্ঞান) [JSC ব. বো. '১৮]
ক আর্সেনিক খ ওজোন গ্যাস
গ অতিবেগুনি রশ্মি ঘ নাইট্রাস অক্সাইড — গ

৭৫১. মরুকরণ কোন দুর্যোগের ফল? (অনুধাবন) [JSC চ. বো. '১৮]
ক ঘূর্ণিঝড় খ খরা গ ভূমিধস ঘ দাবানল — খ

৭৫২. বৈশ্বিক উষ্ণায়নের ফলে ক্রমাগত উত্তপ্ত হচ্ছে— (অনুধাবন) [গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ]
i. বায়ুমণ্ডল
ii. পৃথিবী
iii. সমুদ্রপৃষ্ঠ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৭৫৩. মানবসৃষ্ট গ্রিনহাউস গ্যাস— (অনুধাবন) [সিলেট ক্যাডেট কলেজ]
i. সিএফসি
ii. এইচসিএফসি
iii. কার্বন-ডাই-অক্সাইড
নিচের কোনটি সঠিক?
ক ii খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii — খ

৭৫৪. আমাদের দৈনন্দিন জীবনে বিলাসবহুল দ্রব্যের ব্যবহারের ফলে যা ঘটছে তা হলো— [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-২]
i. মানবসৃষ্ট এইচসিএফসি গ্যাস বৃদ্ধি
ii. ওজোন স্তর ক্ষতিগ্রস্ত হয়
iii. সুখে থাকা সহজ হচ্ছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৭৫৫. পৃথিবীতে প্রাকৃতিক দুর্যোগ বৃদ্ধির জন্য দায়ী— (অনুধাবন) [JSC চ. বো. '১৯]
i. শিল্প-কারখানার প্রসার
ii. বিলাসজাত পণ্যের ভোগ বৃদ্ধি
iii. নির্মাণ কাজের জন্য বৃক্ষনিধন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৭৫৬. বনভূমির বৃক্ষনিধনের ফলে— (অনুধাবন) [JSC সি. বো. '১৭]
i. বৃষ্টিপাতের পরিমাণ হ্রাস পাচ্ছে
ii. মরুকরণের ঝুঁকি বাড়ছে
iii. সমুদ্রের পানির উচ্চতা বাড়ছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৭৫৭. সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধিতে বাগেরহাটের উপকূলীয় অঞ্চলে সমুদ্রের পানি ঢুকে পড়ছে। এর ফলে— (উচ্চতর দক্ষতা) [JSC ব. বো. '১৯]
i. মাছ চাষ বৃদ্ধি পেয়েছে
ii. কৃষি জমি অনুর্বর হয়ে পড়েছে
iii. কর্মসংস্থানের অভাব দেখা দিয়েছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — গ

নিচের উদ্দীপকটি পড়ে ৭৫৮ ও ৭৫৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:



চিত্র: পৃথিবীর বায়ুমণ্ডলের বিভিন্ন স্তর
[JSC কু. বো. '১৯]

৭৫৮. 'Z' স্তরটির নাম কী? (প্রয়োগ)
ক ওজোন স্তর খ ট্রপোসীমা
গ ট্রপোস্ফেয়ার ঘ স্ট্রাটোমণ্ডল — গ

৭৫৯. 'X' স্তরের ক্ষয়ের কারণে কী ঘটে? (উচ্চতর দক্ষতা)
ক বৈশ্বিক উষ্ণতার তারতম্য ঘটে না
খ বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি পায়
গ পৃথিবীর জীবজগৎ রক্ষা পায়
ঘ রাতের বেলা পৃথিবী ঠান্ডা থাকে — খ

নিচের উদ্দীপকটি পড়ে ৭৬০ ও ৭৬১ নম্বর প্রশ্নের উত্তর দাও:-
করিমগঞ্জ উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা মধুপুরে বনভোজনে যায়। সেখানে তারা দেখতে পেল কয়েকজন লোক নিয়মভঙ্গ করে বনের ভিতরে কাঠ কাটছে। [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-৩ ও ৪]

৭৬০. উদ্দীপকে প্রত্যক্ষভাবে কোন দুর্যোগটির ইঙ্গিত রয়েছে?
ক গ্রিনহাউস গ্যাস খ ওজোন স্তর
গ বন উজাড় ঘ উষ্ণায়ন — গ

৭৬১. উক্ত দুর্যোগটির ফলে—
i. কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ বেড়ে যায়
ii. বৈদ্যুতিক গোলযোগ দেখা দেয়
iii. খাল-বিল শুকিয়ে যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — খ

নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৬২ ও ৭৬৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
জনাব ইমতিয়াজ বাসায় ব্যবহারের জন্য এয়ার কন্ডিশনার ক্রয় করতে গেলে দোকানদার তাকে পরিবেশবান্ধব এয়ার কন্ডিশনার ক্রয় করার পরামর্শ দেন। [JSC দি. বো. '১৭]

৭৬২. জনাব ইমতিয়াজ কোন ধরনের এয়ার কন্ডিশনার ক্রয় করলেন? (প্রয়োগ)
ক হাইড্রোজেনমুক্ত খ অক্সিজেনমুক্ত
গ নাইট্রোজেনমুক্ত ঘ কার্বনমুক্ত — ঘ

৭৬৩. উক্ত উপাদানটি ক্ষতিকারক কারণ, এটি— (উচ্চতর দক্ষতা)
i. ওজোন স্তরকে ক্ষয় করে
ii. যন্ত্রের ক্ষতি করে
iii. বৈশ্বিক উষ্ণতা বাড়ায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — খ

নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৬৪ ও ৭৬৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
পরিবেশ সংক্রান্ত সেমিনারে এক বক্তা বলেন, "কলকারখানা ও গাড়ির কালো ধোঁয়া, পারমাণবিক বর্জ্য, জ্বালানি, গ্যাস, ফ্রিজ, এসি, রাসায়নিক সার, কীটনাশক ব্যবহার, বন উজাড়করণ ইত্যাদি কারণে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে।" [JSC দি. বো. '১৭]

৭৬৪. উদ্দীপকটির প্রভাব হচ্ছে— (প্রয়োগ)
i. ভারসাম্যহীন পরিবেশ সৃষ্টি হবে
ii. সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি পাবে
iii. ভূমির উর্বরতা বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i, ii ও iii — গ

৭৬৫. উক্ত তাপমাত্রা বৃদ্ধির কারণ— (উচ্চতর দক্ষতা)
i. বিলাসদ্রব্যের ব্যবহার ii. ব্যাপক নগরায়ণ
iii. অধিক জীবাশ্ম জ্বালানির ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

## ■ পাঠ-৩, ৪ ও ৫: দুর্যোগের ধারণা ও ধরন; বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগ

▶ বোর্ড বই, পৃষ্ঠা-১১৩ ও ১১৪

৭৬৬. দুর্যোগের ধরন কয়টি? (জ্ঞান) ■
ক দুইটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি — ক

৭৬৭. মানুষের কর্মকাণ্ডের ফলে সৃষ্ট দুর্যোগ কোনটি? (অনুধাবন) [JSC ব. বো. '১৯]
ক খরা খ মরুকরণ
গ নদীভাঙন ঘ বন্যা — খ

৭৬৮. মিজানদের বাড়ি রংপুর জেলায়। তাদের এলাকায় প্রায় প্রতিবছরই খরা দেখা দেয়। সে সময় ফসলি জমি শুকিয়ে চৌচির হয়ে যায়। এটি কোন ধরনের দুর্যোগের অন্তর্গত? (প্রয়োগ)
ক সামাজিক খ মানবসৃষ্ট
গ পারিবারিক ঘ প্রাকৃতিক — ঘ

৭৬৯. কোন প্রাকৃতিক দুর্যোগটি সম্পর্কে আগে থেকেই পূর্বাভাস পাওয়া যায় না? (জ্ঞান) [জুনিয়র বৃত্তি পরীক্ষা, ২০২০]
ক বন্যা খ খরা
গ ভূমিকম্প ঘ নদীভাঙন — গ

৭৭০. ভূমিকম্পে অল্প সময়ে বেশি ক্ষয়-ক্ষতি হয় কেন? (অনুধাবন) ■ [মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
ক আগাম সংকেত পাওয়া যায় না বলে
খ দীর্ঘকালীন দুর্যোগ বলে
গ রাতে সংঘটিত হয় বলে
ঘ সুনামির সৃষ্টি করে বলে — ক

৭৭১. বাংলাদেশ ভূমিকম্প প্রবণ দেশের তালিকায়— (জ্ঞান)
ক নিম্ন ঝুঁকিপূর্ণ খ উচ্চ ঝুঁকিপূর্ণ
গ মধ্য ঝুঁকিপূর্ণ ঘ উচ্চ ঝুঁকিমুক্ত — খ

৭৭২. সমুদ্র তলদেশে প্রচণ্ড ভূমিকম্প ও অগ্ন্যুৎপাতের ফলে কোন প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয়? (জ্ঞান) [মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক টর্নেডো খ টাইফুন
গ সুনামি ঘ সিডর — গ

৭৭৩. সুনামি শব্দটি কোন ভাষার? (জ্ঞান) ■
ক ইংরেজি খ ফরাসি
গ জাপানি ঘ চীনা — গ

৭৭৪. 'সুনামি' শব্দের অর্থ কী? (জ্ঞান)
ক সমুদ্র তীরের বাতাস খ সমুদ্র তীরের বৃষ্টি
গ সমুদ্র তীরের সূর্য ঘ সমুদ্র তীরের ঢেউ — ঘ

৭৭৫. সুনামির কারণে সমুদ্রের পানি জলোচ্ছ্বাসের আকারে ভয়ঙ্কর গতিতে উপকূলের কত কিলোমিটারের মধ্যে ঢুকে পড়তে পারে? (জ্ঞান)
ক ৫ কি. মি. খ ১০ কি. মি.
গ ১৫ কি. মি. ঘ ২০ কি. মি. — খ

৭৭৬. ২০১১ সালে জাপানে কত মাত্রার ভূমিকম্পে সুনামির সৃষ্টি হয়? (জ্ঞান)
ক ৬.৯ মাত্রা খ ৭.৯ মাত্রা
গ ৮.৯ মাত্রা ঘ ৯.২ মাত্রা — গ

৭৭৭. বাংলাদেশে সুনামি হলে কী সমস্যা হতে পারে? (উচ্চতর দক্ষতা) [JSC দি. বো. '১৯]
ক জলোচ্ছ্বাসে উপকূলীয় এলাকা তলিয়ে যাবে
খ ঘর-বাড়িগুলো মাটিচাপা পড়তে পারে
গ পারমাণবিক তেজস্ক্রিয়তা সৃষ্টি হতে পারে
ঘ দেশটির উষ্ণতা বৃদ্ধি পেতে পারে — ক

৭৭৮. বেলে পাথর বা শেল কাদা দিয়ে গঠিত পাহাড়ি অঞ্চলে কোন ধরনের দুর্যোগ ঘটতে পারে? (জ্ঞান) [JSC কু. বো. '১৯]
ক ভূমিধস খ ভূমিকম্প
গ খরা ঘ নদীভাঙন — ক

৭৭৯. সাধারণত দীর্ঘমেয়াদি ও ভারি বৃষ্টিপাতের ফলে কোন দুর্যোগ ঘটে? (জ্ঞান) [[illegible] জিলা স্কুল]
ক সুনামি খ ভূমিধস
গ ভূমিকম্প ঘ ঘূর্ণিঝড় — খ

৭৮০. ভূমিধস ঘটে— (জ্ঞান) [JSC দি. বো. '১৭]
ক বন্যায় খ ঘূর্ণিঝড়ে
গ টর্নেডোতে ঘ ভারি বৃষ্টিপাতে — ঘ

৭৮১. আমাদের দেশে সাধারণত কোন দুর্যোগটি ঘটে না? (জ্ঞান) ■ [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক খরা খ টর্নেডো
গ দাবানল ঘ জলোচ্ছ্বাস — গ

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

Talukdar Academy

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৭৮২. বাংলাদেশের প্রেক্ষিতে কোনটিকে প্রাকৃতিক দুর্যোগ বলা যাবে না? (জ্ঞান) *[নিতপী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*

ক ঘূর্ণিঝড়কে খ বন্যাকে
গ অগ্নিকাণ্ডকে ঘ খরাকে — গ

৭৮৩. মানবসৃষ্ট দুর্যোগ এর পিছনে যে কারণটি বেশি দায়ী, তা হলো— (অনুধাবন) *[জুনিয়র বৃত্তি পরীক্ষা, ২০২৩]*

i. আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত
ii. মানুষের অসচেতনতা
iii. মানুষের দূরদৃষ্টির অভাব

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — গ

৭৮৪. সমুদ্রের বিস্তৃত এলাকা জুড়ে প্রবল ঢেউয়ের সৃষ্টি হয়— (অনুধাবন) *[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*

i. সমুদ্রের তলদেশে প্রচণ্ড ভূমিকম্পের ফলে
ii. অগ্ন্যুৎপাতের ফলে
iii. জোয়ারের ফলে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৭৮৫. ভূমিকম্প অল্প সময়ে সবচেয়ে বেশি ধ্বংসযজ্ঞ ঘটায়, কারণ— (অনুধাবন) *[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*

i. আগাম সংকেত পাওয়া যায় না
ii. সংঘটনের সময় অনিশ্চিত
iii. পূর্বপ্রস্তুতি গ্রহণ করা যায় না

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৭৮৬. অগ্নিকাণ্ড ঘটে— (অনুধাবন) *[JSC রা. বো. '১৯]*

i. অত্যধিক তাপে
ii. কম সচেতনতায়
iii. গ্রিনহাউস প্রতিক্রিয়ায়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭৮৭ ও ৭৮৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

সামিন সমুদ্র তীরে বেড়াতে গিয়ে দেখল, সাগরের তলদেশে অগ্ন্যুৎপাতের জন্য প্রচণ্ড গতিতে সাগরের পানি উপকূলে উঠে এসে ঘরবাড়ি সব ভাসিয়ে দিলো। *[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]*

৭৮৭. সামিন যে ঘটনাটি দেখেছিল তার নাম— (প্রয়োগ)

ক জলোচ্ছ্বাস খ ঘূর্ণিঝড়
গ সুনামি ঘ আইলা — গ

৭৮৮. উক্ত দুর্যোগটির ফলে যে ক্ষতি হয়— (উচ্চতর দক্ষতা)

i. ঘর-বাড়ি নষ্ট
ii. যোগাযোগ-ব্যবস্থা বিচ্ছিন্ন
iii. বাণিজ্য কেন্দ্র ধ্বংস

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ৭৮৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

গত বছর ইকবাল কক্সবাজারে একটি হোটেলে অবস্থান করার সময় তীব্র ঝাঁকুনি অনুভব করে। ঝাঁকুনি শেষে অন্য আরেকটি দুর্যোগের ব্যাপারে হোটেল কর্তৃপক্ষ তাকে সতর্ক করে। *[JSC দি. বো. '১৯]*

৭৮৯. হোটেল কর্তৃপক্ষ কোন দুর্যোগের বিষয়ে সতর্ক করে? (প্রয়োগ)

ক ঘূর্ণিঝড় খ বন্যা
গ সুনামি ঘ টর্নেডো — গ

**অনুচ্ছেদটি পড়ো এবং ৭৯০ ও ৭৯১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

রফিক রাতে ইন্টারনেটে একটি অনলাইন পত্রিকার নিউজে দেখলো চট্টগ্রামে প্রবল বৃষ্টিতে পাহাড়ের পাদদেশে বসবাসকারী ১০টি পরিবারের শিশুসহ ৮ জন নারী-পুরুষ মাটি চাপা পড়ে নিহত হয়েছে। *[JSC দি. বো. '১৮]*

৭৯০. উদ্দীপকে কোন দুর্যোগটির প্রত্যক্ষ ইঙ্গিত রয়েছে? (প্রয়োগ)

ক দাবানল খ ভূমিকম্প
গ ভূমিধস ঘ বন্যা — গ

৭৯১. উক্ত দুর্যোগটির কারণ— (উচ্চতর দক্ষতা)

i. ব্যাপক হারে গাছপালা কাটা
ii. বৈশ্বিক উষ্ণায়ন
iii. দীর্ঘমেয়াদি বৃষ্টিপাত

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — খ

## ■ পাঠ-৬ ও ৭: প্রাকৃতিক দুর্যোগের কারণ; বাংলাদেশের জীবন ও অর্থনীতির ওপর দুর্যোগের প্রভাব

*▶বোর্ড বই, পৃষ্ঠা-১১৬ ও ১১৭*

৭৯২. বাংলাদেশ কোন ধরনের জলবায়ু অঞ্চলে অবস্থিত? (জ্ঞান) *[বিশ্বনাথী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম]*

ক নিরক্ষীয় খ ক্রান্তীয় মৌসুমি
গ মেরু প্রদেশীয় ঘ নাতিশীতোষ্ণ — খ

৭৯৩. বাংলাদেশে সাধারণত প্রতিবছর বন্যার পানিতে শতকরা কত ভাগ প্লাবিত হয়? (জ্ঞান) *[JSC রা. বো. '১৮]*

ক ১০ খ ১৫
গ ২০ ঘ ৩০ — গ

৭৯৪. বন্যা ও বন্যা পরবর্তীকালে খাবার তৈরি এবং পানি সংগ্রহে কারা বেশি ভূমিকা রাখে? (জ্ঞান)

ক পুরুষেরা খ যুবকেরা
গ নারীরা ঘ শিশুরা — গ

৭৯৫. অধিকাংশ জনগোষ্ঠী প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা করার সামর্থ্য হারায় কেন? (অনুধাবন) *[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*

ক দরিদ্রতার কারণে খ স্বাস্থ্যহীনতার কারণে
গ চিকিৎসা সুবিধা না পাওয়ায় ঘ সরকারি সুবিধা না পাওয়ায় — ক

৭৯৬. ২০০৭ সালে সংঘটিত একটি প্রাকৃতিক দুর্যোগে বাংলাদেশের উপকূলীয় জনগোষ্ঠীর একটি বড় অংশ আর্থ-সামাজিক বিপর্যয়ের সম্মুখীন হয়। উক্ত প্রাকৃতিক দুর্যোগটি হলো— (অনুধাবন) *[ময়মনসিংহ জিলা স্কুল]*

ক বন্যা খ সিডর
গ আইলা ঘ খরা — খ

৭৯৭. আমাদের দেশে শহরকেন্দ্রিক বস্তি গড়ে ওঠার কারণ কী? (অনুধাবন) *[নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*

ক প্রাকৃতিক দুর্যোগ খ আধুনিক নগরায়ণ
গ মানবসৃষ্ট দুর্যোগ ঘ মানুষের অসাবধানতা — ক

৭৯৮. এদেশের মানুষ যুগ যুগ ধরে কীসের সঙ্গে লড়াই করে বেঁচে আছে? (জ্ঞান)

ক হিংস্র পশুর সাথে খ শত্রুর সাথে
গ দুর্যোগের সাথে ঘ প্রকৃতির সাথে — গ

৭৯৯. বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগ ঘটার কারণ হলো— *[বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-১]*

i. ভৌগোলিক অবস্থান
ii. জলবায়ু
iii. ভূমির গঠন ও নদীনালা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৮০০. বাংলাদেশে দুর্যোগ সংঘটিত হওয়ার কারণ হচ্ছে— (অনুধাবন) *[য. বো. '১৯]*

i. ভৌগোলিক অবস্থান
ii. মানুষের অসাবধানতা
iii. অধিক বৃষ্টিপাত

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৮০১. বাংলাদেশ দুর্যোগপ্রবণ হওয়ার কারণ হলো— (অনুধাবন) *[JSC ঢা. বো. '১৮]*

i. ভূভাগ প্লাবন সমভূমি দ্বারা গঠিত
ii. উত্তরে হিমালয় এবং দক্ষিণে বঙ্গোপসাগরের অবস্থান
iii. দক্ষিণ অঞ্চলে পাহাড়, পর্বত, টিলা না থাকা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৮০২. দুর্যোগজনিত পানি দূষণের কারণে দুর্যোগ কবলিত এলাকায় ছড়িয়ে পড়ে— (অনুধাবন) *[বিশ্বনাথী পাবলিক স্কুল ও কলেজ, [illegible]]*

i. ডায়রিয়া
ii. আমাশয়
iii. জন্ডিস

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৮০৩ ও ৮০৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ। এর কিছু কারণ রয়েছে। যেমন— ক্রান্তীয় মৌসুমি বায়ু, হিমালয় পর্বত, বঙ্গোপসাগর, সাম্প্রতিককালের প্লাবন সমভূমি এলাকা ইত্যাদি। একটি দুর্যোগে গাছপালার ক্ষয়ক্ষতি, লবণাক্ততা বৃদ্ধি ও মাছ নিধন প্রভৃতি ঘটে থাকে। *[পাবনা ক্যাডেট কলেজ]*

৮০৩. উদ্দীপকের শেষাংশে কোন দুর্যোগকে নির্দেশ করা হয়েছে? (প্রয়োগ)

ক বন্যা খ ভূমিধস
গ ঘূর্ণিঝড় বা জলোচ্ছ্বাস ঘ নদীভাঙন — গ

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

Talukdar Academy

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৮০৪. উদ্দীপকের ক্রান্তীয় মৌসুমি বায়ু যে কারণকে নির্দেশ করে— (উচ্চতর দক্ষতা)
ক ভূমির গঠন খ জলবায়ু
গ ভৌগোলিক অবস্থান ঘ নদীনালা — খ

## ■ পাঠ-৮: দুর্যোগ মোকাবিলায় করণীয় ▶ বোর্ড বই, পৃষ্ঠা-১১৮

৮০৫. কীভাবে দুর্যোগের প্রাণহানি ও ক্ষয়ক্ষতির পরিমাণ অনেকাংশে কমিয়ে আনা সম্ভব? (অনুধাবন)
ক পূর্ব প্রস্তুতি গ্রহণ ব্যতীত
খ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করে
গ দুর্যোগের সঙ্গে লড়াই করে
ঘ উপযুক্ত পূর্বপ্রস্তুতি ও কর্মপরিকল্পনা গ্রহণ করে — ঘ

৮০৬. কোন গাছ বন্যার পানির স্রোত প্রতিরোধ করতে পারে? (জ্ঞান) [পাবনা ক্যাডেট কলেজ]
ক ঢোলকলমি খ মেহগনি
গ তেলসুর ঘ গরান — ক

৮০৭. দুর্যোগের পূর্বে ঘরে খাবার স্যালাইন রাখতে হবে কেন? (অনুধাবন) [JSC রা. বো. '১৭]
ক স্যালাইন পুষ্টিকর খাবার বলে
খ ঐ সময় স্যালাইনের দাম বেশি হবে বলে
গ স্যালাইন পানিশূন্যতা ঘটাতে পারে
ঘ দুর্যোগ উত্তর ডায়রিয়ার সম্ভাবনা থাকে বলে — ঘ

৮০৮. দুর্যোগপূর্ব কাজ কোনটি? (অনুধাবন) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক ৫নং বিপদ সংকেত শুনে আশ্রয়কেন্দ্রে আশ্রয় নেওয়া
খ আহত মানুষদের প্রাথমিক সেবা দান
গ সতর্ক সংকেত সম্পর্কে জানা
ঘ ত্রাণকাজে সাহায্য করা — গ

৮০৯. ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের ক্ষেত্রে কত নম্বর সর্তক-সংকেত পর্যন্ত আশ্রয় কেন্দ্রে যাবার প্রয়োজন নেই? (জ্ঞান)
ক ৪ নম্বর খ ৫ নম্বর
গ ৭ নম্বর ঘ ৯ নম্বর — ক

৮১০. কত নং বিপদ সংকেত শোনার পর শিশু ও বৃদ্ধদের আশ্রয়কেন্দ্রে পাঠিয়ে দিতে হবে? (জ্ঞান) [JSC সি. বো., য. বো. '১৭]
ক ৩নং খ ৪নং
গ ৫নং ঘ ৬নং — গ

৮১১. দুর্যোগ পরবর্তী প্রথম করণীয় কোনটি? (অনুধাবন) [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]
ক খরা মোকাবিলায় প্রস্তুতি নেয়া খ নদীভাঙন রোধ করা
গ ক্ষতিগ্রস্তদের সহযোগিতা করা ঘ আশ্রয়কেন্দ্র তৈরি করা — গ

৮১২. নদীর পাড়ে এমন ধরনের গাছ লাগাতে হবে যেগুলোর শিকড় মাটির খুব গভীরে চলে যায়। এটি কীসের প্রস্তুতি? (প্রয়োগ) [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]
ক খরা মোকাবিলার খ নদীভাঙন মোকাবিলার
গ ভূমিকম্প মোকাবিলার ঘ ঘূর্ণিঝড় মোকাবিলার — খ

৮১৩. বাংলাদেশে খরাপ্রবণ অঞ্চল কোনটি? (জ্ঞান) [JSC সি. বো. '১৮]
ক খুলনা খ কুমিল্লা
গ রংপুর ঘ বরিশাল — গ

৮১৪. কোন দুর্যোগটি কেটে যাবার পর কৃষিকাজে রাসায়নিক সারের পরিবর্তে জৈবসার ব্যবহার করতে হবে? (জ্ঞান) [মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, মিরপুর, ঢাকা]
ক বন্যা খ ভূমিকম্প
গ খরা ঘ ঘূর্ণিঝড় — গ

৮১৫. কোন প্রাকৃতিক দুর্যোগটি সম্পর্কে আগে থেকে কোনো পূর্বাভাস পাওয়া যায় না? (জ্ঞান)
ক বন্যা খ ঘূর্ণিঝড়
গ ভূমিকম্প ঘ খরা — গ

৮১৬. উপকূলীয় এলাকার বাসিন্দা মনু মিয়া ঘূর্ণিঝড়ের ৪নং সতর্ক সংকেত পান। এক্ষেত্রে তার করণীয় হলো— (প্রয়োগ) [JSC কু. বো. '১৮]
i. গবাদি পশু উঁচু স্থানে রাখা
ii. ৫নং সংকেতের জন্য অপেক্ষা করা
iii. নিজের সুবিধাকে বড়ো করে দেখা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৮১৭. এ বছর বাংলাদেশের উত্তরাঞ্চলে বন্যা সংঘটিত হয়েছে। উক্ত অঞ্চলের ক্ষতিগ্রস্ত জনগণের জন্য আমাদের প্রধান করণীয় হলো— (প্রয়োগ) [JSC সি. বো. '১৯]
i. শুকনা খাবার ও পানীয় জলের ব্যবস্থা করা
ii. সংক্রামক রোগের টিকা দেওয়ার উদ্যোগ গ্রহণ
iii. পরিস্থিতি মোকাবেলায় সংঘবদ্ধভাবে কাজ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৮১৮. যে কোনো দুর্যোগে অধিক যত্নশীল হতে হবে— (অনুধাবন)
i. শিশুদের প্রতি ii. গর্ভবতী নারীর প্রতি
iii. বৃদ্ধদের প্রতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৮১৯. নদীভাঙন মোকাবিলার প্রস্তুতি হলো— (অনুধাবন) [JSC চ. বো. '১৭]
i. শিশু ও বৃদ্ধদের আশ্রয়কেন্দ্রে সরিয়ে নিতে হবে
ii. গর্ভবতী নারী, প্রসূতি ও প্রতিবন্ধীদের নিরাপদ স্থানে পাঠাতে হবে
iii. বেশি করে গাছ লাগাতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৮২০. শিক্ষক শ্রেণিতে পাঠদানকালে বুঝতে পারলেন যে হঠাৎ করেই পুরো কক্ষটি ঝাঁকুনি দিয়ে ওঠে। উক্ত পরিস্থিতিতে করণীয়— (প্রয়োগ) [JSC কু. বো. '১৮]
i. দৌড়ে বেরিয়ে যাওয়া
ii. খোলা জায়গায় চলে যাওয়া
iii. আতঙ্কিত না হওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — গ

৮২১. বাংলাদেশে বেশি ভূমিকম্প ঝুঁকি অঞ্চলের মধ্যে অন্যতম— (অনুধাবন)
i. দিনাজপুর ও রংপুর
ii. ঢাকা ও টাঙ্গাইল
iii. যশোর ও ঝিনাইদহ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৮২২. ভূমিকম্প সংঘটিত হওয়ার পর করণীয় হলো— (অনুধাবন)
i. আহতদের দ্রুত হাসপাতালে নেওয়া
ii. সাধ্যমতো উদ্ধার কর্মকাণ্ডে সহায়তা করা
iii. দুর্ঘটনাপ্রবণ এলাকা দ্রুত ত্যাগ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

নিচের উদ্দীপকটি পড়ে ৮২৩ ও ৮২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:
সীমা বাংলাদেশের উপকূলীয় এলাকায় বসবাস করে। একদিন সে একটি প্রাকৃতিক দুর্যোগের সতর্ক-সংকেত পায়। সে বাসা ছেড়ে আশ্রয়কেন্দ্রে যায়। অন্যদিকে হাসু মিয়া একজন গরিব কৃষক। সম্প্রতি প্রচণ্ড তাপ ও দীর্ঘ অনাবৃষ্টির কারণে তার জমির ফসলগুলো মরে যায়। [JSC রা. বো. '১৯]

৮২৩. কোন দুর্যোগের কারণে সীমা আশ্রয়কেন্দ্রে যায়? (প্রয়োগ)
ক বন্যা খ নদীভাঙন গ টর্নেডো ঘ ঘূর্ণিঝড় — ঘ

৮২৪. এমতাবস্থায় হাসু মিয়া— (উচ্চতর দক্ষতা)
i. কৃষির পাশাপাশি বিকল্প পেশা খুঁজতে পারে
ii. পরিবেশবান্ধব সার ব্যবহার করতে পারে
iii. বাঁধের ভিতর বাসা তৈরি করতে পারে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮২৫ ও ৮২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:
কুশিয়ারা নদী তীরের বাসিন্দা জনাব রহিম মিয়া ঘর-বাড়ি ও জমি-জমা হারিয়ে পরিবারের সবাইকে নিয়ে সিলেট শহরে চলে এসেছেন। কিন্তু বাপ-দাদার ভিটে মাটির জন্য এখনও আফসোস করেন। [JSC চ. বো., য. বো. '১৮]

৮২৫. জনাব রহিম মিয়ার পরিণতির জন্য কোন প্রাকৃতিক দুর্যোগ দায়ী? (প্রয়োগ)
ক নদীভাঙন খ ভূমিধস
গ টর্নেডো ঘ ভূমিকম্প — ক

৮২৬. উক্ত দুর্যোগ মোকাবিলায় করণীয় হলো— (উচ্চতর দক্ষতা)
i. শিশু ও গর্ভবতী মহিলাদেরকে হাসপাতালে ভর্তি করতে হবে
ii. বাড়ির গাছপালা ও শাকসবজি বিক্রি করতে হবে
iii. আগে থেকেই গোয়ালঘর ও রান্নাঘর নিরাপদ স্থানে সরাতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — গ



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



# দ্বাদশ অধ্যায় বাংলাদেশের প্রাকৃতিক সম্পদ

## তথ্যকণিকা

- প্রকৃতির কাছ থেকে পাওয়া সব বস্তুকেই বলা হয়— প্রাকৃতিক সম্পদ।
- দেশের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার উন্নয়ন ঘটানো সম্ভব— প্রাকৃতিক সম্পদের পরিকল্পিত ব্যবহারের মাধ্যমে।
- বাংলাদেশে পাহাড়ি এলাকার পরিমাণ— ১০ শতাংশ বা ১৪,৭৫৭ বর্গ কি. মি। [JSC কু. বো., রা. বো. '১৮; চ. বো. '১৭]
- ভালো ফসল ফলনের পিছনে যে সম্পদ অগ্রণী ভূমিকা রেখেছে তা হলো— মাটি। [JSC দি. বো. '১৯]
- বাংলাদেশে মালামাল পরিবহণের সহজ মাধ্যম— নদ-নদী।
- যে প্রাকৃতিক সম্পদ হতে বিদ্যুৎ উৎপন্ন করা যায় সেটি হলো— নদ-নদী। [JSC চ. বো. '১৯]
- বাংলাদেশের উল্লেখযোগ্য খনিজসম্পদ হলো— কয়লা, গ্যাস, চুনাপাথর, সিলিকা বালি। [JSC চ. বো. '১৭]
- বাংলাদেশের মোট বনভূমির পরিমাণ— ২৪,৯৩৮ বর্গ কি.মি.।
- বাংলাদেশের মোট ভূ-ভাগের বনের পরিমাণ— ১৬ ভাগ।
- প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় দেশে বনভূমি থাকা প্রয়োজন মোট ভূমির— শতকরা ২৫ ভাগ। [JSC য. বো. '১৮]
- প্রাকৃতিক ভারসাম্য রক্ষার জন্য যে সম্পদের গুরুত্ব সর্বাধিক তা হলো— বনজসম্পদ। [JSC য. বো. '১৯]
- বাংলাদেশের দক্ষিণ অঞ্চল জুড়ে রয়েছে— বঙ্গোপসাগর।
- প্রচুর মিঠা পানির মাছ রয়েছে— খাল-বিল ও নদ-নদীতে।
- খাবার লবণের উৎস হলো— সমুদ্রসম্পদ। [JSC য. বো. '১৯]
- সাগর তীরে গড়ে ওঠা বাংলাদেশের তিনটি সমুদ্রবন্দর হলো— চট্টগ্রাম, মংলা ও পায়রা।
- অর্থনৈতিক কাজের ওপর ভিত্তি করে গড়ে ওঠে— সমাজ ব্যবস্থা।
- খাদ্য ও অন্যান্য পণ্য উৎপাদন, বণ্টন ও ভোগকে কেন্দ্র করে গড়ে উঠেছে— মানুষের আর্থ-সামাজিক ব্যবস্থা।
- মানুষ শুধু প্রাকৃতিক সম্পদ ব্যবহার করেছে— প্রাচীনকাল থেকে মধ্যযুগ পর্যন্ত।
- প্রাকৃতিক সম্পদকে দক্ষতার সাথে ব্যবহার করার জন্য মানুষ তৈরি করেছে— আধুনিক যন্ত্র।
- উর্বর মাটির যথাযথ ব্যবহার— কৃষির উৎপাদন বাড়ায়।
- প্রকৃতিতে তাপমাত্রা কমানোর জন্য প্রয়োজনীয় ভূমিকা পালন করে— বনজসম্পদ।
- জীববৈচিত্র্য বলতে বোঝায়— প্রকৃতির মধ্যে জীবের বেঁচে থাকার নিয়ম। [JSC দি. বো. '১৭]
- গাছপালা প্রয়োজনীয় নাইট্রোজেন পায়— প্রাণীদের কাছ থেকে।
- জলাভূমি ভরাট করে ঘরবাড়ি, রাস্তাঘাট ও শহর নির্মিত হচ্ছে— জনসংখ্যা বেড়ে যাওয়ায়।
- দেশের জনসংখ্যা বেড়ে যাওয়ার ফলে শহরে কমে গেছে— গ্যাস ও পানি সরবরাহ। [JSC রা. বো. '১৭]
- গ্রামাঞ্চলে তাপমাত্রা বৃদ্ধি পাওয়ার কারণ—গাছপালা কমে যাওয়া।
- জীববৈচিত্র্য রক্ষায় আমাদের প্রথম করণীয়— জনসংখ্যা নিয়ন্ত্রণ করা। [JSC ম. বো. '১৯; রা. বো. '১৯]
- বাংলাদেশে পাটশিল্পের যাত্রা শুরু হয়— ১৯৫১ সালে নারায়ণগঞ্জে আদমজি পাটকল প্রতিষ্ঠার মাধ্যমে।
- ১৯৪৭ সালে দেশে বস্ত্রকল ছিল— ৮টি।
- শিল্পায়নের প্রাথমিক পর্যায়ে প্রাধান্য ছিল— বস্ত্রশিল্পের। [JSC য. বো. '১৯]
- পোশাকশিল্পের অগ্রযাত্রা শুরু হয়— গত শতকের আশির দশকে।
- বর্তমানে বাংলাদেশের বৃহত্তম রপ্তানিমুখি শিল্প— পোশাকশিল্প।
- দেশে বর্তমানে পোশাকশিল্প ইউনিট রয়েছে— প্রায় তিন হাজারেরও অধিক।
- বাংলাদেশের যে শিল্পে অধিক লোক কর্মরত আছে সেটি হলো— পোশাকশিল্প। [JSC য. বো. '১৭]
- পোশাকশিল্পে কাজ করছে প্রায়— ৪০ লাখ শ্রমিক।
- সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জনকারী শিল্প হলো— পোশাকশিল্প। [JSC কু. বো. '১৯]
- ১৯৩৩ সালে প্রথম চিনিকল প্রতিষ্ঠিত হয়— নাটোরের গোপালপুরে। [JSC কু. বো. '১৭]
- বর্তমানে বাংলাদেশে চিনি কল আছে— ১৭টি। [JSC সি. বো. '১৭]
- রাসায়নিক সার তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়— খাদ্যোৎপাদন বৃদ্ধির লক্ষ্যে।
- বাংলাদেশের প্রথম সার কারখানা প্রতিষ্ঠিত হয়—১৯৬১ সালে সিলেটের ফেঞ্চুগঞ্জে। [JSC সি. বো. '১৯; ব. বো. '১৯]
- ফেঞ্চুগঞ্জ সার কারখানার প্রধান কাঁচামাল হলো— প্রাকৃতিক গ্যাস। [JSC দি. বো. '১৮; ব. বো. '১৭]
- দেশে সার কারখানা চালু আছে— ৮টি।
- চুনাপাথর ও প্রাকৃতিক গ্যাসের সমন্বয়ে উৎপাদিত হয়— সিমেন্ট।
- সিমেন্ট শিল্পের যাত্রা শুরু হয়— ১৯৪০ সালে।
- বাংলাদেশের সম্ভাবনাময় শিল্প হলো— ঔষধ শিল্প। [JSC ম. বো. '১৯]
- চা প্রচুর উৎপাদিত হয়— সিলেট অঞ্চলে। [JSC ব. বো. '১৭; কু. বো. '১৬]
- বাংলাদেশের নতুন অর্থকরী ফসল হলো— তুলা। [JSC কু. বো. '১৯]
- বাংলাদেশে 'সাদা সোনা' বলা হয়— চিংড়িকে। [JSC রা. বো., কু. বো. '১৯]
- বাংলাদেশের বিপুল সংখ্যক নারী জড়িত— তৈরি পোশাক শিল্পের সাথে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

[প্রতিটি প্রশ্নের মান-১]

### ■ পাঠ-১ ও ২: বাংলাদেশের বিভিন্ন প্রাকৃতিক সম্পদ; আর্থ-সামাজিক অগ্রগতিতে প্রাকৃতিক সম্পদের ভূমিকা

▶ বোর্ড বই, পৃষ্ঠা-১২৬ ও ১২৭

৮২৭. প্রাকৃতিক সম্পদের অন্তর্ভুক্ত সব কিছুই কোথা থেকে পাওয়া যায়? (জ্ঞান)
ক) প্রকৃতি খ) রাষ্ট্র
গ) সমাজ ঘ) বনভূমি — উত্তর: ক

৮২৮. কোন সম্পদের যথাযথ ব্যবহারের ফলে মানুষের অর্থনৈতিক ও সামাজিক জীবনের অগ্রগতি ঘটে? (অনুধাবন)
ক) বনজ সম্পদ খ) মৎস সম্পদ
গ) প্রাকৃতিক সম্পদ ঘ) খনিজ সম্পদ — উত্তর: গ

৮২৯. কোন বস্তুকে মানুষ নিজের চাহিদা মতো রূপান্তরিত করে কাজে লাগায়? (জ্ঞান)
ক) কৃত্রিম খ) প্রাকৃতিক
গ) কৃষিজ ঘ) মৌলিক — উত্তর: খ

৮৩০. আমাদের দেশে বিভিন্ন ধরনের ফসল উৎপাদনের জন্য কোন উপাদানটি অপরিহার্য? (অনুধাবন)
ক) খনিজ খ) মাটি
গ) বনভূমি ঘ) খাল-বিল — উত্তর: খ

৮৩১. বাংলাদেশের মাটি বছরে তিনটি ফসল উৎপাদনের উপযোগী। এ মাটির ধরণ কেমন? (প্রয়োগ)
ক) বনজ সমৃদ্ধ খ) গ্যাস সমৃদ্ধ
গ) খুবই উর্বর ঘ) খুবই উষর — উত্তর: গ

৮৩২. বাংলাদেশে পাহাড়ি এলাকার পরিমাণ কত শতাংশ? (জ্ঞান) [JSC কু. বো. '১৮; চ. বো. '১৭]
ক) ৮ খ) ১০
গ) ১২ ঘ) ১৬ — উত্তর: খ

৮৩৩. বাংলাদেশের আয়তন ১,৪৭,৫৭০ বর্গ কি. মি.। এদেশের পাহাড়ি এলাকার আয়তন কত বর্গ কি. মি.? (প্রয়োগ) [JSC রা. বো. '১৮]
ক) ১,৪৭,৫৭০ খ) ১৪,৭৫৭
গ) ৫,৩৭০ ঘ) ৫,৩২০ — উত্তর: খ

৮৩৪. কোন প্রাকৃতিক সম্পদ হতে বিদ্যুৎ উৎপন্ন করা যায়? (জ্ঞান) [JSC চ. বো. '১৯]
ক) মাটি খ) নদ-নদী
গ) বনজসম্পদ ঘ) সমুদ্রসম্পদ — উত্তর: খ

৮৩৫. দেশের কত অংশ সমতল ভূমি ও জলাভূমির আওতাভুক্ত? (অনুধাবন) [রাজশাহী ক্যাডেট কলেজ]
ক) এক-দশমাংশ খ) এক-নবমাংশ
গ) নয়-দশমাংশ ঘ) নয়-দ্বাদশাংশ — উত্তর: গ



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৮৩৬. বাংলাদেশের মোট বনভূমির পরিমাণ কত? (জ্ঞান)
[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক ২৩,০০০ বর্গ কি.মি. খ ২৪,৯৩৮ বর্গ কি.মি.
গ ২৫,৯৩৭ বর্গ কি.মি. ঘ ২৭,৯০৮ বর্গ কি.মি. **ঘ**

৮৩৭. বাংলাদেশের ভূ-ভাগের কত ভাগ হচ্ছে বন? (জ্ঞান) [বরিশাল জিলা স্কুল]
ক ১৪ ভাগ খ ১৫ ভাগ
গ ১৬ ভাগ ঘ ১৭ ভাগ **গ**

৮৩৮. প্রাকৃতিক ভারসাম্য রক্ষার জন্য কোন সম্পদের গুরুত্ব সর্বাধিক? (অনুধাবন)
[JSC ব. বো. '১৮]
ক মানব খ খনিজ
গ মৎস্য ঘ বনজ **ঘ**

৮৩৯. প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় দেশে শতকরা কত ভাগ বনভূমি থাকা প্রয়োজন? (জ্ঞান) [JSC ব. বো. '১৮]
ক ১০ খ ১৬
গ ২৫ ঘ ৩০ **গ**

৮৪০. কোন সমুদ্রবন্দরটি দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত? (অনুধাবন)
[নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক মংলা খ চালনা
গ চট্টগ্রাম ঘ পায়রা **গ**

৮৪১. বাংলাদেশের দক্ষিণ অঞ্চল জুড়ে রয়েছে— (জ্ঞান)
[মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক আরব সাগর খ বঙ্গোপসাগর
গ ভারত মহাসাগর ঘ প্রশান্ত মহাসাগর **খ**

৮৪২. মংলা একটি —? (জ্ঞান) [বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা]
ক স্থল বন্দর খ বিমান বন্দর
গ নদী বন্দর ঘ সমুদ্র বন্দর **ঘ**

৮৪৩. কোন উৎস থেকে আমরা খাবার লবণ পেয়ে থাকি? (জ্ঞান)
[JSC ব. বো. '১৮]
ক নদ-নদী খ খনিজসম্পদ
গ সমুদ্রসম্পদ ঘ মাটি **গ**

৮৪৪. প্রাচীনকালে মানুষ কোথা থেকে খাদ্য সংগ্রহ করত? (জ্ঞান)
[সেন্ট যোসেফ হায়ার সেকেন্ডারি স্কুল, ঢাকা]
ক জমি থেকে খ পাহাড় থেকে
গ নদী থেকে ঘ বন থেকে **ঘ**

৮৪৫. প্রাচীনকাল থেকে শুরু করে কোন যুগ পর্যন্ত মানুষ শুধু প্রাকৃতিক সম্পদ ব্যবহার করত? (জ্ঞান) [ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম]
ক পূর্বমধ্য যুগ খ মধ্যযুগ
গ আধুনিক যুগ ঘ ব্রোঞ্জ যুগ **খ**

৮৪৬. মানুষ কয়লা, লোহা, গ্যাস ইত্যাদি খনিজসম্পদ উত্তোলন করতে শিখেছে কোন সময়? (জ্ঞান)
ক মধ্যযুগে খ শিল্পযুগে
গ আধুনিককালে ঘ পশুপালন যুগে **গ**

৮৪৭. প্রাকৃতিক সম্পদকে আরও দক্ষতার সাথে ব্যবহার করার জন্য মানুষ কী তৈরি করছে? (জ্ঞান) [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]
ক ঘরবাড়ি খ সমুদ্রবন্দর
গ আধুনিক যন্ত্র ঘ সামাজিক প্রতিষ্ঠান **গ**

৮৪৮. কোনটির ব্যবহার নিশ্চিত করলে দেশের আর্থ-সামাজিক অবস্থার অগ্রগতি ত্বরান্বিত হবে? (অনুধাবন)
[সাতক্ষীরা সরকারি মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়]
ক মৎস্যসম্পদের ব্যবহার খ পশু সম্পদের ব্যবহার
গ বনজসম্পদের ব্যবহার ঘ প্রাকৃতিক সম্পদের ব্যবহার **ঘ**

৮৪৯. আর্থ সামাজিক অবস্থাকে দ্রুত উন্নত করতে গিয়ে মানুষ কী ধ্বংস করছে? (অনুধাবন)
ক প্রকৃতি খ ঘরবাড়ি
গ মাটি ঘ নদী **ক**

৮৫০. আমাদের জনসংখ্যা এবং সম্পদের ক্ষেত্রে কোন সম্পর্কটি বিদ্যমান? (অনুধাবন) [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক সম্পদ > জনসংখ্যা খ সম্পদ < জনসংখ্যা
গ সম্পদ = জনসংখ্যা ঘ সম্পদ ≥ জনসংখ্যা **খ**

৮৫১. মানুষ কীভাবে আর্থ-সামাজিক ব্যবস্থা গড়ে তুলেছে? (অনুধাবন)
[সেন্ট যোসেফ হায়ার সেকেন্ডারি স্কুল, ঢাকা]
ক মোবাইল ব্যবহার করে খ টেলিফোন ব্যবহার করে
গ যন্ত্রপাতি ব্যবহার করে ঘ নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন করে **গ**

৮৫২. কৃষি উৎপাদন কীভাবে বাড়ানো যায়? (অনুধাবন)
[ঢাকা রেসিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজ]
ক অধিক সার ও বীজ ব্যবহার করে
খ অধিক কীটনাশক ও সার দিয়ে
গ অধিক শ্রমিক নিয়োগ করে
ঘ উর্বর মাটির সঠিক ব্যবহার করে **ঘ**

৮৫৩. গ্রামে নতুন নতুন কর্মসংস্থানের সৃষ্টি করতে হলে আমাদের করণীয় কী? (অনুধাবন)
ক কৃষিকাজে প্রাচীন চাষ পদ্ধতির প্রচলন
খ কৃষিকাজে উন্নত প্রযুক্তির ব্যবহার
গ কৃষিকাজে স্বল্পমূল্যের সারের ব্যবহার
ঘ কৃষিকাজে উন্নত বীজের ব্যবহার **খ**

৮৫৪. শুকনো মৌসুমেও কীভাবে কৃষি উৎপাদন বাড়ানো যায়? (অনুধাবন)
ক উন্নত বীজ বপন করে
খ স্বল্পমূল্যে সার সরবরাহের মাধ্যমে
গ কৃষিজমিতে সেচ দিয়ে
ঘ দেশি বীজ বপন করে **গ**

৮৫৫. প্রকৃতিতে তাপমাত্রা কমানোর জন্য কোন সম্পদ অত্যন্ত প্রয়োজনীয় ভূমিকা পালন করে? (জ্ঞান)
ক কৃষিজ খ মৎস
গ খনিজ ঘ বনজ **ঘ**

৮৫৬. বাংলাদেশের নদ-নদী গুলো— (অনুধাবন) [ময়মনসিংহ জিলা স্কুল]
i. পরিবহন ও যোগাযোগের সহজ মাধ্যম
ii. বিপুল মৎস্যসম্পদের উৎস
iii. প্রাকৃতিক দুর্যোগের কারণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮৫৭ ও ৮৫৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
রাজু সৌদি আরবের একটি তেলের খনিতে কাজ করে। তার ভাই মঞ্জুও আর একটি সোনার খনিতে কাজ করে। [মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা]

৮৫৭. উদ্দীপকে সৌদি আরবের কোন ধরনের সম্পদের কথা বলা হয়েছে? (প্রয়োগ)
ক কৃত্রিম খ রাসায়নিক
গ খনিজ ঘ তেজস্ক্রিয় **গ**

৮৫৮. উদ্দীপকের সম্পদের মতো বাংলাদেশে যেসব সম্পদ আছে সেগুলোর অন্যতম হলো— (উচ্চতর দক্ষতা)
i. কয়লা
ii. গ্যাস
iii. চিনামাটি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

## ■ পাঠ-৩, ৪ ও ৫: বাংলাদেশের জীববৈচিত্র্য; বাংলাদেশের প্রধান প্রধান শিল্প; বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে শিল্পের অবদান

▶ বোর্ড বই, পৃষ্ঠা-১২৮, ১৩০ ও ১৩২

৮৫৯. জীববৈচিত্র্য বলতে বোঝায়, প্রকৃতির মধ্যে জীবের— (অনুধাবন)
[JSC ঢা. বো. '১৭]
ক দীর্ঘায়ু লাভ খ স্বল্পায়ু লাভ
গ বেঁচে থাকার নিয়ম ঘ বিনাশ হওয়া **গ**

৮৬০. গাছপালা বাতাসে ছড়িয়ে কী দিচ্ছে? (জ্ঞান)
ক নাইট্রোজেন খ অক্সিজেন
গ কার্বন-ডাই-অক্সাইড ঘ খাদ্য **খ**

৮৬১. গাছপালা প্রাণীদের কাছ থেকে কী পায়? (জ্ঞান)
ক নাইট্রোজেন খ অক্সিজেন
গ কার্বন-ডাই-অক্সাইড ঘ খাদ্য **গ**

৮৬২. কৃষি জমির পরিমাণ কমে যাওয়ার কারণ কী বলে তুমি মনে কর? (উচ্চতর দক্ষতা)
ক জমিতে রাসায়নিক সারের ব্যবহার
খ জমিতে জৈব সারের ব্যবহার
গ ঘরবাড়ি ও রাস্তাঘাট গড়ে ওঠা
ঘ সেচের ব্যবহার বৃদ্ধি **গ**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৮৬৩. মাটি তার উর্বরতা শক্তি হারায় কোনটির কারণে? (জ্ঞান) [মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা]
ক রাসায়নিক বর্জ্য খ জৈব সার
গ সবুজ সার ঘ প্রাকৃতিক সার **ক**

৮৬৪. জমির শেখ আলী তার জমিতে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করেছেন। তিনি কোন উদ্দেশ্যে এগুলো ব্যবহার করেছেন? (প্রয়োগ) [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর]
ক খাদ্যের স্বাদ বৃদ্ধির জন্য খ পুষ্টিসম্পন্ন খাদ্য তৈরির জন্য
গ বেশি খাদ্য উৎপাদনের জন্য ঘ কম সময়ে উৎপাদনের জন্য **গ**

৮৬৫. দেশের জনসংখ্যা বেড়ে যাওয়ার ফলে শহরে কমে গেছে— (অনুধাবন) [JSC রা. বো. ১৭]
ক শাক-সবজির সরবরাহ খ মাছ-মুরগির সরবরাহ
গ গ্যাস ও পানি সরবরাহ ঘ শিল্পপণ্য সরবরাহ **গ**

৮৬৬. গ্রামাঞ্চলে তাপমাত্রা বেড়ে যাওয়ার কারণ কোনটি? (অনুধাবন)
ক মাটির তাপ শোষণ ক্ষমতা কমে যাওয়া
খ সূর্যের তাপ বৃদ্ধি পাওয়া
গ গাছপালা কমে যাওয়া
ঘ শিল্প কারখানা গড়ে ওঠা **গ**

৮৬৭. জীববৈচিত্র্য রক্ষায় আমাদের প্রথম করণীয় কী? (অনুধাবন) ■ [দি. বো. ১৯; রা. বো. ১৯]
ক বেশি করে গাছ লাগানো
খ জলাশয় রক্ষা করা
গ জনসংখ্যা নিয়ন্ত্রণ করা
ঘ কীটনাশকের ব্যবহার কমিয়ে আনা **গ**

৮৬৮. ১৯৫১ সালে কোথায় আদমজী পাটকল প্রতিষ্ঠার মাধ্যমে পাটশিল্পের যাত্রা শুরু হয়? (জ্ঞান)
ক কুমিল্লায় খ নোয়াখালীতে
গ চট্টগ্রামে ঘ নারায়ণগঞ্জে **ঘ**

৮৬৯. বাংলাদেশে একসময় কৃষকের প্রধান অর্থকরী ফসল ছিল কোনটি? (জ্ঞান) [উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল]
ক চা খ তামাক
গ পাট ঘ আখ **গ**

৮৭০. ১৯৪৭ সালে বাংলাদেশে কতটি বস্ত্রকল ছিল? (জ্ঞান) [চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ]
ক ৪টি খ ৬টি
গ ৮টি ঘ ১২টি **গ**

৮৭১. বাংলাদেশ একটি স্বল্প মূলধনের দেশ। এদেশে শ্রমের সহজপ্রাপ্যতা আছে বিধায় নিচের কোন শিল্পের উৎপাদন সম্ভব? (প্রয়োগ) [JSC রা. বো. ১৭]
ক বস্ত্র খ কাগজ
গ ঔষধ ঘ চামড়া **ক**

৮৭২. শিল্পায়নের প্রাথমিক পর্যায়ে কোন শিল্পের প্রাধান্য ছিল? (জ্ঞান) [য. বো. ১৯]
ক পাট খ পোশাক
গ চামড়া ঘ বস্ত্র **ঘ**

৮৭৩. বাংলাদেশে অতি অল্প সময়ে কোন শিল্পটি বৃহত্তম রপ্তানিমুখী শিল্পে পরিণত হয়েছে? (জ্ঞান) [মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক চিনিশিল্প খ ঔষধ শিল্প
গ কাগজশিল্প ঘ পোশাকশিল্প **ঘ**

৮৭৪. বাংলাদেশের কোন শিল্পে অধিক লোক কর্মরত আছে? (জ্ঞান) ■ [JSC য. বো. ১৭]
ক কাগজ খ পোশাক
গ চিনি ঘ সার **খ**

৮৭৫. সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জনকারী শিল্প কোনটি? (জ্ঞান) [JSC কু. বো. ১৯]
ক চিংড়ি খ পাট
গ পোশাক ঘ বস্ত্র **গ**

৮৭৬. বাংলাদেশের প্রথম চিনিকল প্রতিষ্ঠিত হয় কত সালে? (জ্ঞান)
ক ১৯৩২ খ ১৯৩৩
গ ১৯৩৪ ঘ ১৯৩৫ **খ**

৮৭৭. বাংলাদেশের প্রথম চিনিকল কোথায় প্রতিষ্ঠিত হয়? (জ্ঞান) ■ [JSC কু. বো. ১৭]
ক জয়পুরহাট খ রাজশাহী
গ দিনাজপুর ঘ নাটোর **ঘ**

৮৭৮. বর্তমানে বাংলাদেশে কয়টি চিনি কল আছে? (জ্ঞান) [JSC দি. বো. ১৭]
ক ১০ খ ১৫
গ ১৭ ঘ ২০ **গ**

৮৭৯. কোন কাগজ কল স্থাপিত হওয়ার মধ্যদিয়ে এদেশে কাগজশিল্পের যাত্রা শুরু হয়? (জ্ঞান) [মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক পাকশী খ কর্ণফুলী
গ খুলনা ঘ মাগুরা **খ**

৮৮০. ১৯৫৩ সালে স্থাপিত কর্ণফুলী কাগজকলে কাগজ তৈরিতে কী ব্যবহার করে কাগজ উৎপাদন শুরু হয়? (জ্ঞান)
ক আখ ও বেত খ বাঁশ ও বেত
গ গাছ ও তুলা ঘ আখ ও বাঁশ **খ**

৮৮১. বাংলাদেশের প্রথম সার কারখানা কত সালে প্রতিষ্ঠিত হয়? (জ্ঞান) [JSC দি. বো. ১৯; য. বো. ১৯]
ক ১৯৪৭ খ ১৯৫১
গ ১৯৫৩ ঘ ১৯৬১ **ঘ**

৮৮২. ফেঞ্চুগঞ্জ সার কারখানার প্রধান কাঁচামাল কোনটি? (জ্ঞান) [JSC ঢা. বো. ১৮]
ক বায়ো গ্যাস খ প্রাকৃতিক গ্যাস
গ স্থানীয় তুলা ঘ হাড়ের গুড়া **খ**

৮৮৩. বাংলাদেশে প্রথম গ্যাসভিত্তিক সার কারখানা প্রতিষ্ঠিত হয় কোথায়? (জ্ঞান) [JSC ব. বো. ১৭]
ক চন্দ্রঘোনা খ ফেঞ্চুগঞ্জ
গ পঞ্চগড় ঘ ছাতক **খ**

৮৮৪. বাংলাদেশে বর্তমানে কয়টি সার কারখানা চালু আছে? (জ্ঞান) ■
ক ৭টি খ ৮টি
গ ৯টি ঘ ১০টি **খ**

৮৮৫. কোন সালে ছাতক সিমেন্ট কারখানা স্থাপিত হয়? (জ্ঞান) [কুমিল্লা জিলা স্কুল]
ক ১৯৩০ খ ১৯৩৫
গ ১৯৪০ ঘ ১৯৪৫ **গ**

৮৮৬. বাংলাদেশের সম্ভাবনাময় শিল্প কোনটি? (অনুধাবন) [য. বো. ১৯]
ক ঔষধ খ সিমেন্ট
গ চামড়া ঘ চা **ক**

৮৮৭. বাংলাদেশের কোন অঞ্চলে প্রচুর চা উৎপাদিত হয়? (জ্ঞান) [JSC য. বো. ১৭; কু. বো. ১৬]
ক চট্টগ্রাম খ সিলেট
গ পঞ্চগড় ঘ রংপুর **খ**

৮৮৮. বাংলাদেশ নিজেদের চাহিদা পূরণ করেও বিদেশে রপ্তানি করে কোনটি? (জ্ঞান) [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
ক কাগজ খ চিনি
গ চা ঘ তুলা **গ**

৮৮৯. বাংলাদেশের নতুন অর্থকরী ফসল কোনটি? (জ্ঞান) [JSC কু. বো. ১৯]
ক পাট খ তুলা
গ চা ঘ তামাক **খ**

৮৯০. বর্তমানে বাংলাদেশে বাণিজ্যিকভাবে কোন অর্থকরী ফসল চাষ শুরু হয়েছে? (জ্ঞান)
ক ধান খ তুলা
গ আখ ঘ গম **খ**

৮৯১. বর্তমানে বাংলাদেশে বৈদেশিক মুদ্রা উপার্জনকারী অন্যতম পণ্য কোনটি? (অনুধাবন) [JSC চ. বো. ১৯]
ক চা খ চামড়া
গ চিংড়ি ঘ ঔষধ **গ**

৮৯২. কোনটিকে 'সাদা সোনা' বলা হয়? (জ্ঞান) ■ [JSC রা. বো., কু. বো. ১৯]
ক চিংড়ি খ চিনি
গ চা ঘ কাগজ **ক**

৮৯৩. মানুষের কোন দিকটি শিল্পায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? (অনুধাবন) [JSC চ. বো. ১৮]
ক প্রত্যাশা খ কর্মপ্রচেষ্টা
গ দায়িত্বশীলতা ঘ আন্তরিকতা **খ**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৮৯৪. শিল্পের বিকাশের জন্য কোনটি প্রয়োজন? (অনুধাবন) /বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা/
ক নগরায়ণ খ নতুন ব্যাংক প্রতিষ্ঠা
গ জনশক্তি রপ্তানি ঘ পুঁজি **ঘ**

৮৯৫. বাংলাদেশে কোন শিল্পের সঙ্গে বিপুল সংখ্যক নারী জড়িত? (জ্ঞান)
ক কুটিরশিল্প খ গার্মেন্টস শিল্প
গ আবাসন শিল্প ঘ ঔষধ শিল্প **খ**

৮৯৬. বাংলাদেশের প্রধান রপ্তানি দ্রব্য কোনগুলো? (অনুধাবন) /বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা/
ক তৈরি পোশাক, পাটজাত দ্রব্য, চা ও চামড়া
খ কাপড়, গম ও চিনি
গ শিশু খাদ্য ও খাদ্য সামগ্রী
ঘ হিমায়িত দ্রব্য, গ্যাস ও তেল **ক**

৮৯৭. জীববৈচিত্র্যের ওপর বিরূপ প্রভাবের কারণ হলো— (অনুধাবন) /আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
i. নদীর তলদেশ ভরাট
ii. ঘরবাড়ি নির্মাণ
iii. রাস্তাঘাট নির্মাণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৮৯৮. গ্রামের লোক শহরমুখী হওয়ার প্রবণতা হ্রাসের উপায় হচ্ছে— /বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-২/
i. যোগাযোগ ব্যবস্থার উন্নতি
ii. কৃষিকাজে উন্নত প্রযুক্তি ব্যবহার
iii. নতুন নতুন পেশার কর্মসংস্থান সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৮৯৯. বাংলাদেশের শিল্পখাত সম্পর্কে বলা যায়— (অনুধাবন)
i. অর্থনীতিতে অবদান সামান্য
ii. GDP'তে অবদান ক্রমশ বৃদ্ধি পাচ্ছে
iii. দেশি বিদেশি উদ্যোক্তারা বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

৯০০. শিল্পের বিকাশে প্রধান ভূমিকা রয়েছে— (অনুধাবন) /JSC দি. বো. '১৭/
i. উদ্যোগ ও পুঁজির
ii. গবেষণা ও অভিজ্ঞতার
iii. বিনিয়োগ ও আমন্ত্রণের
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i, ii ও iii **ঘ**

৯০১. শিল্প ও প্রযুক্তি ব্যবহার করে কৃষকরা এখন— (অনুধাবন) /JSC ব. বো. '১৬/
i. অধিক ফসল ফলাচ্ছে
ii. নিজেদের খাদ্য চাহিদা পূরণ করছে
iii. নিজেদের অন্যান্য চাহিদা পূরণ করছে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i, ii ও iii **ঘ**

নিচের উদ্দীপকটি পড়ে ৯০২ ও ৯০৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
হাসান সাহেবের নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁওয়ে একটি বৃহৎ বাগানবাড়ি আছে। তাতে আম, কাঁঠাল, লিচু, পেয়ারা প্রভৃতি ফলের গাছ এবং মেহগনি, নিম, সেগুন, গজারিসহ নানা প্রজাতির গাছপালা আছে। তিনি মাঝে মাঝে সপরিবারে তাঁর বাগানবাড়িতে বেড়াতে যান। তাঁর ছোটো ছেলে লিমন সব ঘুরে ঘুরে দেখে এবং গাছে আম কাঁঠাল দেখে আনন্দিত হয়। নানা প্রজাতির পাখির কিচিরমিচির শব্দ শুনে সে খুব আনন্দ পায়। সে বাসার তুলনায় এখানে অনেক বেশি ঠান্ডা অনুভব করে। /বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-৩ ও ৪/

৯০২. হাসান সাহেবের বাগানটি কোন প্রাকৃতিক সম্পদের অন্তর্ভুক্ত?
ক বনজসম্পদ খ মৎস্যসম্পদ
গ খনিজসম্পদ ঘ প্রাণিসম্পদ **ক**

৯০৩. আর্থ-সামাজিক অগ্রগতিতে উক্ত সম্পদের গুরুত্বপূর্ণ অবদান হচ্ছে—
i. সুষম খাদ্যের অভাব পূরণ
ii. শিল্পের কাঁচামাল যোগান দেয়া
iii. প্রকৃতির ভারসাম্য রক্ষা করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের উদ্দীপকটি পড়ে ৯০৪ ও ৯০৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:

| | |
|---|---|
| 'A'-শিল্প | কাঁচামাল হিসেবে অনবায়নযোগ্য শক্তি সম্পদ ব্যবহার করে কৃষি উপকরণ তৈরি হচ্ছে। উৎপাদিত উপকরণ ফলন বৃদ্ধিতে সহায়তা করছে। |
| 'B'-শিল্প | কাঁচামাল হিসেবে উদ্ভিদ ব্যবহার করা হচ্ছে। উৎপাদিত পণ্য শিক্ষাক্ষেত্রে ভূমিকা রাখছে। |
| 'C'-শিল্প | কাঁচামাল হিসেবে উদ্ভিদের পাতা সংগ্রহ করা হয়। উৎপাদিত পণ্য যান্ত্রিক পদ্ধতিতে মানুষের খাবার হিসেবে ব্যবহারের উপযোগী করা হচ্ছে। |

/JSC চ. বো. '১৯/

৯০৪. 'A' শিল্প বাংলাদেশের কোন শিল্পকে নির্দেশ করে? (প্রয়োগ)
ক কাগজ খ সিমেন্ট
গ তুলা ঘ সার **ঘ**

৯০৫. বাংলাদেশের 'B' ও 'C' শিল্প অবদান রাখে— (উচ্চতর দক্ষতা)
i. দেশজ উৎপাদনে
ii. দেশের রপ্তানি আয় বৃদ্ধিতে
iii. দেশের অর্ধেক চাহিদা মেটাতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

নিচের অনুচ্ছেদটি পড়ে ৯০৬ ও ৯০৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:
জনাব কাশেম ও জনাব হাশেম দুজনই শুধুমাত্র অর্থ আয়ের জন্য দুটি ফসল উৎপাদন করেন। জনাব কাশেমের ফসলটির জন্য দেশে ব্যাপক অনুকূল মাটি থাকা সত্ত্বেও প্রয়োজনের তুলনায় কম উৎপাদন হয়। কিন্তু জনাব হাশেমের ফসলটির জন্য দেশে উপযুক্ত মাটি খুবই কম থাকা সত্ত্বেও দেশের চাহিদা মিটিয়ে বিদেশে রপ্তানি হয়। /JSC দি. বো. '১৯/

৯০৬. জনাব কাশেমের উৎপাদিত ফসলের নাম কী? (প্রয়োগ)
ক পাট খ তুলা
গ তামাক ঘ চা **খ**

৯০৭. জনাব হাশেমের ফসলটি— (উচ্চতর দক্ষতা)
i. কেবলমাত্র শীতকালে চাষাবাদ হয়
ii. দেশের উত্তর-পূর্বাঞ্চলে মূলত উৎপাদিত হয়
iii. প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে ভোগ করা যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৯০৮ ও ৯০৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
সীমা তার সহপাঠীদের সাথে সিলেটে বেড়াতে যায়। সহপাঠীরা তাকে নিয়ে এমন একটি শিল্প প্রতিষ্ঠানে যায় যা ১৯৪০ সালে প্রতিষ্ঠিত হয়। উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপক তাদেরকে বাংলাদেশে ১২টি এই প্রতিষ্ঠানের মত কারখানা থাকার তথ্য দেন। /JSC য. বো. '১৮/

৯০৮. সীমা কোন শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করেছিল? (প্রয়োগ)
ক সার খ কাগজ
গ ঔষধ ঘ সিমেন্ট **ঘ**

৯০৯. উক্ত শিল্প প্রতিষ্ঠানটি— (উচ্চতর দক্ষতা)
i. খনিজসম্পদ কাঁচামাল হিসেবে ব্যবহার করে
ii. দেশীয় চাহিদার অর্ধেক পূরণ করে
iii. প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

অনুচ্ছেদটি পড়ে ৯১০ ও ৯১১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
সানি চট্টগ্রামে বেড়াতে এসে কর্ণফুলী নদীতে নৌ-ভ্রমণে যায়। পাল তোলা নৌকা ও নদীর পাশ ঘেঁষে গড়ে ওঠা শিল্প প্রতিষ্ঠান পর্যটকদের আকৃষ্ট করে। সাদা সোনার স্বাদও বেশ। সব মিলিয়ে সানির ভালো লাগে। /JSC দি. বো. '১৯/

৯১০. উদ্দীপকে উল্লেখিত 'সুস্বাদু' খাবার কোনটি? (প্রয়োগ)
ক চিংড়ি খ চা
গ ইলিশ ঘ মিঠাই **ক**

৯১১. সানির দেখা নদী ভূমিকা রাখে মানুষের— (উচ্চতর দক্ষতা)
i. প্রোটিনের চাহিদা পূরণে
ii. পণ্যদ্রব্য পরিবহনে
iii. সৌরশক্তি উৎপাদনে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



# ত্রয়োদশ অধ্যায় বাংলাদেশ এবং বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগী সংস্থা

## তথ্যকণিকা

- নির্দিষ্ট অঞ্চলকে ঘিরে গড়ে ওঠা সংস্থা হলো— সার্ক, আসিয়ান, ইউরোপীয় ইউনিয়ন, আফ্রিকান ইউনিয়ন প্রভৃতি।
- UNICEF-এর পূর্ণরূপ— United Nations International Children's Emergency Fund।
- উন্নয়নশীল দেশের শিশুদের সেবা প্রদান করে— ইউনিসেফ।
- মাতৃ ও শিশু স্বাস্থ্য, পুষ্টি ও রোগ প্রতিরোধ, মৌলিক শিক্ষা, স্যানিটেশন ও নারী উন্নয়নের লক্ষ্যে কাজ করে— ইউনিসেফ।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধে ত্রাণ সহযোগিতার উদ্দেশ্যে গঠিত হয়— ইউনিসেফ। *[JSC ব. বো. '১৮]*
- ইউনিসেফ প্রতিষ্ঠিত হয়— ১৯৪৬ সালে।
- ১৯৫০ সালের পর থেকে ইউনিসেফ কাজ করে আসছে— বিশ্বের স্বল্পোন্নত ও উন্নয়নশীল দেশের কল্যাণে।
- ইউনিসেফ-এর সদর দপ্তর অবস্থিত— নিউইয়র্কে। *[JSC ঢ. বো. '১৭]*
- ইউনিসেফ নিয়মিতভাবে বাংলাদেশে মা ও শিশুর উন্নয়নে কাজ করছে— ১৯৭৭ সাল থেকে। *[JSC সি. বো., কু. বো. '১৭]*
- ইউনেস্কো জাতিসংঘের একটি— সামাজিক সংস্থা।
- ইউনেস্কোর পুরো নাম— United Nations Educational Scientific and Cultural Organization.
- ইউনেস্কো প্রতিষ্ঠিত হয়— ১৯৪৬ সালে।
- ইউনেস্কোর সদর দপ্তর অবস্থিত— প্যারিসে। *[বোর্ড বইয়ের নমুনা বহুনির্বাচনি-১]*
- 'জাতিসংঘ শিক্ষা বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা' হলো— UNESCO।
- বর্তমানে ইউনেস্কোর সদস্য সংখ্যা— ১৯৫টি।
- ইউনেস্কোর মূল কাজের ক্ষেত্র— চারটি।
- ইউনেস্কোর মূল কাজের ক্ষেত্রগুলো হলো— শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি যোগাযোগ।
- বাংলাদেশ ইউনেস্কোতে যোগ দেয়— ২৭শে অক্টোবর, ১৯৭২।
- 'বাংলাদেশ ইউনেস্কো কমিশন' গঠিত হয়— ১৯৭৩ সালে।
- বাংলাদেশে ইউনেস্কোর কর্মসূচি বাস্তবায়নে সহায়তা করে— বাংলাদেশ ইউনেস্কো কমিশন।
- বাংলাদেশ থেকে 'নিরক্ষরতা দূরীকরণে' গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে— ইউনেস্কো। *[JSC রা. বো. '১৮]*
- ২১শে ফেব্রুয়ারি 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি লাভ করেছে— ইউনেস্কোর উদ্যোগে।
- ইউএনডিপি গঠিত হয়— ১৯৬৫ সালে। *[JSC ঢ. বো. '১৮]*
- UNDP-এর পূর্ণরূপ— United Nations Development Programme।
- ইউএনডিপির সদর দপ্তর অবস্থিত— নিউইয়র্কে। *[JSC ব. বো. '১৮]*
- ইউএনডিপি কাজ করে প্রধানত— ৬টি ক্ষেত্র নিয়ে।
- ১৯৭২ সাল থেকে বাংলাদেশের উন্নয়নে সহায়তা করছে— ইউএনডিপি।
- বাংলাদেশে দারিদ্র্য দূরীকরণ, গ্রামাঞ্চলে আর্থ-সামাজিক উন্নয়ন, সুশাসন ও গণতন্ত্র প্রতিষ্ঠা ও পরিবেশ উন্নয়নে কাজ করে— UNDP।
- জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা হলো— FAO।
- FAO-এর পূর্ণরূপ— Food and Agriculture Organization।
- FAO প্রতিষ্ঠিত হয়— ১৯৪৫ সালে।
- FAO-এর সদস্য দেশ— ১৯৪টি।
- FAO-এর সদর দপ্তর— ইতালির রোমে। *[বোর্ড বইয়ের নমুনা বহুনির্বাচনি-২]*
- FAO বিশ্বে খাদ্য নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলতে কাজ করছে— ক্ষুধা ও অপুষ্টি দূরীকরণের মাধ্যমে।
- খাদ্য ও কৃষির উন্নয়ন নিয়ে কাজ করে— FAO।
- বাংলাদেশে FAO-এর শাখা অফিস আছে— ঢাকায়।
- আমাদের দেশে প্রায়ই খাদ্য সংকট দেখা দেয়— প্রাকৃতিক দুর্যোগের কারণে।
- খাদ্য নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলতে বাংলাদেশ সরকারকে প্রয়োজনীয় পরামর্শ দেয়— FAO।
- WHO-এর পূর্ণরূপ— World Health Organization. *[JSC দি. বো. '১৮]*
- WHO প্রতিষ্ঠিত হয়— ১৯৪৮ সালের ৭ই এপ্রিল।
- বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর অবস্থিত— জেনেভায়। *[JSC সি. বো. '১৯, ব. বো. '১৭]*
- বিভিন্ন দেশে জনস্বাস্থ্য রক্ষায় একটি সমন্বয়কারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে— WHO। *[JSC ব. বো. '১৮]*
- বিশ্ব স্বাস্থ্য সংস্থা গঠিত হয়— ১৯৪৮ সালের ৭ই এপ্রিল।
- বাংলাদেশে জনস্বাস্থ্য উন্নয়ন ও সংক্রামক ব্যাধি দূর করতে সহায়তা করছে — বিশ্ব স্বাস্থ্য সংস্থা।
- শিশুদের ঘাতক রোগ— ৬টি।
- শিশুদের ৬টি ঘাতক রোগ প্রতিরোধে অবদান রাখে— WHO। *[JSC ব. বো. '১৮]*
- শিশুদের ৬টি ঘাতক রোগ হলো— হাম, ডিপথেরিয়া, টিটেনাস, যক্ষ্মা, পোলিও ও হুপিং কাশি।
- কলেরা ও ডায়রিয়া নিয়ন্ত্রণে অবদান রেখেছে— বিশ্ব স্বাস্থ্য সংস্থা। *[JSC ব. বো. '১৮]*
- UNFPA-এর পুরো নাম— United Nations Population Fund।
- UNFPA প্রতিষ্ঠিত হয়— ১৯৬৯ সালে।
- ইউএনএফপিএ-এর সদর দপ্তর অবস্থিত— নিউইয়র্কে।
- বিশ্বের ১৪০টিরও বেশি দেশ— ইউএনএফপিএ-এর সদস্য।
- উন্নয়নশীল দেশের জনসংখ্যা সংক্রান্ত ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান করা— UNFPA-এর মূল লক্ষ্য।
- জনসংখ্যা নীতি প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা করে— ইউএনএফপিএ।
- নারীর ক্ষমতায়নে কাজ করে— ইউএনএফপিএ। *[JSC ব. বো. '১৯]*
- ইউএনএফপিএ-র সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে চালু হয়েছে— পপুলেশন সায়েন্স বিভাগ।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

[প্রতিটি প্রশ্নের মান-১]

### ■ পাঠ-১, ২ ও ৩: ইউনিসেফ (UNICEF); ইউনেস্কো (UNESCO); ইউএনডিপি (UNDP)

▶ *বোর্ড বই, পৃষ্ঠা-১৩৭, ১৩৭ ও ১৩৮*

৯১২. পৃথিবীতে কয়টি দেশ রয়েছে? (জ্ঞান) *[নিয়মিত সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*
ক) ১৯৪টি খ) ১৯৫টি
গ) ১৯৬টি ঘ) ১৯৭টি — **খ**

৯১৩. পৃথিবীকে শান্তিপূর্ণ ও বাসযোগ্য করে গড়ে তোলার জন্য বিভিন্ন ধরনের আঞ্চলিক সংস্থা গড়ে উঠেছে। এ ক্ষেত্রে নিচের কোনটি আঞ্চলিক সংস্থা নয়? (প্রয়োগ)
ক) সার্ক খ) আসিয়ান
গ) ইউরোপীয় ইউনিয়ন ঘ) ওআইসি — **ঘ**

৯১৪. নিচের কোনটি আন্তর্জাতিক সংস্থা? (অনুধাবন)
ক) ইউনেস্কো খ) আসিয়ান
গ) সার্ক ঘ) আফ্রিকান ইউনিয়ন — **ক**

৯১৫. UNICEF-এর পূর্ণরূপ কোনটি? (জ্ঞান) ☐
ক) The United Nations International Children's Energy Fund
খ) United Nations International Cultural Emergency Fund
গ) United Nations International Children's Emergency Fund
ঘ) United Nations International Children's Emergency Formula — **গ**

৯১৬. শিশুদের সেবা প্রদান করা কোন সংস্থার প্রধান কাজ? (জ্ঞান)
ক) ইউনেস্কো খ) ইউনিসেফ
গ) ইউএনডিপি ঘ) ইউএনএফপিএ — **খ**

৯১৭. কোন সংস্থাটি দ্বিতীয় বিশ্বযুদ্ধে ত্রাণ সাহায্যের লক্ষ্যে গঠিত হয়েছিল? (জ্ঞান) *[JSC ব. বো. '১৮]*
ক) ইউনিসেফ খ) ইউনেস্কো
গ) ইউ.এন.ডি.পি ঘ) ডব্লিউ.এইচ.ও — **ক**

৯১৮. UNICEF কত সালে প্রতিষ্ঠিত হয়? ☐ (জ্ঞান) *[বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*
ক) ১৯৪৬ খ) ১৯৪৭
গ) ১৯৪৮ ঘ) ১৯৪৯ — **ক**

৯১৯. ইউনিসেফ ১৯৫০ সালের পর থেকে কোন ধরনের দেশের শিশুদের কল্যাণে কাজ করছে? (জ্ঞান)
ক) উন্নত খ) অনুন্নত
গ) উন্নয়নশীল ঘ) মধ্যম — **গ**

৯২০. ইউনিসেফ-এর সদর দপ্তর কোথায় অবস্থিত? (জ্ঞান) *[JSC ঢা. বো. '১৭]*
ক) রোম খ) প্যারিস
গ) জেনেভা ঘ) নিউইয়র্ক — **ঘ**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৯২১. কত সালে ইউনিসেফ 'শান্তির' জন্য নোবেল পুরস্কার লাভ করে? (জ্ঞান) [JSC রা. বো. '১৯]
ক) ১৯৪৬ খ) ১৯৫১
গ) ১৯৬৫ ঘ) ১৯৭৭ — গ

৯২২. নিচের কোন সংস্থা ১৯৬৫ সালে শান্তির জন্য নোবেল পুরস্কার লাভ করে? (জ্ঞান)
ক) ইউনিসেফ খ) ইউনেস্কো
গ) ইউ.এন.ডি.পি ঘ) ডব্লিউ.এইচ.ও — ক

৯২৩. ঢাকায় ইউনিসেফের অফিস প্রতিষ্ঠিত হয় কত সালে? (জ্ঞান)
ক) ১৯৪৫ সালে খ) ১৯৪৯ সালে
গ) ১৯৫১ সালে ঘ) ১৯৭৩ সালে — গ

৯২৪. কত সাল থেকে ইউনিসেফ নিয়মিতভাবে এদেশের মা ও শিশুর উন্নয়নে কাজ করছে? (জ্ঞান) [JSC দি. বো. '১৭]
ক) ১৯৪৬ খ) ১৯৫০
গ) ১৯৫১ ঘ) ১৯৭৭ — ঘ

৯২৫. মা ও শিশুর উন্নয়নে কোন সংস্থাটি কাজ করছে? (জ্ঞান) [সরকারি মডেল গার্লস হাই স্কুল, ব্রাহ্মণবাড়িয়া]
ক) ইউনিসেফ খ) ইউনেস্কো
গ) বিশ্ব স্বাস্থ্য সংস্থা ঘ) ইউএনডিপি — ক

৯২৬. UNESCO-এর পূর্ণরূপ কোনটি? ★ (জ্ঞান) [আলহেরা একাডেমী স্কুল এন্ড কলেজ, পাবনা]
ক) United Nations Educational Scientific & Cultural Organization
খ) United Nations Education Scientific & Culture Organization
গ) United Nations Educate Scientifical & Culture Organition
ঘ) United Nation Education Scintifical & Cultant Organized — ক

৯২৭. 'UNESCO' কত সালে প্রতিষ্ঠিত হয়? (জ্ঞান) [JSC ঢা. বো. '১৮]
ক) ১৯৪২ খ) ১৯৪৪
গ) ১৯৪৬ ঘ) ১৯৪৮ — গ

৯২৮. কোনটি 'জাতিসংঘ শিক্ষা বিজ্ঞান ও সংস্কৃতি' সামাজিক সংস্থা? (জ্ঞান)
ক) ইউএনএইচসিআর খ) ইউএনএফপিএ
গ) ইউনেস্কো ঘ) ইউনিসেফ — গ

৯২৯. ইউনেস্কোর সদর দপ্তর কোথায় অবস্থিত? [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-১; সরকারি মডেল গার্লস হাই স্কুল, ব্রাহ্মণবাড়িয়া]
ক) জেনেভা খ) নিউইয়র্ক
গ) হেগ ঘ) প্যারিস — ঘ

৯৩০. ইউনেস্কোর সদস্য দেশ কতটি? (জ্ঞান)
ক) ১৯৩টি খ) ১৯৫টি
গ) ১৯৭টি ঘ) ১৯৯টি — খ

৯৩১. নিচের কোন প্রতিষ্ঠান পৃথিবীর সব মানুষের মধ্যে ন্যায়বিচার, আইনের শাসন ও মানবাধিকারের প্রতি শ্রদ্ধাবোধজাগ্রত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে (অনুধাবন)
ক) FAO খ) UNDP
গ) UNESCO ঘ) UNFPA — গ

৯৩২. নিচের কোন কাজটি ইউনেস্কোর মূল কাজের অর্ন্তভুক্ত নয়? (অনুধাবন)
ক) শিক্ষা খ) বিজ্ঞান
গ) সংস্কৃতি ঘ) স্বাস্থ্য — ঘ

৯৩৩. ইউনেস্কোর মূল কাজের ক্ষেত্র কতটি? ★ (জ্ঞান) [ময়মনসিংহ জিলা স্কুল]
ক) ৬টি খ) ৫টি
গ) ৮টি ঘ) ৪টি — ঘ

৯৩৪. বাংলাদেশে ইউনেস্কো কমিশন গঠিত হয় কত সালে? (জ্ঞান)
ক) ১৯৭২ খ) ১৯৭৩
গ) ১৯৭৪ ঘ) ১৯৭৫ — খ

৯৩৫. বাংলাদেশ থেকে 'নিরক্ষরতা দূরীকরণে' কোন আন্তর্জাতিক সহযোগী সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে? (জ্ঞান) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক) বিশ্ব খাদ্য সংস্থা খ) বিশ্ব স্বাস্থ্য সংস্থা
গ) ইউনেস্কো ঘ) ইউনিসেফ — গ

৯৩৬. কোন আন্তর্জাতিক সংস্থাটি বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষায় কাজ করছে? (জ্ঞান) [JSC ব. বো. '১৭]
ক) FAO খ) UNDP
গ) UNESCO ঘ) UNFPA — গ

৯৩৭. কোন প্রতিষ্ঠানটি অপেক্ষাকৃত আগে প্রতিষ্ঠিত হয়? (অনুধাবন) [JSC দি. বো. '১৯]
ক) UNESCO খ) WHO
গ) UNDP ঘ) UNFPA — ক

৯৩৮. কোন সংস্থার সদস্য সংখ্যা বেশি? (অনুধাবন) [JSC রা. বো. '১৮]
ক) UNESCO খ) FAO
গ) UNFPA ঘ) SAARC — ক

৯৩৯. কোন সংস্থার প্রচেষ্টায় ২১শে ফেব্রুয়ারি এখন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হয়? ★ (জ্ঞান) [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ]
ক) UNDP খ) UNESCO
গ) FAO ঘ) UNFPA — খ

৯৪০. নিচের কোনটি ইউনেস্কোর সাংস্কৃতিক ঐতিহ্যের অন্তর্ভুক্ত? (জ্ঞান)
ক) সুন্দরবন খ) সোমপুর বৌদ্ধবিহার
গ) কক্সবাজার সমুদ্র সৈকত ঘ) চিম্বুক পাহাড় — খ

৯৪১. ইউএনডিপি কত সালে গঠিত হয়? (জ্ঞান) [JSC চ. বো. '১৮]
ক) ১৯৪৬ খ) ১৯৫১
গ) ১৯৬৫ ঘ) ১৯৭৭ — গ

৯৪২. UNDP- এর পূর্ণরূপ কোনটি? (জ্ঞান)
ক) United Nations Development Project
খ) United Nations Development Procedure
গ) United Nations Development Programme
ঘ) United Nations Developed Programme — গ

৯৪৩. UNDP-এর সদর দপ্তর কোথায় অবস্থিত? (জ্ঞান) [ব্রাহ্মন্দী কামিনী কিশোর মৌলিক সরকারি উচ্চ বিদ্যালয়, নরসিংদী]
ক) রোমে খ) নিউইয়র্কে
গ) প্যারিসে ঘ) জেনেভায় — খ

৯৪৪. নিচের কোনটি UNDP- এর প্রধান কাজ? (অনুধাবন)
ক) বিশ্ব থেকে দারিদ্র্য দূরীকরণ খ) সংস্কৃতি ও সাহিত্যের প্রসার
গ) মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়ন ঘ) আইনের শাসন প্রতিষ্ঠা — ক

৯৪৫. ইউএনডিপি'র কাজের ক্ষেত্র কয়টি? ★ (জ্ঞান) [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক) ৪টি খ) ৫টি
গ) ৬টি ঘ) ৭টি — গ

৯৪৬. নিচের কোন কাজটি ইউএনডিপি কাজের ক্ষেত্র নয়? (অনুধাবন)
ক) গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠা খ) দারিদ্র্য দূরীকরণ
গ) পরিবেশ ও এনার্জি সংরক্ষণ ঘ) সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ — ঘ

৯৪৭. বাংলাদেশের উন্নয়নে ইউএনডিপি কত সাল থেকে সহায়তা করে আসছে? (জ্ঞান)
ক) ১৯৭১ খ) ১৯৭২
গ) ১৯৭৩ ঘ) ১৯৭৪ — খ

৯৪৮. ইউএনডিপি বাংলাদেশে কাজ করছে কেন? (অনুধাবন) [দি. বো., রা. বো. '১৯]
ক) স্বাস্থ্যগত সমস্যা দূর করতে
খ) যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে
গ) সুন্দর বাসস্থান নিশ্চিত করতে
ঘ) সংক্রামক রোগ দূর করতে — ঘ

৯৪৯. জাতিসংঘের কোন সংস্থাটি সুশাসন ও গণতন্ত্র প্রতিষ্ঠায় সহায়তা করছে? (জ্ঞান) [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক) FAO খ) UNDP
গ) UNFPA ঘ) UNESCO — খ

৯৫০. ইউনিসেফের কাজের উল্লেখযোগ্য ক্ষেত্রসমূহ হলো— (অনুধাবন)
i. মাতৃ ও শিশু স্বাস্থ্য
ii. প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা
iii. এইডস প্রতিরোধ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — ক

৯৫১. ইউনেস্কো বাংলাদেশে কাজ করছে— (অনুধাবন) [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ]
i. খাদ্য ও কৃষির উন্নয়নে
ii. বিজ্ঞান শিক্ষার উন্নয়নে
iii. সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — গ

৯৫২. 'UNDP' যে কাজ করছে তা হলো— (অনুধাবন) [JSC দি. বো. '১৯]
i. গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠা
ii. গরিব মানুষের অবস্থার পরিবর্তন
iii. নারী-পুরুষের সমতা প্রতিষ্ঠা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — ঘ



Talukdar Academy

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৯৫৩. ইউএনডিপি (UNDP) যেসব ক্ষেত্রে সহযোগিতা করছে সেগুলো হলো— (অনুধাবন) [JSC দি. বো. '১৮]
i. গ্রামাঞ্চলে আর্থ-সামাজিক উন্নয়ন
ii. ক্ষুদে ও প্রান্তিক চাষিদের প্রযুক্তিগত সহায়তা
iii. সুশাসন ও গণতন্ত্র প্রতিষ্ঠা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের উদ্দীপকটি পড়ে ৯৫৪ ও ৯৫৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
পঞ্চাশ বছর বয়সী জামান দৈনন্দিন কাজকর্মের শেষে অক্ষরজ্ঞান অর্জনের জন্য রাতে একটি শিক্ষা কেন্দ্রে যান। [JSC কু. বো. '১৮]

৯৫৪. জামানের অক্ষরজ্ঞান অর্জনে কোন আন্তর্জাতিক সংস্থাটি কাজ করে? (প্রয়োগ)
ক ইউনিসেফ খ ইউএনডিপি
গ ইউনেস্কো ঘ ইউএনএফপিএ **গ**

৯৫৫. উক্ত সংস্থার অবদান— (উচ্চতর দক্ষতা)
i. আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্বীকৃতিতে
ii. সুন্দরবনের ঐতিহ্য সংরক্ষণে
iii. যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯৫৬ ও ৯৫৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:
'X' একটি আন্তর্জাতিক সামাজিক সংস্থা। বাংলাদেশে উক্ত সংস্থা একটি কমিশন গঠন করে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমে বিশেষ ভূমিকা পালন করে আসছে। [JSC কু. বো. '১৮]

৯৫৬. 'X' সংস্থাটির নাম কী? (প্রয়োগ)
ক UNICEF খ UNESCO
গ UNDP ঘ UNFPA **খ**

৯৫৭. বাংলাদেশে উক্ত সংস্থাটি কীভাবে ভূমিকা পালন করে আসছে? (উচ্চতর দক্ষতা)
ক খাদ্য ও পুষ্টি নিশ্চিতকরণ
খ মাতৃ ও শিশু স্বাস্থ্য রক্ষায়
গ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিকাশে
ঘ শিক্ষা ও সাংস্কৃতিক উন্নয়ন **ঘ**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯৫৮ ও ৯৫৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
রাবেয়া ম্যাডাম তার শ্রেণিতে জাতিসংঘের ধারণা দিতে গিয়ে এমন একটি সংস্থা সম্পর্কে ব্যাখ্যা করলেন, যে সংস্থাটি বাংলাদেশের উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়ন ও তদারকি করে থাকে। [JSC ব. বো. '১৮]

৯৫৮. উদ্দীপকে উল্লেখিত সংস্থাটি প্রধানত কয়টি ক্ষেত্র নিয়ে কাজ করে? (প্রয়োগ)
ক ৪ খ ৫
গ ৬ ঘ ৭ **গ**

৯৫৯. উক্ত সংস্থা বাংলাদেশে কাজ করে— (উচ্চতর দক্ষতা)
i. আর্থ-সামাজিক উন্নয়নে
ii. সুশাসন ও গণতন্ত্র প্রতিষ্ঠায়
iii. পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নতিতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯৬০ ও ৯৬১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
একটি আন্তর্জাতিক সংস্থায় কাজ করতে পেরে 'ক' খুবই গর্বিত। কেননা এই সংস্থার সুবাদে তিনি দেশীয় ঐতিহ্যকে বিশ্বের দরবারে তুলে ধরতে পেরেছেন। আবার, 'খ' অন্য একটি আন্তর্জাতিক সংস্থায় কাজের সুবাদে বিভিন্ন দেশের দারিদ্র্য দূরীকরণে ভূমিকা রাখছেন। [JSC চ. বো. '১৮]

৯৬০. উদ্দীপকের 'খ' কোন আন্তর্জাতিক সংস্থায় কর্মরত? (প্রয়োগ)
ক ইউনেস্কো খ ইউনিসেফ
গ ইউএনডিপি ঘ ইউএনএফপিএ **গ**

৯৬১. 'ক' এর সংস্থাটির লক্ষ্য হলো— (উচ্চতর দক্ষতা)
i. বিভিন্ন জাতির মধ্যে সুশাসন প্রতিষ্ঠা করা
ii. পৃথিবীর সব মানুষের মানবাধিকার নিশ্চিত করা
iii. বিভিন্ন জাতির মধ্যে শিক্ষা ও সাংস্কৃতিক সহযোগিতা সৃষ্টি করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

নিচের অনুচ্ছেদটি পড়ে ৯৬২ ও ৯৬৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:
জনাব মুহিদ ক্লাসে এমন একটি বিশ্ব সংস্থা সম্পর্কে আলোচনা করলেন যে সংস্থাটি গঠিত হয় জাতিসংঘ গঠিত হবার ২০ বছর পর এবং প্রধান ৬টি ক্ষেত্র নিয়ে কাজ করে। [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

৯৬২. সংস্থাটির নাম কী? (প্রয়োগ)
ক UNICEF খ UNESCO
গ UNFPA ঘ UNDP **ঘ**

৯৬৩. সংস্থাটির কাজ হলো— (উচ্চতর দক্ষতা)
i. গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠা করা
ii. সংকট মোকাবিলা
iii. পুষ্টি ও রোগ প্রতিরোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

নিচের উদ্দীপকটি পড়ে ৯৬৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:
জনাব 'ক' একটি আন্তর্জাতিক সংস্থায় চাকুরি করেন। তার প্রতিষ্ঠানটি গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। [জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৩]

৯৬৪. জনাব 'ক' কোন আন্তর্জাতিক সংস্থায় কাজ করছেন?
ক ইউনেস্কো খ ইউনিসেফ
গ ইউএনডিপি ঘ বিশ্ব স্বাস্থ্য সংস্থা **গ**

## ■ পাঠ-৪, ৫ ও ৬: বিশ্ব খাদ্য সংস্থা (FAO); বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO); জাতিসংঘ জনসংখ্যা তহবিল (UNFPA)

▶ বোর্ড বই, পৃষ্ঠা-১৩৮, ১৩৯ ও ১৪০

৯৬৫. FAO- এর পূর্ণরূপ কোনটি? (জ্ঞান) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক Food and Agriculture Organization
খ Food and Agricultural Association
গ Food and Agriculture
ঘ Food, Agriculture Orrangenent **ক**

৯৬৬. FAO প্রতিষ্ঠিত হয় কত সালে? (জ্ঞান) [ময়মনসিংহ জিলা স্কুল]
ক ১৯৪৫ সালে খ ১৯৪৬ সালে
গ ১৯৪৮ সালে ঘ ১৯৬৯ সালে **ক**

৯৬৭. FAO- এর সদস্য সংখ্যা কত? ★ (জ্ঞান) [মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক ১৯৪টি খ ১৯৫টি গ ১৯৬টি ঘ ১৯৭টি **ক**

৯৬৮. FAO এর সদর দপ্তর কোথায় অবস্থিত? [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-২]
ক জেনেভা খ নিউইয়র্ক
গ রোম ঘ প্যারিস **গ**

৯৬৯. নিচের কোনটির সদর দপ্তর ইতালির রোমে অবস্থিত? (জ্ঞান) [JSC ঢা. বো., দি. বো. '১৮]
ক WHO খ FAO
গ UNFPA ঘ UNESCO **খ**

৯৭০. FAO বাংলাদেশ সরকারকে প্রয়োজনীয় পরামর্শ দেয় কেন? (অনুধাবন) [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক খাদ্য উৎপাদনের জন্য
খ খাদ্য নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার জন্য
গ আর্থিক সংকট মিটানোর জন্য
ঘ আর্থ-সামাজিক উন্নয়নের জন্য **খ**

৯৭১. প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ছোটো কৃষকদের যন্ত্রচালিত দ্রব্যাদি দিয়ে সহায়তা করে কোন সংস্থাটি? (জ্ঞান) [JSC ঢা. বো. '১৯]
ক WHO খ FAO
গ UNICEF ঘ UNESCO **খ**

৯৭২. WHO- এর পূর্ণরূপ কোনটি? (জ্ঞান) [JSC ঢা. বো. '১৯]
ক World Health Organization
খ World History Organization
গ World Heritage Organization
ঘ World Health Organ **ক**

৯৭৩. নিচের কোন সংস্থাটি বিশ্বের বিভিন্ন দেশে জনস্বাস্থ্য রক্ষায় একটি সমন্বয়কারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে? (জ্ঞান) [JSC ব. বো. '১৮]
ক WHO খ UNESCO
গ UNICEF ঘ UNFPA **ক**

৯৭৪. WHO প্রতিষ্ঠিত হয় কত সালে? (জ্ঞান) [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক ১৯৪৫ খ ১৯৪৮
গ ১৯৫৬ ঘ ১৯৬৯ **খ**

৯৭৫. WHO কী ধরনের প্রতিষ্ঠান? (জ্ঞান) [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক সমন্বয়কারী খ সামাজিক
গ অর্থনৈতিক ঘ রাজনৈতিক **ক**

৯৭৬. বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর কোথায় অবস্থিত? (জ্ঞান) [JSC দি. বো. '১৯, ব. বো. '১৭]
ক রোম খ জেনেভা
গ নিউইয়র্ক ঘ প্যারিস **খ**





Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৯৭৭. বিশ্ব স্বাস্থ্য সংস্থা কয়টি ঘাতক রোগ প্রতিরোধে অবদান রাখছে? (জ্ঞান)
ক ৫টি খ ৬টা
গ ৭টি ঘ ৮টি — খ

৯৭৮. জনাব শাহিন একটি আন্তর্জাতিক সংস্থার স্থানীয় প্রতিনিধি হিসেবে বাংলাদেশে কর্মরত থেকে দেশের সকল মানুষের সর্বোচ্চ স্বাস্থ্য সুবিধা দেওয়ার জন্য কাজ করছেন। জনাব শাহিন কোন সংস্থার প্রতিনিধি? (প্রয়োগ) [JSC দি. বো. ১৬]
ক বিশ্ব স্বাস্থ্য সংস্থা খ ইউনিসেফ
গ ইউনেস্কো ঘ ইউএনডিপি — ক

৯৭৯. WHO নিচের কোন রোগ প্রতিরোধে কাজ করে না? (অনুধাবন)
ক হাম খ ডিপথেরিয়া
গ নিউমোনিয়া ঘ টিটেনাস — গ

৯৮০. কোন সংস্থাটি শিশুদের ছয়টি ঘাতক ব্যাধি দূর করতে অবদান রাখছে? (জ্ঞান) [JSC য. বো. ১৬]
ক WHO খ UNESCO গ UNICEF ঘ UNFPA — ক

৯৮১. শিশুদের কোন ঘাতক রোগটি প্রতিরোধে বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশে কাজ করছে? (জ্ঞান) [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]
ক কালাজ্বর খ আমাশয়
গ হাম ঘ নিউমোনিয়া — গ

৯৮২. কলেরা ও ডায়রিয়া নিয়ন্ত্রণে অবদান রেখেছে কোন সংস্থা? (জ্ঞান) [JSC ব. বো. ১৮]
ক WHO খ FAO গ UNICEF ঘ UNESCO — ক

৯৮৩. জাতিসংঘের বিশেষ সংস্থা ইউএনএফপিএ-এর বাংলা নাম কী? (জ্ঞান) [মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক বিশ্ব খাদ্য সংস্থা খ বিশ্ব স্বাস্থ্য সংস্থা
গ জাতিসংঘ জনসংখ্যা তহবিল ঘ জাতিসংঘ শিশু তহবিল — গ

৯৮৪. UNFPA- এর পূর্বনাম কী? (জ্ঞান)
ক United Nations Population Fund
খ United Nations Fund for Population Activities
গ United Nations Fund Population Association
ঘ United Nations Population Activities — খ

৯৮৫. UNFPA প্রতিষ্ঠিত হয় কত সালে? (জ্ঞান) [সিলেট ক্যাডেট কলেজ]
ক ১৯৪৫ সালে খ ১৯৪৬ সালে
গ ১৯৬৯ সালে ঘ ১৯৭৭ সালে — গ

৯৮৬. কোন সমস্যা মোকাবিলায় ইউএনএফপিএ বাংলাদেশকে সহযোগিতা করছে? (জ্ঞান)
ক মাদকাসক্তি খ নিরক্ষরতা
গ দুর্নীতি ঘ জনসংখ্যা সমস্যা — ঘ

৯৮৭. ইউএনএফপিএ-এর কাজ কোনটি? (জ্ঞান) [দি. বো. ১৬]
ক বিশুদ্ধ পানির ব্যবস্থা খ নারীর ক্ষমতায়ন
গ মৌলিক শিক্ষা ঘ পরিবেশ উন্নয়ন — খ

৯৮৮. আজিজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্স বিভাগের শিক্ষার্থী। তার বিভাগটি কোন আন্তর্জাতিক সংস্থার সাথে সংশ্লিষ্ট? (প্রয়োগ) [ভিকারুননিসা নুন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক FAO খ WHO গ UNFPA ঘ UNDP — গ

৯৮৯. FAO-এর প্রধান লক্ষ্য হলো— (অনুধাবন) [রাজশাহী কামিনী কিশোরামৌলিক সরকারি উচ্চ বিদ্যালয়, নরসিংদী]
i. নারীর ক্ষমতায়ন
ii. ক্ষুধা ও অপুষ্টি দূরীকরণ
iii. জনগণের জীবনমান উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — গ

৯৯০. FAO-এর প্রধান কাজ হলো— (অনুধাবন) [JSC চ. বো. ১৮]
i. মাতৃ ও শিশু স্বাস্থ্যের উন্নতি করা
ii. জীবনযাত্রার মান বৃদ্ধি করা
iii. কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — গ

৯৯১. 'বিশ্ব খাদ্য সংস্থা' কাজ করে— (অনুধাবন) [JSC ব্র. বো. ১৭]
i. কৃষি উৎপাদন বৃদ্ধিতে
ii. জনগণের জীবনমান উন্নয়নে
iii. ক্ষুধা ও অপুষ্টি দূরীকরণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৯৯২. বাংলাদেশে 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' অবদান রাখছে— (অনুধাবন) [JSC য. বো. ১৬]
i. মাতৃ ও শিশু মৃত্যুর হার হ্রাসে
ii. পরিবার ও পরিকল্পনা বাস্তবায়নে
iii. বিশুদ্ধ পানির ব্যবস্থা নিশ্চিতকরণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

৯৯৩. শিশুদের যে ৬টি ঘাতক রোগ প্রতিরোধে বিশ্ব স্বাস্থ্য সংস্থা কাজ করে— (অনুধাবন) [JSC রা. বো. ১৭]
i. হুপিং কাশি, পোলিও, হাম
ii. যক্ষা, টিটেনাস, ডিপথেরিয়া
iii. হাম, ডিপথেরিয়া, চিকুনগুনিয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৯৯৪. UNFPA কাজ করছে— [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-৩]
i. জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে
ii. পরিবার পরিকল্পনাকে বাস্তবায়ন করতে
iii. জনসংখ্যাকে স্বাবলম্বী করতে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i ও iii — খ

নিচের উদ্দীপকটি পড়ে ৯৯৫ ও ৯৯৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:
হানিফ সাহেবের প্রতিবেশী শামীম সাহেবের শিশু সন্তানটি হামে আক্রান্ত হয়। তিনি শিশুটিকে দেখতে গিয়ে জানতে পারেন শামীম সাহেব তার শিশুকে টিকা দেননি। হানিফ সাহেব তখন তাকে জানান যে, মারাত্মক ৬টি রোগের টিকা বিনামূল্যে শিশুদের স্বাস্থ্যরক্ষার জন্য দেয়া হয়। তিনি সময়মতো টিকা দেয়ায় তাঁর সন্তানদের এসব রোগ হয়নি। [বোর্ড বইয়ের নমুনা প্রশ্ন-৪ ও ৫]

৯৯৫. হানিফ সাহেবের বাচ্চাদের সুস্থ থাকার মূলে যে সংস্থাটি কাজ করছে—
ক ইউনেস্কো খ ইউনিসেফ
গ বিশ্ব স্বাস্থ্য সংস্থা ঘ বিশ্ব খাদ্য সংস্থা — গ

৯৯৬. উক্ত সংস্থা কর্তৃক এই প্রকল্প গ্রহণের মূল উদ্দেশ্য কী?
ক বিশ্বের সকল মানুষের জন্য সর্বোচ্চ স্বাস্থ্য সুবিধা নিশ্চিত করা
খ বিশ্বের গ্রামীণ ও দরিদ্র দেশগুলোকে বিনামূল্যে চিকিৎসা সেবা দেয়া
গ তৃতীয় বিশ্বের দেশগুলোতে স্বাস্থ্য সেবা নিশ্চিত করা
ঘ উন্নত দেশ কর্তৃক দরিদ্র দেশকে স্বাস্থ্যগত সুবিধা দেয়া — ক

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯৯৭ ও ৯৯৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:
'A' সংস্থাটির সদস্য সংখ্যা ১৪০টিরও বেশি। সংস্থাটি উন্নয়নশীল দেশকে জনসংখ্যা সমস্যা সমাধানে পরামর্শ দিয়ে থাকে। এজন্য সংস্থাটি ঢাকা বিশ্ববিদ্যালয়ে একটি বিভাগও চালু করেছে। [JSC য. বো. ১৬]

৯৯৭. 'A' সংস্থাটি কোন আন্তর্জাতিক সংস্থাকে নির্দেশ করছে? (প্রয়োগ)
ক UNDP খ UNFPA
গ UNESCO ঘ UNICEF — খ

৯৯৮. সংস্থাটি কাজ করছে— (উচ্চতর দক্ষতা)
i. জনসংখ্যা সমস্যা সমাধান করতে
ii. নারীর ক্ষমতায়ন বৃদ্ধি করতে
iii. পরিবার পরিকল্পনা বাস্তবায়ন করতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

নিচের চিত্রটি দেখে ৯৯৯ ও ১০০০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
১৪০টিরও বেশি দেশ এ সংস্থার সদস্য




উন্নয়নশীল দেশগুলোকে জনসংখ্যা সমস্যা সমাধানে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে। [JSC রা. বো. ১৭]

৯৯৯. 'X' স্থানে কোন আন্তর্জাতিক সংস্থাকে নির্দেশ করছে? (প্রয়োগ)
ক UNDP খ UNFPA
গ UNESCO ঘ FAO — খ

১০০০. উক্ত সংস্থার সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন বিভাগটি চালু হয়েছে? (প্রয়োগ)
ক জার্নালিজম খ ক্রিমিনাল সায়েন্স
গ পপুলেশন সায়েন্স ঘ এনভায়রনমেন্ট সায়েন্স — গ



Visit Our Website: all.talukdaracademy.com.bd